



বাংলা বিভাগ, ভাষাভবন
বিশ্বভারতী, শান্তিনিকেতন

জাতীয় শিক্ষানীতি ২০২০ অবলম্বনে

NIRF-এর নির্দেশিকা অনুযায়ী বিন্যস্ত

১ বছরের বাংলা স্নাতকোত্তর ডিপ্লোমা ও

২ বছরের বাংলা স্নাতকোত্তর পাঠ্যক্রম

২০২৬

CREDIT FRAMEWORK

FOR TWO-YEAR POSTGRADUATE DEGREE PROGRAMME

SEMESTER	400 LEVEL COURSES	500 LEVEL COURSES	RESEARCH	TOTAL CREDIT
SEMESTER – I	5 X 4 = 20		-	20
SEMESTER – II	1 X 4 = 4	4 X 4 = 16	-	20
YEAR 1	6 X 4 = 24	4 X 4 = 16	-	40
SEMESTER – III	-	5 X 4 = 20	-	20
SEMESTER – IV	-		1 X 20 = 20	20
YEAR 2	6 X 4 = 24	9 X 4 = 36	1 X 20 = 20	40
AFTER SUCCESSFUL COMPLETION OF TWO YEAR (FOUR SEMESTER) STUDENTS WILL BE AWARDED PG DEGREE				

FOR ONE YEAR POSTGRADUATE DIPLOMA PROGRAMME

SEMESTER	400 LEVEL COURSES	500 LEVEL COURSES	RESEARCH	TOTAL CREDIT
SEMESTER – I	5 X 4 = 20	-	-	20
SEMESTER – II	5 X 4 = 20	-	-	20
YEAR 1	10 X 4 = 40	-	-	40
AFTER SUCCESSFUL COMPLETION OF ONE YEAR (TWO SEMESTER) STUDENTS WILL BE AWARDED POSTGRADUATE DIPLOMA				

১ বছরের বাংলা স্নাতকোত্তর ডিপ্লোমা ও

২ বছরের বাংলা স্নাতকোত্তর পাঠ্যক্রম

প্রস্তাবনা (Preamble)

বাংলা সাহিত্য কেবল একটি ভাষাভিত্তিক সাহিত্যধারা নয়; এটি দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহৎ ঐতিহাসিক, সাংস্কৃতিক ও জ্ঞানতাত্ত্বিক ঐতিহ্যের ধারক। মধ্যযুগীয় লোকায়ত সংস্কৃতি, ভক্তি ও সুফি ভাবধারা, ঔপনিবেশিক আধুনিকতা, জাতীয়তাবাদ, সমাজসংস্কার আন্দোলন, দেশভাগ, প্রগতিশীল সাহিত্যচর্চা, দলিত ও নারীবাদী লেখনী, এবং সমকালীন বিশ্বায়ন ও ডিজিটাল সংস্কৃতি—সমস্ত কিছুর সম্মিলিত রূপ বাংলা সাহিত্যকে একটি বহুমাত্রিক অধ্যয়নের ক্ষেত্রে পরিণত করেছে।

বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ক স্নাতকোত্তর পাঠ্যক্রমটি এমনভাবে নির্মিত, যাতে বাংলা সাহিত্যকে কেবল পাঠ্যবস্তুরূপে নয়, বরং ইতিহাস, সমাজ, দর্শন, ভাষা, সংস্কৃতি, রাষ্ট্র, মতাদর্শ ও জ্ঞানতত্ত্বের আন্তঃসম্পর্কের মধ্য দিয়ে বিশ্লেষণ করা যায়। এই পাঠ্যক্রমের মূল লক্ষ্য বাংলা ভাষা-সাহিত্যকে পাঠ, চর্চা, সমালোচনা ও গবেষণার মধ্যবর্তিতায় দেশীয় জ্ঞানতত্ত্ব ও আন্তর্জাতিক তাত্ত্বিক পরিকল্পের বহুমাত্রিক ক্ষেত্রগুলির সঙ্গে যুক্ত করা।

প্রাক-ঔপনিবেশিক, ঔপনিবেশিক ও উপনিবেশোত্তর বাংলা সাহিত্যের ধারাবাহিক পাঠের পাশাপাশি এই পাঠ্যসূচিতে ভাষাবিজ্ঞান, প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব, ভারতীয় জ্ঞানতত্ত্ব, গবেষণাপদ্ধতি, আন্তঃবিষয়ক সাহিত্যচর্চা, প্রান্তিক সাহিত্য, লোকসংস্কৃতি, পরিবেশচিন্তা, সমাজতত্ত্ব, দর্শন ও তুলনামূলক সাহিত্যচর্চার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। একই সঙ্গে সম্পাদনা, পুনর্লিখন, অভিযোজন ও সমালোচনার মতো দক্ষতা নির্ণায়ক প্রসঙ্গ অন্তর্ভুক্ত করে শিক্ষার্থীর প্রয়োগক্ষমতা বিকাশ ও কর্মসংস্থানের দিকেও লক্ষ রাখা হয়েছে।

এই পাঠ্যক্রমের উদ্দেশ্য এমন শিক্ষার্থী ও গবেষক গড়ে তোলা, যারা বাংলা সাহিত্যকে কেবল নন্দনতাত্ত্বিক ক্ষেত্র হিসেবে নয়, বরং সমাজ-ইতিহাস ও সাংস্কৃতিক বাস্তবতার একটি সক্রিয় ও সমালোচনামূলক পরিমার্গ হিসেবে বিচার করতে সক্ষম হবে।

উদ্দেশ্য (Programme Objectives)

- বাংলা সাহিত্যের প্রাক-ঔপনিবেশিক, ঔপনিবেশিক ও উপনিবেশোত্তর ধারার ইতিহাস, প্রবণতা ও নন্দনতাত্ত্বিক বিশেষত্ব সম্পর্কে সুগভীর জ্ঞান অর্জন করানো।
- বাংলা সাহিত্যকে ইতিহাস, সমাজ, দর্শন, ভাষা, সংস্কৃতি ও জ্ঞানতত্ত্বের আন্তঃসম্পর্কের মধ্যে বিশ্লেষণ করার সক্ষমতা গড়ে তোলা।
- প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব এবং সমালোচনা-পদ্ধতির সাহায্যে সাহিত্যপাঠ ও বিশ্লেষণের দক্ষতা তৈরি করা।

- বাংলা সাহিত্যচর্চার সঙ্গে ভারতীয় জ্ঞানতন্ত্র ও দেশীয় বৌদ্ধিক ঐতিহ্যের সম্পর্ক অনুধাবন করানো।
- গবেষণাপদ্ধতি, তথ্যসংগ্রহ, পাঠসমালোচনা, গবেষণা-রচনা ও বিদ্যায়তনিক উপস্থাপনার দক্ষতা বিকাশ করা।
- সম্পাদনা, পুনর্লিখন, অভিযোজন ও সমালোচনার মাধ্যমে শিক্ষার্থীদের ব্যবহারিক ও পেশাগত দক্ষতা বৃদ্ধি করা।
- বাংলা সাহিত্যকে আঞ্চলিক, জাতীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে বিচার করার জন্য তুলনামূলক ও আন্তঃবিষয়ক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা।
- শিক্ষার্থীদের মধ্যে স্বাধীন চিন্তা, সমালোচনামূলক বিশ্লেষণ, সাংস্কৃতিক সংবেদনশীলতা ও মানবিক মূল্যবোধ বিকাশ করা।
- উচ্চতর গবেষণা, শিক্ষাদান, সম্পাদনা, অনুবাদ, সাংস্কৃতিক সাংবাদিকতা ও অন্যান্য সাহিত্য-সংশ্লিষ্ট পেশার জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করা।

ফলপরিণাম (Programme Outcomes)

- বাংলা সাহিত্যের বিভিন্ন যুগ, ধারা ও সাহিত্যিক প্রবণতার ঐতিহাসিক ও তাত্ত্বিক ভিত্তি ব্যাখ্যা করতে সক্ষম হবে।
- সাহিত্যপাঠের ক্ষেত্রে প্রাচ্য ও পাশ্চাত্য সমালোচনাতত্ত্ব প্রয়োগ করে বিশ্লেষণধর্মী পাঠ উপস্থাপন করতে পারবে।
- বাংলা সাহিত্যকে সমাজ, ইতিহাস, দর্শন, ভাষা ও সংস্কৃতির বৃহত্তর প্রেক্ষাপটে বিচার করতে পারবে।
- আন্তঃবিষয়ক পদ্ধতির মাধ্যমে বাংলা সাহিত্যচর্চার নতুন ক্ষেত্র ও গবেষণার সম্ভাবনা চিহ্নিত করতে পারবে।
- গবেষণা-প্রকরণ অনুসরণ করে স্বতন্ত্র গবেষণাপত্র ও সন্দর্ভ রচনা করতে সক্ষম হবে, যুক্তিনির্ভর আলোচনা ও সমালোচনামূলক লেখালেখিতে দক্ষতা অর্জন করবে।
- সম্পাদনা, পুনর্লিখন, সমালোচনা ও সাহিত্য-রূপান্তরের ক্ষেত্রে ব্যবহারিক দক্ষতা অর্জন করবে।
- বাংলা ভাষা ও সাহিত্যের সাংস্কৃতিক বৈচিত্র্য, আঞ্চলিক বৈশিষ্ট্য ও সামাজিক বাস্তবতা সম্পর্কে সুস্পষ্ট ধারণা লাভ করবে।
- উচ্চশিক্ষা, গবেষণা, শিক্ষাদান, প্রকাশনা, অনুবাদ, সাংস্কৃতিক প্রশাসন ও সৃজনশীল শিল্পক্ষেত্রে পেশাগতভাবে সক্ষম হয়ে উঠবে।

সামগ্রিক রূপরেখা

প্রথম বর্ষ NIrF Level 7				
সেমিস্টার	কোর্সের ধরন	কোর্স কোড	কোর্সের নাম	ক্রেডিট
Sem I	Core	BNG401	প্রাক-ঔপনিবেশিক বাংলা সাহিত্য : ইতিহাস ও সংস্কৃতি	4
	Core	BNG402	প্রাক-ঔপনিবেশিক বাংলা সাহিত্য : নির্বাচিত পাঠ	4
	Core	BNG403	ভাষাবিজ্ঞান তত্ত্ব ও চর্চা	4
	Core	BNG404	ভারতীয় সাহিত্যতত্ত্ব : সমালোচনা পদ্ধতি ও প্রয়োগ	4
	Core	BNG405	রবীন্দ্রসাহিত্য : নির্বাচিত পাঠ	4
Sem II (Exit with PG Diploma Degree)	Core	BNG406	পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব : সমালোচনা পদ্ধতি ও প্রয়োগ	4
	Core	BNG407	ঔপনিবেশিক পর্বের বাংলা সাহিত্য : ইতিহাস ও আধুনিকতা	4
	Core	BNG408	স্বাধীনতা-পরবর্তী বাংলা সাহিত্য : ইতিহাস ও সমাজবাস্তবতা	4
	Core	BNG409	স্বাধীনতা-পূর্ববর্তী আধুনিক বাংলা সাহিত্য : নির্বাচিত পাঠ	4
	Core	BNG410	স্বাধীনতা-পরবর্তী বাংলা সাহিত্য : নির্বাচিত পাঠ	4
Sem II	Core	BNG406	পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব : সমালোচনা পদ্ধতি ও প্রয়োগ	4
	Core	BNG501	ঔপনিবেশিক পর্বের বাংলা : ইতিহাস ও সাহিত্যের পটভূমিকা	4
	Core	BNG502	স্বাধীনতা-উত্তর বাংলা : ইতিহাস ও সাহিত্যের পটভূমিকা	4
	Core	BNG503	স্বাধীনতা-পূর্ববর্তী আধুনিক বাংলা সাহিত্য : নির্বাচিত পাঠ	4
	Core	BNG504	স্বাধীনতা-পরবর্তী বাংলা সাহিত্য : নির্বাচিত পাঠ	4
দ্বিতীয় বর্ষ NIrF Level 7.5				
Sem III	Core (Research)	BNG505	বাংলাবিদ্যাচর্চা : প্রবেশক ও ভিত্তিমূলক পাঠ	4
	Discipline Specific Elective (Any One)	BNG506A	লোকসংস্কৃতি ও লোকসাহিত্য	4
		BNG506B	বহির্বঙ্গের বাংলা সাহিত্য	4
		BNG506C	সাহিত্য ও ভাষাপ্রকল্পে বাংলাদেশের আত্মানুসন্ধান	4
		BNG506D	বাংলা অনুবাদে ভারতীয় সাহিত্য	4
		BNG506E	বাংলা অনুবাদে বিশ্বসাহিত্য	4

		BNG506F	বাংলা নাটক ও রঙ্গমঞ্চ	4
	Discipline Specific Elective (Any One)	BNG507A	বাংলা দেশভাগের সাহিত্য	4
		BNG507B	প্রগতি আন্দোলন ও বাংলা সাহিত্য	4
		BNG507C	বাংলা দলিত সাহিত্য	4
		BNG507D	মানবীবিদ্যা এবং বাংলা সমাজ ও সাহিত্য	4
		BNG507E	রবীন্দ্রনাথের চিন্তা ও কর্মজগৎ	4
		BNG507F	বাঙালির চিন্তাজগৎ ও বাংলা প্রবন্ধ	4
		BNG507G	আখ্যানতত্ত্ব, বাংলা আখ্যান ও প্রয়োগ	4
	Discipline Specific Elective (Any One)	BNG508A	বাংলা সাহিত্য ও ইতিহাসবিদ্যা	4
		BNG508B	আন্তর্বিদ্যায়তনিক পরিপ্রেক্ষিত ও বাংলা সাহিত্য	4
		BNG508C	বাংলা ভাষায় তুলনামূলক সাহিত্যচর্চা	4
		BNG508D	বাঙালির ভাষাচিন্তা ও চর্চা	4
		BNG508E	বৈষ্ণবতা : ইতিহাস ও সাহিত্য	4
		BNG508F	সুফি ও ইসলামি বাংলা সাহিত্য	
		BNG508G	প্রকৃতি, পরিবেশচিন্তা ও বাংলা সাহিত্য	4
	Skill Integrated (Any One)	BNG509A	বাংলা সাহিত্য : রূপান্তর, অভিযোজন ও পুনর্লিখন	4
		BNG509B	শিল্প ও সাহিত্য : পরিগ্রহণ, মূল্যায়ন ও সমালোচনা	4
Sem IV	Research	BNG510	গবেষণা প্রকরণ ও গবেষণা সন্দর্ভ রচনা	20

প্রথম বর্ষ

সেমেস্টার ১

কোর্স কোড : BNG401

প্রাক-ঔপনিবেশিক বাংলা সাহিত্য : ইতিহাস ও সংস্কৃতি

উদ্দেশ্য : ১। সমাজ ও সংস্কৃতির নিরবচ্ছিন্ন বিবর্তনের প্রেক্ষিতে ইতিহাস ও সাহিত্যের সম্পর্ক বিষয়ে ধারণা দেওয়া।

২। প্রাক-ঔপনিবেশিক সাহিত্যশাখাগুলির সমাজতাত্ত্বিক অধ্যয়ন।

শিক্ষণপদ্ধতি : নির্বাচিত পাঠের মাধ্যমে রাজনীতি, অর্থনীতি ও সমাজতত্ত্বের সঙ্গে সাহিত্যের আন্তঃসম্পর্ক আলোচনাসূত্রে প্রাক-ঔপনিবেশিক সাহিত্যকে বুঝে নেওয়া হবে।

মূল্যায়ন : মূলত মৌখিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে ধারাবাহিকভাবে মূল্যায়ন করা হবে।

ফলপরিণাম : ১। শিক্ষার্থীরা প্রাক-ঔপনিবেশিক পর্বের বাংলা সাহিত্যের সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষিত সম্বন্ধে অবগত হবে।

২। মধ্যযুগের বাঙালির সমাজ-সংস্কৃতি-রাজনীতির বিভিন্ন বিষয়ে ধারণা জন্মাবে।

৩। মধ্যযুগের সংস্কৃতির বিভিন্ন উপাদান বিষয়ে সচেতন হবে।

কোর্সের বিবরণ

একক ১

প্রাক-ঔপনিবেশিক পর্বের বঙ্গভাষীর সামাজিক-সাংস্কৃতিক ইতিহাস: রাজনৈতিক ইতিহাসের পরিপ্রেক্ষিতে (পাল আমল, সেন আমল, ইসলামের আগমন: অষ্টাদশ শতাব্দী পর্যন্ত বিভিন্ন দেশীয় রাজাদের কথা— রাজন্যবর্গ ও রাজসভার সাহিত্য সংস্কৃতি)

একক ২

বৌদ্ধ, বৈষ্ণব ও শাক্ত সাহিত্য ধারা: সংঘাত-সমন্বয়ের ইতিহাস (চূর্ণপদ বা পদাবলি ধারায় বিষয়গত দিক দিয়ে দ্বন্দ্ব ও সমন্বয়)

একক ৩

অনুবাদ-কাব্য ও মঙ্গলকাব্য: সংঘাত-সমন্বয়ের প্রতিফলন (কৃত্তিবাসী রামায়ণের লঙ্কাকাণ্ডের সূত্রে রামভক্তিবাদের বিশেষ পাঠ, হাসান-হোসেন পালার ক্রমবিবর্তনের মাধ্যমে হিন্দু-মুসলমানের দ্বন্দ্ব-সমন্বয়)

একক ৪

ইসলামি ও সুফি-সাহিত্য: সংঘাত-সমন্বয়ের প্রতিফলন (তুর্কিয়ানা থেকে সুফিয়ানা)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অতুল সুর, বাঙলা ও বাঙালীর বিবর্তন
আশুতোষ ভট্টাচার্য, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস
আহমদ শরীফ, বাঙালী ও বাংলা সাহিত্য
গোপাল হালদার, সংস্কৃতির বিশ্বরূপ
গোপাল হালদার, সংস্কৃতির রূপান্তর
বিষ্ণুপদ ভট্টাচার্য, ভারতীয় ভক্তিসাহিত্য
ডঃ মুহম্মদ এনামুল হক, বঙ্গে সুফী প্রভাব
রমেশচন্দ্র মজুমদার, বাংলা দেশের ইতিহাস
রজনীকান্ত চক্রবর্তী, গৌড়ের ইতিহাস
রমাকান্ত চক্রবর্তী, বঙ্গে বৈষ্ণবধর্ম
রমাকান্ত চক্রবর্তী, বাঙালির ধর্ম, সমাজ ও সংস্কৃতি
রাখালদাস বন্দ্যোপাধ্যায়, বাঙ্গালার ইতিহাস (অখণ্ড)
সুনীতিকুমার চট্টোপাধ্যায়, বাঙ্গালীর সংস্কৃতি
সতীন্দ্রমোহন চট্টোপাধ্যায়, বাংলার সামাজিক ইতিহাসের ভূমিকা

কোর্স কোড : BNG402

প্রাক-ঔপনিবেশিক বাংলা সাহিত্য (নির্বাচিত পাঠ)

উদ্দেশ্য: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য বহু-বিচিত্র জীবন দর্শন থেকে উদ্ভূত। তার বিশিষ্ট রূপ দেবনির্ভরতা ও দেব-মানবের মানস সম্মিলন। ফলত অতিপ্রাকৃত বিশ্বাস ও জীবন সংগ্রাম, আধ্যাত্মিক চেতনা ও বস্তুজীবন নির্ভরতা; মর্ত্য বাসী মানুষের ঐহিক আকাঙ্ক্ষা—এসবই প্রাক-ঔপনিবেশিক পর্বের বাংলা সাহিত্যের আধারস্বরূপ। দেব নির্ভর সাহিত্য পাঠের মাধ্যমে সমকালীন বাংলা ও বাঙালির সমাজ- সংস্কৃতির বহু ব্যাপ্ত রূপরেখা অনুপুঞ্জরূপে বিশ্লেষণ এই কোর্সের মূল উদ্দেশ্য।

শিক্ষণ পদ্ধতি: বস্তুত মধ্যযুগের ধর্ম বিষয়ক বাংলা সাহিত্যের নিবিড় পাঠ ও পর্যালোচনা এই পর্বে বিস্তারিত করা হবে। সেই সঙ্গে নানা সম্প্রদায় - গৌণসম্প্রদায় কেন্দ্রিক জীবন দর্শন অনুধাবনের জন্য বর্তমান সময়ের প্রেক্ষাপটে প্রয়োজন অনুযায়ী ক্ষেত্রসমীক্ষার সাহায্য গ্রহণ করা হবে। নানা উপসম্প্রদায়ের ধর্মবিশ্বাস ও দর্শন চিন্তা, ভাব সংঘাত ও সমন্বয়ের স্বরূপ এই পর্যায়ে ছাত্র ছাত্রীদের কাছে উদ্ঘাটিত হতে পারে, বাঙালি ও বাঙলার আবহমান সারস্বত সাধনার ধারা নানা পদ্ধতি অবলম্বনে উন্মোচন করা হবে।

কোর্সের বিবরণ

একক ১

বৈষ্ণব পদাবলি: পাঁচ শত বৎসরের পদাবলী (নির্বাচিত)/ হরেকৃষ্ণ মুখোপাধ্যায়, বৈষ্ণব পদাবলী (নির্বাচিত)

একক ২

মঙ্গল কাব্য: কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল/ ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল

একক ৩

অনুবাদ সাহিত্য: কাশীদাসী মহাভারত (প্রথম ৪টি পর্ব)/জঙ্গনামা

একক ৪

নাথ সাহিত্য: 'গোরক্ষবিজয়'/ ময়নামতী ও গোপীচন্দ্রের গান

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অমলেন্দু মিত্র, *রাঢ়ের সংস্কৃতি ও ধর্মঠাকুর*

আশুতোষ ভট্টাচার্য, *বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস*

ক্ষুদিরাম দাস, *বৈষ্ণব রস প্রকাশ*

কল্যাণী মল্লিক, *নাথ সম্প্রদায়ের ইতিহাস, দর্শন ও সাধন প্রণালী*

গীতা চট্টোপাধ্যায়, *বাংলা সাহিত্যে ভাগবত*

পরিতোষ দাস, *সহজিয়া ও গৌড়ীয় বৈষ্ণব ধর্ম*

বুদ্ধদেব বসু, *মহাভারতের কথা*

রবীন্দ্রজ্ঞান চট্টোপাধ্যায়, *কৃষ্ণকথায় মালাধর ও মাধব*

শঙ্করীপ্রসাদ বসু, *চণ্ডীদাস ও বিদ্যাপতি*

সুখময় ভট্টাচার্য, *মহাভারতের সমাজ*

সুখময় মুখোপাধ্যায়, *বাংলার নাথ সাহিত্য*

Ramakanta Chakraborty, *Vaishnavism in Bengal*

কোর্স কোড : BNG403

ভাষাবিজ্ঞান তত্ত্ব ও চর্চা

উদ্দেশ্য : এই কোর্সের উদ্দেশ্য হলো ভাষাবিজ্ঞানের ইতিহাসের প্রেক্ষাপটে ভাষাবিজ্ঞানের তত্ত্বসমূহ কীভাবে বিকশিত হয়েছে তা অন্বেষণ করা। ভাষাবিজ্ঞানের নির্দিষ্ট কিছু ব্যক্তিত্ব এবং ভাষাতাত্ত্বিক চিন্তাধারার বিভিন্ন ধারার উপর বিশেষ আলোকপাত করে অর্থবিজ্ঞানের মৌলিক ধারণাগুলোর সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেওয়া, অর্থবিজ্ঞান ও ভাষাবিজ্ঞানের মধ্যকার সম্পর্ক অন্বেষণ করা এবং বিভিন্ন সংকেত ব্যবস্থার অর্থতাত্ত্বিক বিশ্লেষণের জন্য প্রয়োজনীয় তাত্ত্বিক উপকরণগুলো শেখা। মনোভাষাবিজ্ঞানের মৌলিক ধারণা ও তত্ত্বসমূহের সঙ্গেও শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেওয়া, যার মাধ্যমে ভাষার মনস্তাত্ত্বিক দিক, মস্তিষ্কে ভাষা কীভাবে অর্জিত ও প্রক্রিয়াজাত হয় এবং গবেষণামূলক মনোভাষাবিজ্ঞান অধ্যয়নের পরীক্ষামূলক দিকটিও অধ্যয়ন করতে পারবে শিক্ষার্থীরা। ভাষাতত্ত্বের পাঠটিকে আরো আকর্ষণীয় ও হাতেকলমে শেখানোর জন্য ক্ষেত্রসমীক্ষার করে ভাষা তথ্য সংগ্রহের কৌশলের সাথে পরিচয় করিয়ে দেওয়া, যেখানে গুণগত পদ্ধতির উপর বিশেষ আলোকপাত করা হবে। সেই সঙ্গে শিক্ষার্থীদের ভাষা পরিকল্পনার ধারণা দিয়ে বাংলা ভাষার ওপর আলোকপাত করে একটি ভাষার পরিকল্পিত ব্যবস্থার সঙ্গে পরিচিত করানো।

শিক্ষনপদ্ধতি : একপাক্ষিক বক্তৃতাকেন্দ্রিক পদ্ধতির সঙ্গে সঙ্গে শিক্ষার্থীদের হাতে কলমে ভাষা নমুনা সংগ্রহের জন্য ক্ষেত্রসমীক্ষার মাধ্যমে শিক্ষাদান করা হবে।

মূল্যায়ন : লিখিত ও মৌখিক পরীক্ষা পদ্ধতির পাশাপাশি ক্ষেত্রসমীক্ষা, কর্মশালা, সেমিনার উপস্থাপনা ও অভ্যন্তরীণ মূল্যায়নের ব্যবস্থা গৃহীত হবে।

ফলপরিণাম : এই কোর্সটি অধ্যয়নের ফলে শিক্ষার্থীদের ভাষিক দক্ষতা, অর্থজ্ঞান ও ভাষিক কারিগরি জ্ঞান লাভ হবে যা শিক্ষার্থীদের নিয়োগযোগ্যতার অধিকারী তুলতে সমর্থ হবে।

কোর্সের বিবরণ

একক ১ : ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস ও বিভিন্ন ভাষা প্রস্থান

প্রাচ্য ধারা; পাণিনি, যাস্ক, কাত্যায়ন, পতঞ্জলি, ভর্তৃহরি

পাশ্চাত্য ধারা; গ্রাফ, ভারো, রাস্ক, প্রাগ স্কুল, কোপেনহেগেন স্কুল, মস্কো স্কুল, লন্ডন স্কুল, আমেরিকান স্কুল

একক ২ : অর্থবিজ্ঞান

ভাষাবিজ্ঞান ও অর্থবিজ্ঞানের সম্পর্ক; সসুরের চিহ্ন তত্ত্ব; অর্থবিজ্ঞানের শাখাসমূহ: (জ্ঞানীয়, সামাজিক, চিত্রভিত্তিক); অর্থবিজ্ঞানের প্রয়োগ (সাহিত্য, শিক্ষা, বিজ্ঞাপন ও বিপণন)

একক ৩ : মনোভাষাবিজ্ঞান

ইতিহাস ও বিকাশ; ভাষা পরিকল্পনা, ভাষা উৎপাদন, ভাষা উপলব্ধি ও মানবমস্তিস্কের গঠন। ভাষাগত ব্যাধি: অ্যাফেসিয়া, ডিসলেক্সিয়া, এসএলআই (SLI)

একক ৪ : ক্ষেত্র ভাষাবিজ্ঞান ও ভাষা পরিকল্পনা

তথ্য সংগ্রহের পদ্ধতি ও উপকরণ; তথ্য বিশ্লেষণ ও উপস্থাপন; ভাষাপরিকল্পনার উদ্দেশ্য ও ভাষাপরিকল্পনার ধারা; ভাষাপরিকল্পনার বিভিন্ন স্তর ও বাংলা ভাষা পরিকল্পনা

নির্বাচিত গ্রন্থপঞ্জি

ড. নীলিমা চক্রবর্তী ও ড. উদয়কুমার চক্রবর্তী, ভাষাচর্চা ও ভাষাপ্রস্থান

মুহাম্মদ আসাদুজ্জামান, ভাষাদর্শনের ইতিবৃত্ত

আবুল কালাম মনজুর মোরশেদ, আধুনিক ভাষাতত্ত্ব

হুমায়ুন আজাদ, অর্থবিজ্ঞান

বিজনবিহারী ভট্টাচার্য, বাগর্থ

রমাপ্রসাদ দাস, শব্দ ও অর্থ: শব্দের দর্শন

জাহাঙ্গীর তারেক, শব্দার্থবিজ্ঞানের ভূমিকা

মনসুর মুসা, ভাষা-পরিকল্পনার সমাজভাষাতত্ত্ব

মৃণাল নাথ, ভাষা ও সমাজ

কোর্স কোড : BNG404

ভারতীয় সাহিত্যতত্ত্ব: সমালোচনা পদ্ধতি ও প্রয়োগ

উদ্দেশ্য: ভারতীয় সাহিত্যতত্ত্ব ভারতীয় জ্ঞানতন্ত্রের খুবই গুরুত্বপূর্ণ অংশ। এই অংশটিতে সাহিত্য সমালোচনার ক্ষেত্রে ভারতীয় অলঙ্কারশাস্ত্রীদের অবদান সম্বন্ধে ঐতিহাসিক ও তাত্ত্বিক দিক থেকে পড়ুয়ারা জ্ঞানার্জন করবে। প্রাচীন ভারতীয় সাহিত্যতত্ত্বের সঙ্গে বঙ্গদেশে মধ্যযুগের বৈষ্ণব সাহিত্যতাত্ত্বিকদের ভাবনার প্রতিতুলনা, ঊনবিংশ ও বিংশ শতাব্দীর বাঙালি চিন্তকদের ভারতীয় সাহিত্যতত্ত্ব সম্বন্ধে প্রতিক্রিয়া এই পাঠ্যসূচির অংশ। এছাড়াও পাশ্চাত্য চিন্তকরা পাঠক-প্রতিক্রিয়াকে আধুনিক সময়ে যেভাবে বুঝেছেন তার সঙ্গে ভারতীয় রসতত্ত্বে আদর্শ অনুশীলিত পাঠক বলতে যা বোঝানো হত দুয়ের তুলনা করা হবে।

ফলপরিণাম: ভারতীয় জ্ঞানতত্ত্বে ও তুলনামূলক সাহিত্যতত্ত্বে পড়ুয়াদের অধিকার প্রতিষ্ঠিত হবে।

মূল্যায়ন: প্রচলিত মূল্যায়ন ব্যবস্থার পাশাপাশি পড়ুয়াদের ভারতীয় সাহিত্যতত্ত্ব বিষয়ে আলোচনা সভায় মতামত প্রদান করতে হবে।

কোর্সের বিবরণ

একক ১ : ভারতীয় অলঙ্কার শাস্ত্রের ইতিহাস

ভরত-পূর্ব পর্ব, ভরত থেকে আনন্দবর্ধন পূর্ববর্তী অলঙ্কারশাস্ত্রীদের প্রাথমিক পরিচয়, বিশেষ পাঠ : আনন্দবর্ধন ও অভিনবগুপ্তের পরিচয়; সামাজিক ইতিহাস, দার্শনিক মতাদর্শ ও ধর্ম ভাবনার সঙ্গে অলঙ্কারশাস্ত্রীদের মতাদর্শের যোগ।

একক ২ : রসতত্ত্ব ও অলঙ্কারশাস্ত্রের নির্বাচিত পাঠ

ভরতের রসসূত্র, ভরতের রসসূত্রের অভিনবগুপ্ত পূর্ববর্তী ব্যাখ্যাকর্তাদের মতামত, অভিনবগুপ্তের ভরতভাষ্য।
কুন্তক: বক্রোক্তি।

একক ৩ : তুলনামূলক ভাবনার আলোকে ভারতীয় রসতত্ত্ব

ভারতীয় নবরসের সঙ্গে বৈষ্ণবীয় পঞ্চরসের তত্ত্বগত তুলনা।
'সহৃদয় রসিক' তত্ত্বের সঙ্গে রোলাঁ বার্তের 'লেখকের মৃত্যু' ভাবনার তুলনা।

একক ৪ : ভারতীয় রসতত্ত্ব ও আধুনিক প্রতিক্রিয়া

ঊনবিংশ ও বিংশ শতাব্দীতে বাঙালি চিন্তকদের ভারতীয় সাহিত্যতত্ত্ব সম্বন্ধে মতামত। (বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, প্রমথ চৌধুরী, অতুলচন্দ্র গুপ্ত, যতীন্দ্রনাথ সেনগুপ্ত, শ্যামাপদ চক্রবর্তী।)

সহায়ক গ্রন্থ ও প্রবন্ধ

অতুলচন্দ্র গুপ্ত, কাব্যজিজ্ঞাসা, বিশ্বভারতী, ১৩৫৫ বঙ্গাব্দ
অবন্তীকুমার সান্যাল, ভারতীয় কাব্যতত্ত্ব, প্রজ্ঞাবিকাশ, ১৯৯৫
প্রমথ চৌধুরী, প্রবন্ধ সংগ্রহ, প্রথম খণ্ড, বিশ্বভারতী, ১৯৫২
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, বঙ্কিম রচনাবলী, দ্বিতীয় খণ্ড, সাহিত্য সংসদ, ১৩৬১ বঙ্গাব্দ

বিষ্ণুপদ ভট্টাচার্য, ভারতীয় ভক্তি সাহিত্য, লেখাপড়া, ১৯৬১

নগেন্দ্র, রস সিদ্ধান্ত, ভারতী ভবন, ১৯৭০

যতীন্দ্রনাথ সেনগুপ্ত, কাব্য পরিমিতি, রসচক্র সাহিত্য সংসদ, ১৩৩৮ বঙ্গাব্দ

রবীন্দ্রনাথ ঠাকুর, আধুনিক সাহিত্য, বিশ্বভারতী, আষাঢ় ১৩৯৪

সাহিত্য, বিশ্বভারতী, ১৯৫৮

রূপ গোস্বামী, উজ্জ্বলনীলমণি, বহরমপুর, রাধারমণ যন্ত্র, ১২৯৫ বঙ্গাব্দ

শ্যামাপদ চক্রবর্তী, অলঙ্কার-চন্দ্রিকা, ইন্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং প্রাইভেট লিমিটেড, ১৩৬৩

Golam Murshid(ed), The Heart of a Rebel Poet: Letters of Michael Madhusudan Dutt,

Oxford University Press, 2004

Roland Barthes, Image Music Text, Hill and Wang, 1977

Sheldon Pollock, A Rasa Reader, Columbia University Press, 2016

কোর্স কোড : BNG405

রবীন্দ্রসাহিত্য : নির্বাচিত পাঠ

একক ১

গোরা/ যোগাযোগ/ গল্পগুচ্ছ (নির্বাচিত ৬-টি)

একক ২

মানসী/ গীতাঞ্জলি/ নবজাতক

একক ৩

মালিনী/ রাজা/ রক্তকরবী

একক ৪

কালান্তর/ পারস্যে (নির্বাচিত)/মানুষের ধর্ম

সেমেস্টার ২

কোর্স কোড : BNG406

পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব: সমালোচনা পদ্ধতি ও প্রয়োগ

উদ্দেশ্য : ভারতীয় সাহিত্যতত্ত্ব বিষয়ে প্রাথমিক তথ্য ও জ্ঞান সংগ্রহের পর পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব বিষয়ে প্রাথমিক পরিচয় প্রদানের জন্য এই কোর্সের পরিকল্পনা করা হয়েছে। প্রাচীন গ্রিক রোমান সাহিত্যতত্ত্ব থেকে শুরু করে সাম্প্রতিক কালে সাহিত্য ও মানবিকবিদ্যায় ব্যবহৃত তাত্ত্বিক প্রবণতার সঙ্গে পড়ুয়াদের প্রাথমিক পরিচয় ঘটবে।

ফলপরিণাম : তুলনামূলক সাহিত্য পাঠের উপযুক্ত মনোভঙ্গি গড়ে উঠবে।

মূল্যায়ন : প্রথাগত মূল্যায়নের পাশাপাশি পড়ুয়াদের আলোচনা সভায় অভিসন্দর্ভ পাঠ করতে হবে।

কোর্সের বিবরণ

একক ১ : পাশ্চাত্যের ধ্রুপদি সাহিত্যতত্ত্ব

গ্রিক ও রোমান সাহিত্য সমালোচক (থুকিডাইডিস, প্লেটো, অ্যারিস্টটল, হোরেস, মার্কাস কুইন্টিলিনাস, সিসেরো [যে-কোনো ৩ জন])

একক ২ : পাশ্চাত্যের আধুনিক সাহিত্যতত্ত্ব

রোমান্টিক সাহিত্যতত্ত্ব (জার্মানি, ইংল্যান্ড ও ফ্রান্সের চিন্তকদের ভাবনা ও তুলনা), মার্কসীয় সাহিত্যতত্ত্ব ও নন্দনতত্ত্ব, ফ্রাঙ্কফুর্ট স্কুলের চিন্তকবৃন্দ ও তাঁদের নন্দন ভাবনা

একক ৩ : তত্ত্ব ও পরিভাষা

এনলাইটেনমেন্ট র‍্যাশানালিটি, গ্র্যান্ড ন্যারেটিভ, ডিকন্স্ট্রাকশন, ডিসকোর্স, ওরিয়েন্টালিজম, হাইব্রিডিটি, দ্য সাবঅলটার্ন, মিমিক্রি, ডিজিটাল হিউম্যানিটিজ, পোস্ট ট্রুথ

একক ৪ : পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সমালোচনা পদ্ধতির পরিগ্রহণ

ক. মাইকেল মধুসূদন দত্ত, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে, নীরেন্দ্রনাথ রায় (যে-কোনো ২ জন)

খ. রণজিৎ গুহ, জ্যোতি ভট্টাচার্য, দেবেশ রায়, শিশিরকুমার দাশ, গায়ত্রী চক্রবর্তী স্পিভাক, রামকৃষ্ণ ভট্টাচার্য (যে-কোনো ২ জন)

সহায়ক গ্রন্থ ও প্রবন্ধ

Andrew Arato & Eric Gebhardt (ed) *The Essential Frankfurt School Reader*, Urizen Books, New York, 1978

Arthur Symons, *The Romantic Movement in English Poetry*, E.P.Dutton & Company, 1909

Bill Ashcroft Et al. (ed) *The Post Colonial Studies Reader*, Routledge, 2024

C.M.Bowra, *Romantic Imagination*, Oxford University Press, 1949

G.M.A. Grube, *Greek and Roman Critics*, Methuen & Co, 1965

Johana Drucker Et al. (ed) *Introduction to Digital Humanities*, 2014

Michael Ferber, *Romanticism: A Very Short Introduction*, Oxford University Press, 2010

Ranajit Guha, *A Subaltern Studies Reader: 1986-1995*, Oxford University Press, 2000

Raymond Williams, *Marxism and Literature*, Oxford University Press, 1977

কোর্স কোড : BNG501

ঔপনিবেশিক পর্বের বাংলা : ইতিহাস ও সাহিত্যের পটভূমিকা

একক ১ : ঔপনিবেশিক পর্বে নবজাগ্রত বাঙালি মন

- ক. মধ্যবিত্ত বাঙালির মনে নতুন চেতনার উন্মেষ : বাঙালি মধ্যবিত্তের নতুন সংজ্ঞা; বাঙালির আত্মপরিচয়ের অনুসন্ধান, ধর্মভেদে বাঙালির আত্ম পরিচয়ের স্বাতন্ত্র্য; বাঙালি নারীর নবজাগরণ; বাংলার রেনেসাঁস হয়েছে কি হয়নি?
- খ. কলকাতার উত্থান, নগরায়নের নতুন ধারণার বৈশিষ্ট্য ও অভিঘাত : বাণিজ্যের নতুন সংস্কৃতি ও অর্থনৈতিক ব্যবস্থার পরিবর্তন; বাঙালি ভদ্রলোক শ্রেণির উদ্ভব; ভদ্রলোক শ্রেণির চারিত্র্যবৈশিষ্ট্য, ভদ্রলোক শ্রেণির পৃষ্ঠপোষকতায় নতুনতর সংস্কৃতির জন্ম
- গ. পাশ্চাত্য শিক্ষার বিস্তার ও বাঙালি মনের নবরূপায়ন : পাশ্চাত্য যুক্তিবাদ ও বাঙালি মন; ঔপনিবেশিক শিক্ষাপ্রকল্প ও ভারতীয় শিক্ষাপদ্ধতির মধ্যে দ্বন্দ্ব ও সমন্বয়
- ঘ. বাঙালির মননচর্চার ক্রমবিকাশ : বিজ্ঞানচেতনা; ইতিহাসচেতনা; প্রাচীন ভারতবর্ষীয় সংস্কৃতির পুনর্মূল্যায়ন; মুদ্রণসংস্কৃতির আবির্ভাব ও বাঙালির পাঠ-অভ্যাসে নতুন রূপ

একক ২ : ঔপনিবেশিক পর্বে বাঙালির সমাজ ও ধর্ম

- ক. পাশ্চাত্য শিক্ষার প্রভাব : দেশীয় সমাজ ও ধর্ম পরিমণ্ডলে নবচেতনা
- খ. ব্রাহ্মআন্দোলন ও হিন্দু পুনরুজ্জীবন
- গ. সম্প্রদায়গত, জাতিগত ও অন্যান্য পরিপ্রেক্ষিতে সামাজিক সচলতার প্রকারভেদ
- ঘ. সামাজিক এবং ধর্মীয় আন্দোলনের প্রেক্ষাপটে বাঙালির সমাজের নতুন বিন্যাস

একক ৩ : বাঙালির রাষ্ট্রচিন্তা

- ক. পাশ্চাত্য রাষ্ট্রচেতনা এবং বাংলার নতুন রাষ্ট্রচেতনার উন্মেষ
- খ. বাংলায় রাষ্ট্রিক আলাপ-আলোচনা ও সাহিত্যে তার প্রতিফলন; বিভিন্ন সভাসমিতির কার্যকলাপ
- গ. বাঙালির জাতীয়তাচেতনা ও হিন্দু জাতীয়তাবাদের উত্থান
- ঘ. বাঙালির স্বাধীনতা আন্দোলন ও তার রাষ্ট্রনৈতিক চেতনার বিবর্তন

একক ৪ : আধুনিকতার উন্মেষ ও বাঙালি সংস্কৃতি

- ক. বিজ্ঞান, দর্শন ও শিল্পকলায় পাশ্চাত্যে নতুন চেতনার বিকাশ ও শিল্প-সাহিত্যআন্দোলন : বিশ শতকে বাঙালি-চেতনায় অভিঘাত।
- খ. সংবাদমাধ্যম, চলচ্চিত্র, বেতার এবং অন্যান্য নতুন প্রযুক্তির আগমন; নগরায়ণ, মধ্যবিত্ত সমাজ ও সাংস্কৃতিক পুনর্বিন্যাস; আন্তর্জাতিক যোগাযোগের বিস্তার এবং বহির্বিশ্বের সঙ্গে ভারতের সম্পর্ক।
- গ. দুটি বিশ্বযুদ্ধের মধ্যবর্তী পর্বে বাঙালির নিজস্ব চেতনার সংঘাতময় অস্তিত্বের স্বরূপ : বাংলা সাহিত্যে প্রতিক্রিয়া
- ঘ. সমাজতান্ত্রিক মতাদর্শ ও প্রগতি সাহিত্য সঙ্ঘ; দ্বিতীয় বিশ্বযুদ্ধ, দুর্ভিক্ষ, সাম্প্রদায়িকতা ও দেশভাগের পটভূমিকায় বাঙালির সাহিত্য-সংস্কৃতি

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অলোক রায় , উনিশ শতক

গোলাম মুরশিদ, *সংকোচের বিহীনতা আধুনিকতার অভিঘাতে বঙ্গরমণীর প্রতিক্রিয়া (১৮৪৯-১৯০৫)*

বিনয় ঘোষ, সাময়িকপত্রে বাংলার সমাজ চিত্র (১-৫ খণ্ড)

রমেশচন্দ্র মজুমদার, *বাংলা দেশের ইতিহাস*, তৃতীয় খণ্ড [আধুনিক যুগ]

রাখালচন্দ্র নাথ, উনিশ শতকের ভাবসংঘাত ও সমন্বয়

রাজনারায়ণ বসু, *রাজনারায়ণ বসুর আত্মচরিত*

শিবনাথ শাস্ত্রী, আত্মচরিত

শিবনাথ শাস্ত্রী, *রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ*

সুমন্ত বন্দ্যোপাধ্যায়, *উনিশ শতকের কলকাতা ও সরস্বতীর ইতর সন্তান*

স্বপন বসু, *বাংলায় নবচেতনার ইতিহাস*

Amiya P. Sen, Hindu revivalism in Bengal, 1872-1905 Some essays in interpretation

Bipinchandra Pal, *Brahmo Samaj and Battle of Swaraj in India*

Borthwick, Meredith, The Changing Role of Women in Bengal, 1849-1905

David Kopf, *British Orientalism and the Bengal Renaissance: The Dynamics of Indian Modernization*

John McGuire, The Making of a Colonial Mind: A Quantitative Study of the Bhadrakol in Calcutta, 1857-1885

Subrata Dasgupta, *The Bengal Renaissance: Identity and Creativity from Rammohun Roy to Rabindranath Tagore*

Sivanath Sastri, *History of the Brahmo Samaj*, Sadharan Brahmo Samaj

Susabhan Sarkar, *On Bengal Renaissance*

কোর্স কোড : BNG502

স্বাধীনতা-উত্তর বাংলা : ইতিহাস ও সাহিত্যের পটভূমিকা

উদ্দেশ্য : এই কোর্সের উদ্দেশ্য স্বাধীনতা-উত্তর বাংলা সাহিত্যকে বৃহত্তর সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক প্রেক্ষাপটে অনুধাবন করা। নব্য-উপনিবেশবাদ, বিশ্বায়ন, বাজারব্যবস্থার পরিপ্রেক্ষিতে নানা সাহিত্য আন্দোলন এবং বাংলা সাহিত্যের প্রধান প্রবণতাগুলির সঙ্গে শিক্ষার্থীদের পরিচিত করে সাহিত্য ও সমাজবাস্তবতার আন্তঃসম্পর্ক বিশ্লেষণের সক্ষমতা গড়ে তোলাই এই কোর্সের প্রধান লক্ষ্য।

ফলপরিণাম : এই কোর্স সম্পন্ন করার পর শিক্ষার্থীরা স্বাধীনতা-উত্তর বাংলা সাহিত্যের প্রধান ধারা, আন্দোলন ও প্রবণতাসমূহ ব্যাখ্যা করতে পারবে; সাহিত্যকে ইতিহাস, সমাজ, রাজনীতি ও সংস্কৃতির পারস্পরিক সম্পর্কের আলোকে বিশ্লেষণ করতে সক্ষম হবে; এবং সমকালীন বাংলা সাহিত্য সম্পর্কে স্বাধীন গবেষণা ও সমালোচনামূলক পর্যালোচনার দক্ষতা অর্জন করবে।

শিক্ষণ-পদ্ধতি : এই কোর্সে বক্তৃতাভিত্তিক পাঠদানের পাশাপাশি প্রকল্পভিত্তিক উপস্থাপনা, নির্বাচিত সাহিত্যপাঠের নিবিড় বিশ্লেষণ, দলগত আলোচনা, পাঠ-প্রতিবেদন প্রস্তুতি এবং প্রয়োজনীয় ডিজিটাল উপকরণের ব্যবহারকে উৎসাহিত করা হবে, যাতে শিক্ষার্থীরা সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বিশ্লেষণমূলক ও সমালোচনামূলক দক্ষতা অর্জন করতে পারে।

মূল্যায়ন-পদ্ধতি : শিক্ষার্থীদের মূল্যায়ন বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বিধি অনুযায়ী ধারাবাহিক অভ্যন্তরীণ মূল্যায়ন এবং সেমিস্টার-শেষ লিখিত পরীক্ষার মাধ্যমে সম্পন্ন হবে। প্রয়োজনে পাঠ-প্রতিবেদন বা প্রকল্পভিত্তিক মূল্যায়নও অন্তর্ভুক্ত করা যেতে পারে।

কোর্সের বিবরণ

একক ১ : স্বাধীনতা-উত্তর পশ্চিমবঙ্গের সামাজিক-সাংস্কৃতিক ইতিহাস: রাজনৈতিক ঘটনাসূত্রের পরিপ্রেক্ষিতে

- ক. দেশভাগ, উদ্বাস্তুস্রোত ও নতুন পশ্চিমবঙ্গ
- খ. সাধারণ নির্বাচন ও পশ্চিমবঙ্গের সংসদীয় গণতন্ত্র (কংগ্রেস, যুক্তফ্রন্ট ও বামফ্রন্ট পর্ব)
- গ. স্বাধীনতা পরবর্তী নানা গণ-আন্দোলন ও রাজনৈতিক সংস্কৃতি
- ঘ. আন্তর্জাতিক ঘটনাক্রম (ঠান্ডা লড়াই, ভারত-চীন সংঘাত, ভিয়েতনাম যুদ্ধ, বাংলাদেশ মুক্তিযুদ্ধ, সোভিয়েত পতন ও বিশ্বায়ন) এবং পশ্চিমবঙ্গের চিন্তাজগৎ

একক ২ : নব্য-উপনিবেশবাদ : প্রতিক্রিয়া ও প্রতিরোধ

- ক. নব্য-উপনিবেশিক বাস্তবতার সাহিত্যিক প্রতিফলন : প্রতিরোধ, প্রতিবাদ ও বিকল্প বয়ান
- খ. ইতিহাস, স্মৃতি ও বিকল্প আখ্যানের সাহিত্যিক নির্মাণ
- গ. শ্রেণি, জাতি, লিঙ্গ ও পরিচয়-রাজনীতির নতুন বিন্যাস: নিম্নবর্গ, প্রান্তিক জনগোষ্ঠী, আদিবাসী সমাজ ও বিকল্প সাহিত্যিক অভিব্যক্তি
- ঘ. ইউরোকেন্দ্রিক চিন্তার সমালোচনা, ভারতীয় উত্তরাধুনিক চেতনা ও বাংলা সাহিত্যে বহুস্বরিক আখ্যানরীতি

একক ৩ : স্বাধীনতা-উত্তর বাংলা সাহিত্য আন্দোলন

- ক. কৃতিবাস আন্দোলন ও নতুন কাব্যভাষা
- খ. হাংরি আন্দোলন : নন্দনচেতনা, বিদ্রোহ ও বিতর্ক
- গ. কয়েকটি বিকল্প সাহিত্য আন্দোলনের সামাজিক ভিত্তি ও সাহিত্যদর্শন (শ্রুতি, শাস্ত্রবিরোধী ও নিম্ন সাহিত্য আন্দোলন)
- ঘ. গ্রুপ থিয়েটার আন্দোলন : সমাজ, রাজনীতি ও নাট্যচর্চা
- ঙ. লিটল ম্যাগাজিন আন্দোলন : বিকল্প সাহিত্য-পরিসরের নির্মাণ

একক ৪ : বিশ্বায়ন, বাজার ও সাম্প্রতিক বাংলা সাহিত্য

- ক. ভারতে উদারীকরণ নীতি, বিশ্বায়ন ও পরিবর্তিত সামাজিক বাস্তবতা
- খ. তথ্যপ্রযুক্তি, ডিজিটাল সংস্কৃতি, সামাজিক মাধ্যম ও নতুন পাঠকসমাজ
- গ. বাজার অর্থনীতি, প্রকাশনা শিল্প ও বিশ্বায়নের যুগে সাহিত্য

ঘ. সাম্প্রতিক বাংলা সাহিত্যের প্রধান প্রবণতা

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অমলেন্দু সেনগুপ্ত, *জোয়ার ভাটার ষাট-সত্তর*

অঞ্জন সেন-উদয়নারায়ণ সিংহ, *ইউরোকেন্দ্রিকতা ও শিল্প-সাহিত্য*

গুরচরণ দাস, *অনাবদ্ধ ভারত*

গৌতম ভদ্র-পার্থ চট্টোপাধ্যায়, *নিম্নবর্গের ইতিহাস*

বিপান চন্দ্র, *ভারতবর্ষ স্বাধীনতার পরে*

রামচন্দ্র গুহ, *গান্ধী উত্তর ভারত*

সন্দীপ দত্ত, *বাংলা গল্প কবিতা আন্দোলনের তিন দশক*

Edward Said, *Orientalism*

Eric Hobsbawm, *The Age of Extremes: The Short Twentieth Century, 1914-1991*

Jaya Chatterjee, *Shadows at Noon: The South Asian Twentieth Century*

কোর্স কোড : BNG503

স্বাধীনতা-পূর্ববর্তী আধুনিক বাংলা সাহিত্য : নির্বাচিত পাঠ

উদ্দেশ্য : ঔপনিবেশিক পর্বে বাংলা সাহিত্যের বিকাশ, রূপান্তর ও বহুমাত্রিক প্রবণতার সঙ্গে শিক্ষার্থীদের পরিচিত করানো এই কোর্সের প্রধান উদ্দেশ্য। উনিশ ও বিংশ শতকের বাংলা কবিতা, নাটক, উপন্যাস ও ছোটগল্পের নির্বাচিত পাঠের মাধ্যমে ঔপনিবেশিক আধুনিকতা, জাতীয়তাবাদ, সমাজসংস্কার, কৃষক ও প্রান্তিক জীবনের উপস্থাপন, ব্যক্তি-চেতনার বিকাশ এবং সাহিত্যরূপের পরিবর্তন বিশ্লেষণ করা হবে। পাশাপাশি সাহিত্যিক পাঠকে তার সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপটের সঙ্গে যুক্ত করে সমালোচনামূলক পাঠ ও গবেষণামুখী অনুধাবনের দক্ষতা গড়ে তোলাই এই কোর্সের লক্ষ্য।

ফলপরিণাম : এই কোর্স সম্পন্ন করার পর শিক্ষার্থীরা ঔপনিবেশিক পর্বের বাংলা সাহিত্য ও তার ঐতিহাসিক-সাংস্কৃতিক প্রেক্ষাপট সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জন করবে। কবিতা, নাটক, উপন্যাস ও ছোটগল্পের রূপগত বৈশিষ্ট্য এবং বিষয়গত প্রবণতাগুলি সমালোচনামূলকভাবে বিশ্লেষণ করতে সক্ষম হবে। সাহিত্যপাঠের মাধ্যমে জাতীয়তাবাদ, ঔপনিবেশিকতা, সমাজসংস্কার, শ্রেণি ও লিঙ্গ-প্রশ্লসহ বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক বিষয়ের প্রতিফলন মূল্যায়ন করতে পারবে। একই সঙ্গে পাঠ-সমালোচনা, তুলনামূলক বিশ্লেষণ, গবেষণামূলক রচনা এবং সেমিনার উপস্থাপনার প্রাথমিক দক্ষতা অর্জন করবে।

শিক্ষণপদ্ধতি : বক্তৃতাভিত্তিক পাঠদান, নিবিড় পাঠ (Close Reading), পাঠ্যগ্রন্থ ও সহায়ক সমালোচনামূলক রচনার আলোচনা, শিক্ষার্থীদের অনুসন্ধানভিত্তিক পাঠ-প্রতিক্রিয়া (Response Paper) রচনা, দলগত আলোচনা এবং গবেষণামুখী অ্যাসাইনমেন্টের মাধ্যমে কোর্সটি পরিচালিত হবে। প্রয়োজনে আর্কাইভাল উপাদান, সাময়িকপত্র এবং সমকালীন সমালোচনামূলক নিবন্ধও আলোচনায় অন্তর্ভুক্ত করা হবে।

কোর্সের বিবরণ

একক ১ : কবিতা

ক. অরুণকুমার মুখোপাধ্যায়, ঊনবিংশ শতাব্দীর গীতিকবিতা (ঈশ্বরচন্দ্র গুপ্ত, মধুসূদন দত্ত, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, বিহারীলাল চক্রবর্তী, অক্ষয়চন্দ্র চৌধুরী, বলদেব পালিত, গোবিন্দচন্দ্র দাস, অক্ষয়কুমার বড়াল, দেবেন্দ্রনাথ সেন, মানকুমারী বসু, কামিনী রায়) (৩ জন কবির ৬-টি কবিতা)

খ. বুদ্ধদেব বসু, আধুনিক বাংলা কবিতা (দ্বিজেন্দ্রলাল রায়, মোহিতলাল মজুমদার, যতীন্দ্রনাথ সেনগুপ্ত, সত্যেন্দ্রনাথ দত্ত, নজরুল ইসলাম, জীবনানন্দ দাশ, সুধীন্দ্রনাথ দত্ত, অমিয় চক্রবর্তী, প্রেমেন্দ্র মিত্র, বুদ্ধদেব বসু, বিষ্ণু দেসমর সেন ,) (৩ জন কবির ৬-টি কবিতা)

একক ২ : নাটক

মধুসূদন দত্ত, বুড় সালিকের ঘাড়ে রোঁ/ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, অলীকবাবু/ মীর মশাররফ হোসেন, জমীদার দর্পণ/ গিরিশচন্দ্র ঘোষ, জনা/ দ্বিজেন্দ্রলাল রায়, চন্দ্রগুপ্ত/ ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, আলিবাবা/ শচীন্দ্রনাথ সেনগুপ্ত, গৈরিক পতাকা

একক ৩ : উপন্যাস (যে-কোনো ১টি)

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, আনন্দমঠ/ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, শ্রীকান্ত (প্রথম পর্ব)/ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, পথের পাঁচালী/ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, ধাত্রীদেবতামানিক / বন্দ্যোপাধ্যায়, জননী/ সতীনাথ ভাদুড়ী, জাগরী

একক ৪ গল্প

প্রভাতকুমার মুখোপাধ্যায়, প্রমথ চৌধুরী, বনবিহারী মুখোপাধ্যায়, নরেশচন্দ্র সেনগুপ্ত, দীনেশরঞ্জন দাশ, নিরুপমা দেবী, পরশুরাম, জগদীশ গুপ্ত, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, অচিন্ত্যকুমার সেনগুপ্ত, প্রেমেন্দ্র মিত্র, মানিক বন্দ্যোপাধ্যায়, বুদ্ধদেব বসু ,প্রবোধকুমার সান্যাল, নারায়ণ গঙ্গোপাধ্যায়, বনফুল, বিভূতিভূষণ মুখোপাধ্যায়, আশালতা সিংহ (নির্বাচিত ৬ জন গল্পকারের যে-কোনো ৬-টি)

কোর্স কোড : BNG504

স্বাধীনতা-পরবর্তী বাংলা সাহিত্য : নির্বাচিত পাঠ

উদ্দেশ্য : এই কোর্সের উদ্দেশ্য স্বাধীনতা-পরবর্তী বাংলা সাহিত্যের প্রতিনিধিত্বান্বিত কবিতা, নাটক, উপন্যাস ও ছোটগল্পের নির্বাচিত পাঠের মাধ্যমে বাংলা সাহিত্যের প্রধান নন্দনতাত্ত্বিক, সামাজিক ও ঐতিহাসিক প্রবণতার সঙ্গে শিক্ষার্থীর পরিচিত করানো। বিভিন্ন সাহিত্যধারা, আখ্যানরীতি, ভাষা-নিরীক্ষা এবং ব্যক্তি, সমাজ ও ইতিহাসের আন্তঃসম্পর্কের আলোকে সাহিত্যপাঠ ও সমালোচনামূলক বিশ্লেষণের দক্ষতা গড়ে তোলাই এই কোর্সের প্রধান লক্ষ্য।

ফলপরিণাম : এই কোর্স সম্পন্ন করার পর শিক্ষার্থীরা স্বাধীনতা-পরবর্তী বাংলা সাহিত্যের প্রতিনিধিত্বান্বিত কবি, নাট্যকার, উপন্যাসিক ও গল্পকারদের রচনা বিশ্লেষণ করতে সক্ষম হবে; বিভিন্ন সাহিত্যধারা ও আখ্যানরীতির বৈশিষ্ট্য শনাক্ত ও মূল্যায়ন করতে পারবে; সাহিত্যপাঠের মাধ্যমে সমকালীন সমাজ, ইতিহাস ও সংস্কৃতির বহুমাত্রিক প্রতিফলন ব্যাখ্যা

করতে পারবে; এবং নিবিড় পাঠ, তুলনামূলক বিশ্লেষণ ও গবেষণামুখী সাহিত্যসমালোচনার প্রাথমিক দক্ষতা অর্জন করবে।

শিক্ষণ-পদ্ধতি : এই কোর্সে নিবিড় পাঠ (close reading)-ভিত্তিক শ্রেণিশিক্ষণের পাশাপাশি প্রকল্পভিত্তিক উপস্থাপনা, দলগত আলোচনা, পাঠ-প্রতিক্রিয়া, তুলনামূলক বিশ্লেষণ এবং প্রয়োজনে অডিও-ভিডুয়াল ও ডিজিটাল শিক্ষাসামগ্রীর ব্যবহার করা হবে। শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ ও সমালোচনামূলক সাহিত্যপাঠকে বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

মূল্যায়ন : বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বিধি অনুযায়ী ধারাবাহিক অভ্যন্তরীণ মূল্যায়ন এবং সেমিস্টার-শেষ লিখিত পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে। প্রয়োজনে নিবিড় পাঠভিত্তিক বিশ্লেষণমূলক উত্তর ও মৌখিক উপস্থাপনাকেও মূল্যায়নের অংশ হিসেবে বিবেচনা করা যেতে পারে।

কোর্সের বিবরণ

একক ১ : কবিতা

অরুণ মিত্র, সুভাষ মুখোপাধ্যায়, বীরেন্দ্র চট্টোপাধ্যায়, নীরেন্দ্রনাথ চক্রবর্তী, শঙ্খ ঘোষ, অলোকরঞ্জন দাশগুপ্ত, শক্তি চট্টোপাধ্যায়, কবিতা সিংহ, পবিত্র মুখোপাধ্যায়, ভাস্কর চক্রবর্তী, দেবদাস আচার্য, দেবারতি মিত্র, জয় গোস্বামী, মৃদুল দাশগুপ্ত, জয়দেব বসু, রাহুল পুরকায়স্থ, চৈতালী চট্টোপাধ্যায়, মন্দাক্রান্তা সেন (৬-জন কবির অন্তত ২-টি করে কবিতা)

একক ২ : নাটক

বুদ্ধদেব বসু, তপস্বী ও তরঙ্গিনী/ বাদল সরকার, মিছিল/ উৎপল দত্ত, কল্লোল/ অজিতেশ বন্দ্যোপাধ্যায়, সওদাগরের নৌকা/ মোহিত চট্টোপাধ্যায়, মৃত্যুসংবাদ/ মনোজ মিত্র, গল্প হেকিম সাহেব (যে-কোনো ১-টি)

একক ৩ : উপন্যাস

সমরেশ বসু, মহাকালের রথের ঘোড়া/ মহাশ্বেতা দেবী, টেরাড্যাকটিল, পূরণ সহায় ও পিরথা/ অসীম রায়, অসংলগ্ন কাব্য/ শ্যামল গঙ্গোপাধ্যায়, কুবেরের বিষয় আশয়/ দেবেশ রায়, ইতিহাসের লোকজন/ অভিজিৎ সেন, রহু চণ্ডালের হাড়/ ভগীরথ মিশ্র, তক্ষর/ নবারণ ভট্টাচার্য, হারবার্ট (যে-কোনো ১-টি)

একক ৪ : গল্প

সুবোধ ঘোষ, সন্তোষকুমার ঘোষ, বিমল কর, রমাপদ চৌধুরী, নরেন্দ্রনাথ মিত্র, আশাপূর্ণা দেবী, সমরেশ বসু, জ্যোতিরিন্দ্র নন্দী, কমলকুমার মজুমদার, মহাশ্বেতা দেবী, বিমল কর, সুনীল গঙ্গোপাধ্যায়, দেবেশ রায়, দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, সন্দীপন চট্টোপাধ্যায়, রমানাথ রায়, অভিজিৎ সেন, ভগীরথ মিশ্র, স্বপ্নময় চক্রবর্তী, সাধন চট্টোপাধ্যায়, সোহরাব হোসেন (নির্বাচিত ৬ জন গল্পকারের যে-কোনো ৬-টি)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অজিতকুমার ঘোষ, *বাংলা নাটকের ইতিহাস*

অশ্রুকুমার সিকদার, *আধুনিকতা ও বাংলা উপন্যাস*

আশুতোষ ভট্টাচার্য, *বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস*

কার্তিক লাহিড়ী, *বাস্তবতা ও বাংলা উপন্যাস*

দেবেশ রায়, উপন্যাসের নতুন ধরনের খোঁজে

দেবেশ রায়, উপন্যাস নিয়ে

সরোজ বন্দ্যোপাধ্যায়, বাংলা উপন্যাস : দ্বন্দ্বিক দর্পণ

সরোজ বন্দ্যোপাধ্যায়, বাংলা উপন্যাসে কালান্তর

সোহরাব হোসেন, বাংলা ছোটগল্পে বাস্তবতাবোধের বিবর্তন

সোহরাব হোসেন, বাংলা ছোটগল্পে তত্ত্ব ও গতিপ্রকৃতি

Rustom Bharucha, *Rehearsals of Revolution : the Political Theatre of Bengal*

দ্বিতীয় বর্ষ

তৃতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG 505

বাংলা বিদ্যাচর্চা : প্রবেশক ও ভিত্তিমূলক পাঠ

উদ্দেশ্য : বাংলা ভাষা-সাহিত্য চর্চার ইতিহাস পাঠের মাধ্যমে পড়ুয়ারা তাঁদের অধীতব্য বিদ্যা-বিষয়ের গুরুত্ব অনুধাবন করতে পারবেন।

ফলপরিণাম : বাংলা ভাষা-সাহিত্য কীভাবে বিদ্যা-বিষয় হিসেবে বিশ্ববিদ্যালয় স্তরে পাঠ্য হয়ে উঠল তা জানার ফলে বিদ্যাবিষয় সম্বন্ধে শ্রদ্ধাবোধ ও ইতিহাসবোধ জাগ্রত হবে।

মূল্যায়ন : প্রথাগত মূল্যায়নের পাশাপাশি পড়ুয়াদের আলোচনা সভায় অভিসন্দর্ভ পাঠ করতে হবে।

কোর্সের বিবরণ

একক ১ : বাংলা বিদ্যাচর্চা : গণপরিসর থেকে প্রাতিষ্ঠানিক পরিসর

ক. ঔপনিবেশিক জ্ঞানব্যবস্থা, মুদ্রণসংস্কৃতি ও বাংলাবিদ্যাচর্চার সূচনা

খ. বাংলাবিদ্যাচর্চার বিকাশ ও প্রতিষ্ঠায় বঙ্গীয় সাহিত্য পরিষৎ, কলিকাতা বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়

গ. স্বাধীনতা-উত্তর বাংলাবিদ্যাচর্চা : আকাদেমি, গবেষণা-প্রতিষ্ঠান ও সাংস্কৃতিক নীতি

একক ২ : বাংলা বিদ্যার পরিসর ও স্বরূপ

ক. বাংলা বিদ্যা: ধারণা, ক্ষেত্র ও গুরুত্ব

খ. পাঠক্রমের ইতিহাস ও অভিমুখ

গ. সাহিত্যপাঠ ও সমালোচনার বিভিন্ন পদ্ধতির প্রাথমিক পরিচয় : নিবিড় পাঠ, ঐতিহাসিক, জীবনীমূলক, সংরূপগত, সমাজভিত্তিক, আন্তর্বিদ্যায়তনিক ও তুলনামূলক পাঠ

একক ৩ : বাংলাবিদ্যার নির্মাণ : ইতিহাস, পদ্ধতি ও বিতর্ক

- ক. বাংলা সাহিত্যের যুগবিভাগ, সাহিত্যের ইতিহাস নির্মাণ প্রকল্প
খ. পূর্ব পাকিস্তান ও বাংলাদেশ: সাহিত্যের ইতিহাস নির্মাণ প্রকল্প
গ. ভাষা, সমাজ ও সংস্কৃতি: বাংলা বিদ্যার প্রসারিত ক্ষেত্র (সুনীতিকুমার চট্টোপাধ্যায়, সুকুমার সেন ও গোপাল হালদার)

একক ৪ : বাংলা বিদ্যাচর্চা সাম্প্রতিক অভিমুখ

- ক. উপনিবেশোত্তর সাংস্কৃতিক অধ্যয়ন, বিশ্বায়ন, আন্তর্বিদ্যাচর্চা ও নতুন গবেষণাক্ষেত্র
খ. ডিজিটাল মাধ্যম ও ডিজিটাল আর্কাইভ : গুরুত্ব, সম্ভাবনা ও ব্যবহারবিধি
গ. বাংলা বিদ্যাচর্চার আন্তর্জাতিক পরিসর

সহায়ক গ্রন্থ ও প্রবন্ধ

- সুবর্ণলেখা, কলিকাতা বিশ্ববিদ্যালয়
দীনেশচন্দ্র সিংহ, *প্রসঙ্গ কলিকাতা বিশ্ববিদ্যালয়*, কলিকাতা বিশ্ববিদ্যালয়
ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, *পরিষৎ পরিচয়*, বঙ্গীয় সাহিত্য পরিষৎ,
মোহাম্মদ মনিরুজ্জামান, “ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ইতিহাস (১৯২১-১৯৮১)”, সাহিত্য পত্রিকা,
২৫ বর্ষ প্রথম সংখ্যা, ১৯৮১
সরস্বতী মিশ্র, *বাংলা অভিধানের ক্রমবিকাশ*, পুস্তক বিপণি, ২০০০
Pramathanath Banerjee, *Hundred Years of the University of Calcutta*, 1957

কোর্স কোড : BNG506A

লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

- উদ্দেশ্য :** প্রাচীন ঐতিহ্য আশ্রয়ী সংস্কৃতির সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া। প্রাচীন ঐতিহ্যের প্রতি যত্নশীল করে তোলা।
শিক্ষণ পদ্ধতি : আদান-প্রদানমূলক শিক্ষণ পদ্ধতি। শ্রেণিকক্ষ ছাড়াও স্থান পাবে ক্ষেত্রসমীক্ষা (Field Work) এবং ক্ষেত্রসমীক্ষিত মানুষ। নতুন শিক্ষা পদ্ধতিতে (New Education Policy) হাতে-কলমে শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। এই কোর্সে হাতে-কলমে শিক্ষার ব্যবস্থা থাকবে বিদ্যাচর্চার ক্ষেত্রে।
মূল্যায়ন : লিখিত পরীক্ষার পাশাপাশি গুরুত্ব দেওয়া হবে দলগত উপস্থাপনা, ক্ষেত্রসমীক্ষার প্রতিবেদন রচনায়, প্রকল্পভিত্তিক অনুশীলন এবং ক্ষুদ্র গবেষণা-প্রকল্প প্রস্তুতকরণে।
ফলপরিণাম : শিক্ষার্থীরা তাদের শিকড়ের সন্ধানে অগ্রসর হবে এবং ক্রমশ পরিবর্তিত হয়ে যাওয়া এবং বহুলাংশে হারিয়ে যাওয়া লোকসংস্কৃতি সম্পর্কে ওয়াকিবহাল হবে। এর পরিচয় আর কোথাও খুঁজে পাওয়া যাবে না। এই সংস্কৃতিকে রবীন্দ্রনাথের ভাষায় বললে বলতে হয় ‘জাতীয় সম্পত্তি’ হিসেবে বিবেচনা করে সংগ্রহ, সংরক্ষণ, আধুনিক বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে অনুশীলন ও চর্চা করবে।

কোর্সের বিবরণ

একক ১

- ক. লোকসংস্কৃতির উদ্ভব ও ক্রমবিকাশের ইতিহাস। লোকসংস্কৃতির সংজ্ঞা, স্বরূপ ও শ্রেণিবিভাগ। প্রত্যেকটি শ্রেণির আলোচনা। আন্তর্বিদ্যামূলক শৃঙ্খলা। পরিভাষা নির্মাণ। উচ্চসংস্কৃতির সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক।
খ. আধুনিক তত্ত্ব ও পদ্ধতির আলোকে লোকসাহিত্যের বিভিন্ন শাখার আলোচনা।

একক ২

সংজ্ঞা, স্বরূপ ও পাঠবিশ্লেষণ:

- ক. লোকসাহিত্য: ছড়া, ধাঁধা, প্রবাদ ও লোককথা।
খ. লোকসংগীত (ভাদু, টুসু, বুমুর, বাউল, ভাওইয়া ও ভাটিয়ালি)।

একক ৩

সংজ্ঞা, স্বরূপ ও পাঠবিশ্লেষণ:

- ক. গীতিকা (একটি পালা অবলম্বনে)
খ. লোকনাটক। (একটি নাটক অবলম্বনে)

একক ৪

- ক. ক্ষেত্রসমীক্ষা (Field Work): তত্ত্ব, পদ্ধতি ও প্রয়োগ। ক্ষেত্রসমীক্ষা থেকে প্রাপ্ত তথ্যের প্রতিবেদন রচনা।
অভিসন্দর্ভ রচনা
খ. লোকভাষা (Folk Language): সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য

নির্বাচিত গ্রন্থপঞ্জি

- অবনীন্দ্রনাথ ঠাকুর, *বাংলার ব্রত*
আশুতোষ ভট্টাচার্য, *বাংলার লোকসাহিত্য*
তুষার চট্টোপাধ্যায়, *লোকসংস্কৃতির তত্ত্বরূপ ও স্বরূপ সন্ধান*
দুলাল চৌধুরী, *বাংলার লোকসংস্কৃতির বিশ্বকোষ*
নির্মলেন্দু ভৌমিক, *বাঙলা ছড়ার ভূমিকা*
নির্মলেন্দু ভৌমিক, *বাঙলা ধাঁধার ভূমিকা*
পল্লব সেনগুপ্ত, *লোকসংস্কৃতির সীমানা ও স্বরূপ*
বরুণকুমার চক্রবর্তী, *বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস*
বরুণকুমার চক্রবর্তী, *বঙ্গীয় লোকসংস্কৃতিকোষ*
মানস মজুমদার, *লোকঐতিহ্য-চর্চা*
মানস মজুমদার, *লোকসাহিত্য পাঠ*
রবীন্দ্রনাথ ঠাকুর, *লোকসাহিত্য*
শেখ মকবুল ইসলাম, *লোকসংস্কৃতিবিজ্ঞান: তত্ত্ব, পদ্ধতি ও প্রয়োগ*
সনৎকুমার মিত্র, *লোকভাষা বিজ্ঞান*
সনৎকুমার মিত্র, *লোকসংস্কৃতিচর্চার মেথডলজি*
সুশীলকুমার দে, *বাংলা প্রবাদ*

কোর্স কোড : BNG506B

বহির্বঙ্গের বাংলা সাহিত্য

উদ্দেশ্য : বাংলা সাহিত্যের মূল ধারা পশ্চিমবঙ্গ বিশেষত কলকাতা কেন্দ্রিক। এই কেন্দ্রিকতা অতিক্রম করে উপেক্ষিত বাংলা সাহিত্যের পাঠদানের জন্য এই কোর্সের কথা ভাবা হয়েছে। এখানে বিহার ঝাড়খণ্ড উত্তর পূর্ব ভারত এমনকি সুদূর ইংল্যান্ডে বসে বাংলায় যেসব সাহিত্য রচিত হচ্ছে সে সম্পর্কে পাঠ দেওয়া হবে।

শিক্ষণপদ্ধতি : বহির্বঙ্গের সাহিত্যের নিবিড় পাঠ ও বিশ্লেষণের মাধ্যমে বঙ্গিবঙ্গের নানা অঞ্চলের সংকট ও জীবনযাপন বোঝবার চেষ্টা।

মূল্যায়ন: মৌখিক লিখিত পরীক্ষার মাধ্যমে ছাত্রদের ধারাবাহিক মূল্যায়ন

ফলকথা: বহির্বঙ্গের সাহিত্য সংস্কৃতি সম্পর্কে বিশেষ ধারণা লাভ

কোর্সের বিবরণ

একক ১

প্রাগাধুনিক, স্বাধীনতা-পূর্ববর্তী ও স্বাধীনতা পরবর্তী পর্বে বহির্বঙ্গের ভৌগোলিক ও রাজনৈতিক ধারণা। কেন্দ্র-প্রান্ত সম্পর্ক।

স্বাধীনতা-পূর্ব ও স্বাধীনতা-পরবর্তী পর্বে ‘বহির্বঙ্গে’-র সাহিত্য সম্মিলন, বৃহৎবঙ্গের ধারণা।

মানভূম-অসম বাংলা ভাষা আন্দোলন।

বহির্বঙ্গের বাংলা-ভাষার পত্র-পত্রিকা (নির্বাচিত)

একক ২

বনফুল, হাটেবাজারে/ কমল চক্রবর্তী, ব্রহ্মভার্গব পুরাণ/ জয়া গোহালা, তবুও মাদল বাজে/ শেখর দাশ, বিন্দু বিন্দু জল (যে-কোনো একটি উপন্যাস)

একক ৩

শক্তিপদ ব্রহ্মচারী, শ্রেষ্ঠ কবিতা/ মলয় রায়চৌধুরী, হাংরি কবিতা/ পীযুষ রাউত, নির্বাচিত কবিতা (যে-কোনো দুজন কবির ৫টি করে মোট ১০-টি কবিতা)

একক ৪

বিভূতিভূষণ মুখোপাধ্যায়/ অরিজিৎ চৌধুরী/ মীনাক্ষী সেন/ দেবীপ্রসাদ সিংহ/ বুমুর পাণ্ডে (যে-কোনো ৩জন গল্পকারের ২টি করে মোট ৬টি গল্প)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অরিজিৎ চৌধুরী, *পুঁ ফোফ* (গল্প সংকলন), এবং মুশায়েরা

দেবীপ্রসাদ সিংহ, *সীমান্তের ওপারে থমকে থাকা পা* (গল্প সংকলন) নাইলু কলাম গুয়াহাটি

মীনাক্ষী সেন, *মীনাক্ষী সেনের ছোটগল্প*, সেতু

শেখর দাশ, *বিন্দু বিন্দু জল*, হলাইমুড়া স্রোত প্রকাশন (ত্রিপুরা)

রামকুমার মুখোপাধ্যায় (সংকলক), গল্প ১০৩, মিত্র ও ঘোষ
পীযুষ রাউত, নির্বাচিত কবিতা, স্রোত প্রকাশনী
জয়া গোহালা, উপন্যাস সমগ্র, অক্ষর প্রকাশনী
কমল চক্রবর্তী, উপন্যাস সমগ্র, অভিযান?
ঝুমুর পাণ্ডে, চল সখা মলুক যাব, দে'জ
শক্তিপদ ব্রহ্মচারী, শ্রেষ্ঠ কবিতা, বাতিঘর?
কেতকী কুশারী ডাইসন, কবিতা সমগ্র
সুনীলময় ঘোষ, সাহিত্য সম্মেলন পরিক্রমা
সুবীর কর, বরাক উপত্যকার ভাষা সংগ্রামের ইতিহাস
ইসহাক কাজল, বরাক উপত্যকার বাংলা ভাষা আন্দোলনের ইতিহাস
দিলীপকুমার গোস্বামী, মানভূমের ভাষা আন্দোলন ও পুরুলিয়ার বঙ্গভুক্তি

কোর্স কোড : BNG506C

সাহিত্য ও ভাষাপ্রকল্পে বাংলাদেশের আত্মানুসন্ধান

কোর্সের উদ্দেশ্য : অভিন্ন বাংলা ভাষায় রচিত হলেও সাতচল্লিশ-পরবর্তী রাজনৈতিক বাস্তবতায় স্বতন্ত্র একটি সাহিত্যধারা হিসেবে আত্মপ্রকাশ করেছে 'বাংলাদেশের সাহিত্য'। বস্তুত বাংলাদেশের সাহিত্য সম্পর্কে অনবহিত থেকে বাংলা সাহিত্যের পঠন-পাঠন অসম্পূর্ণ থেকে যায়। বাংলাদেশের রাষ্ট্রভাষা বাংলা হলেও সেই ভূখণ্ডের আঞ্চলিক ভাষা-চরিত্র তার আত্মানুসন্ধানের অবিচ্ছেদ্য অঙ্গ। এই বিষয়ে স্নাতক পর্যায়ে পাঠক্রমের ধারাবাহিকতা রক্ষা ও তার গবেষণামূলক গভীর অনুধ্যানের জন্য স্নাতকোত্তর পর্যায়েও বিষয়টি পাঠক্রমের অন্তর্গত করা আবশ্যিক।

শিক্ষণপদ্ধতি : পাঠ্য বিষয় নিয়ে শ্রেণিকক্ষে বক্তৃতাদর্মী আলোচনার পাশাপাশি দৃশ্য-শ্রাব্য মাধ্যমের প্রয়োগ ঘটানো হবে।

মূল্যায়ন : ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি অনুসৃত হবে। মৌখিক, লিখিত ইত্যাদি প্রথানুসারী মূল্যায়নের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের সন্দর্ভপত্র প্রস্তুত করতে বলা যেতে পারে।

ফলপরিণাম : বাংলা সাহিত্যের ব্যাপ্তির ভূগোল ও ইতিহাস সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা আরও পোক্ত হবে। বাংলা ভাষা-ভাষী দুটি রাষ্ট্রীয় ভূগোলের মধ্যে সাংস্কৃতিক বিনিময়ের পথ প্রশস্ত করার ক্ষেত্রে এই পাঠক্রম একটি কার্যকর ভূমিকা পালন করবে; যার ফলে বাংলা ভাষা ও সাহিত্যের পাঠ সম্পূর্ণতা পাবে।

কোর্সের বিবরণ

একক ১

বাঙালির আত্মপরিচয়ের সন্ধান ও তার রাজনৈতিক-সাংস্কৃতিক ইতিহাসের পরিপ্রেক্ষিত পর্যালোচনা:
পূর্ব-পাকিস্তান ও বাংলাদেশ পর্বে প্রকাশিত বাংলা সাহিত্যের ইতিহাসের পাঠ (নির্বাচিত)

বাংলাদেশের আত্মপরিচয়ের সন্ধানমূলক ৩-টি প্রবন্ধ (নির্বাচিত)
সেলিম আল দীনের নাট্যভাবনা ও প্রাক্-ঔপনিবেশিক বাংলা থিয়েটারের খোঁজ

একক ২

বাংলা ভাষা-বৈচিত্র্য ও তার প্রমিতির প্রয়াস;
ভাষা সংস্কার, পরিভাষা, অভিধান, ডিজিটাল মাধ্যম

একক ৩

ভাষা-আন্দোলন এবং ভাষাকেন্দ্রিক জাতিসত্তার সন্ধান ও নির্বাচিত সাহিত্যের পাঠ (পাঠ্য: প্রবন্ধ ৩-টি, কবিতা ও গান ৫-টি, ভাষা-আন্দোলনের দলিল

একক ৪

মুক্তিযুদ্ধ ও বাঙালি জাতিসত্তার সংগ্রাম এবং নির্বাচিত সাহিত্যের পাঠ (পাঠ্য: কবিতা ও গান ৩-টি, প্রবন্ধ ১-টি, নাটক ১-টি, স্মৃতিকথা ২-টি)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অরুণ সেন, দুই বাঙালি, এক বাঙালি
অরুণ সেন, সাহিত্যের বাংলাদেশ: উপন্যাস কবিতা নাটক
অরুণ সেন ও আবুল হাসনাত (সম্পাদিত), বাঙালি ও বাংলাদেশ
আখতারুজ্জামান ইলিয়াস, সংস্কৃতির ভাঙা সেতু
আনিসুজ্জামান, কাল নিরবধি
আনিসুজ্জামান, বিপুল পৃথিবী
আবু সাঈদ তুলু, সেলিম আল দীনের সাহিত্য ভাবনা
আমিনুর রহমান সুলতান, রাজনৈতিক চেতনা: বাংলাদেশের কবিতা
আহমদ ছফা, বাংলাদেশের রাজনৈতিক জটিলতা
আহমদ রফিক, ভাষা আন্দোলন
আহমদ শরীফ, বাঙলা বাঙালী ও বাঙালীত্ব
ইন্দু সাহা, পূর্ব বাংলার গণআন্দোলন ও শেখ মুজিব
গোলাম মুরশিদ, মুক্তিযুদ্ধ ও তারপর: একটি নির্দলীয় ইতিহাস
নূপেন্দ্র সাহা (সম্পা.), বাংলাদেশের থিয়েটার
বদরুদ্দীন উমর, পূর্ব বাংলার ভাষা-আন্দোলন ও তৎকালীন রাজনীতি (১-৩ খণ্ড)
বদরুদ্দীন উমর, সাহিত্য সংস্কৃতি সাম্প্রদায়িকতা রাজনীতি
বিশ্বজিৎ ঘোষ, বাংলাদেশের সাহিত্য ও সংস্কৃতি
মনসুর মুসা, বাঙলা পরিভাষা: ইতিহাস ও সমস্যা
রতনলাল চক্রবর্তী, ভাষা আন্দোলনের দলিলপত্র

রফিকুল্লাহ খান, *বাংলাদেশের কবিতা: সমবায়ী স্বরতন্ত্র*
শেখ মুজিবুর রহমান, *অসমাপ্ত আত্মজীবনী*
সাইদ উর রহমান, *পূর্ব বাংলার রাজনীতি, সংস্কৃতি ও কবিতা*
সৈয়দ আলী আহসান ও দীন মুহাম্মদ, *বাঙলা সাহিত্যের সংক্ষিপ্ত ইতিবৃত্ত*
হাবিব রহমান, *বাঙালি মুসলমান সমাজে প্রগতিশীলতা ও রক্ষণশীলতার দ্বন্দ্ব*
হাসান হাফিজুর রহমান (সম্পাদিত), *বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র (১-১৬ খণ্ড)*
হায়ৎ মামুদ, *একুশে ও আমাদের সংস্কৃতি*
হুমায়ুন আজাদ, *ছাপ্পান্নো হাজার বর্গমাইল*
হুমায়ুন আজাদ, *পাক সার জমিন সাদ বাদ*
হুমায়ুন আজাদ, *বাঙলা ভাষার শত্রুমিত্র*

কোর্স কোড : 506D

বাংলা অনুবাদে ভারতীয় সাহিত্য

উদ্দেশ্য : ভারত বহুভাষিক ও বহুসাংস্কৃতিক দেশ। এই বৈচিত্র্যময় সাহিত্যভাণ্ডারের সঙ্গে বাংলা ভাষার সংযোগ গড়ে উঠেছে মূলত অনুবাদের মাধ্যমে। বাংলা অনুবাদে ভারতীয় সাহিত্য শীর্ষক এই কোর্সে ভারতীয় সাহিত্য ধারণার বিকাশ, বাংলায় ভারতীয় সাহিত্য অনুবাদের ইতিহাস এবং নির্বাচিত অনুবাদপাঠের আলোচনার মাধ্যমে ভারতীয় সাহিত্যের বহুমাত্রিক রূপ অনুধাবনের সুযোগ সৃষ্টি করা হবে। ভারতীয় ভাষাসমূহের পারস্পরিক সম্পর্ক, জাতীয় সাহিত্য নির্মাণে অনুবাদের নন্দনতাত্ত্বিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক ভূমিকা এবং আন্তঃসাংস্কৃতিক বিনিময়ের প্রশ্নও এই কোর্সে বিশেষ গুরুত্ব পাবে।

ফলপরিণাম : এই কোর্সে বাংলায় ভারতীয় সাহিত্য অনুবাদের ইতিহাস, তাত্ত্বিক ভিত্তি এবং সাংস্কৃতিক তাৎপর্য আলোচনা করা হবে। প্রাচীন ও মধ্যযুগীয় সাহিত্য থেকে আধুনিক কথাসাহিত্য, কবিতা, নাটক ও চিত্রনাট্যের নির্বাচিত বাংলা অনুবাদ পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা ভারতীয় সাহিত্যের বৈচিত্র্য, আন্তঃভাষিক সম্পর্ক এবং জাতীয় সাহিত্য নির্মাণে অনুবাদের ভূমিকা সম্পর্কে সম্যক ধারণা অর্জন করবে। একই সঙ্গে অনুবাদিত সাহিত্যপাঠের নন্দনতাত্ত্বিক, ঐতিহাসিক ও তুলনামূলক মূল্যায়নের দক্ষতাও বিকশিত হবে।

শিক্ষণপদ্ধতি : এই কোর্সে বক্তৃতাভিত্তিক শিক্ষণপদ্ধতির পাশাপাশি, পাঠ-আলোচনা, নিবিড় পাঠ (Close Reading), দলগত পর্যালোচনা ও উপস্থাপনা, পাঠ-প্রতিবেদন প্রস্তুতি ইত্যাদি শিক্ষার্থী-কেন্দ্রিক অংশগ্রহণমূলক শিক্ষণপদ্ধতির সমন্বয় ঘটানো হবে। নির্বাচিত অনুবাদপাঠের তুলনামূলক বিশ্লেষণ, অনুবাদ-সমালোচনা, অডিও-ভিজুয়াল উপকরণের ব্যবহার এবং স্বল্প পরিসরের গবেষণাভিত্তিক কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের সমালোচনামূলক ও বিশ্লেষণাত্মক দক্ষতা বিকাশে উৎসাহিত করা হবে।

কোর্সের বিবরণ

একক ১ : বাংলা অনুবাদে ভারতীয় সাহিত্য : ধারণা, ইতিহাস ও পরিপ্রেক্ষিত

ভারতীয় সাহিত্য: ধারণা ও বিতর্ক; বহুভাষিক ভারত ও আন্তর্ভাষিক সাহিত্য-সংযোগ; বাংলায় ভারতীয় সাহিত্য অনুবাদের ইতিহাস; জাতীয় সাহিত্যের ধারণা ও ঔপনিবেশিক পর্বে অনুবাদ-উদ্যোগ; স্বাধীন ভারতে অনুবাদ, জাতীয় সংহতি ও সাংস্কৃতিক বিনিময়; সাহিত্য অকাদেমি, ন্যাশনাল বুক ট্রাস্ট এবং অন্যান্য প্রতিষ্ঠান ও পত্রপত্রিকার ভূমিকা; রবীন্দ্রনাথ, বিশ্বভারতী ও ভারতীয় সাহিত্যচর্চা; সমকালীন ভারতীয় সাহিত্য ও অনুবাদচর্চা

একক ২ : বাংলা অনুবাদে প্রাক-ঔপনিবেশিক ভারতীয় সাহিত্য (নির্বাচিত পাঠ)

ক. সংস্কৃত, পালি ও প্রাকৃত সাহিত্য থেকে বাংলায় অনুবাদ-প্রসঙ্গ; *পঞ্চতন্ত্র*, *কথাসরিৎসাগর*, *মৃচ্ছকটিক*, *মেঘদূত*, *বুদ্ধচরিত* প্রভৃতি গ্রন্থের বাংলা অনুবাদ; (যে-কোনো ১-টি)

খ. ভক্তি ও সুফি সাহিত্যের অনুবাদ : আন্তাল, কবীর, মীরাবাই, তুকারাম, দাদু, শঙ্করদেব, রজ্জব প্রমুখের রচনার বাংলা অনুবাদ (যে-কোনো ২-জন)

একক ৩ : ভারতীয় কথাসাহিত্য (নির্বাচিত পাঠ)

ক. উপন্যাস (যে-কোনো ১-টি) : মুন্সি প্রেমচাঁদ, গোদান (অনুবাদ : রণজিৎ সিংহ)/ ফণীশ্বরনাথ রেণু, ময়লা আঁচল (অনুবাদ : প্রসূন মিত্র)/ ভবানী ভট্টাচার্য, কত ক্ষুধা (অনুবাদ : সুভাষ মুখোপাধ্যায়)/ অমিতাভ ঘোষ, ভাটির দেশ/ ইউ. আর. অনন্তমূর্তি, সংস্কার/ হোমেন বরগোহাঞি, সওদাগরের পুত্র নৌকা বেয়ে যায় (অনুবাদ: বাসুদেব দাস)/ কালিন্দীচরণ পাণিগ্রাহী, মাটির মনিষ (অনুবাদ : সত্যেন্দ্রনাথ শর্মা)

খ. গল্প : মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায় সম্পাদিত *আধুনিক ভারতীয় গল্প* থেকে নির্বাচিত ৩-টি গল্প (প্রেমচন্দ, ভগবতীচরণ পাণিগ্রাহী, সাদত হোসেন মন্টো, ভৈকম মুহম্মদ বশীর, কৃষ্ণ চন্দর, ইউ আর অনন্তমূর্তি, ইস্মৎ চুগতাই, কর্তার সিং দুগ্গাল)

একক-৪: আধুনিক ভারতীয় কবিতা ও নাটক (নির্বাচিত পাঠ)

ক. কবিতা : রামকুমার মুখোপাধ্যায় সম্পাদিত ভারতজোড়া কাব্যগাথা থেকে নির্বাচিত ২-জন কবির ৪-টি কবিতা (গালিব, ইকবাল, মহাদেবী বর্মা, নিসিম ইজেকিয়েল, নবকান্ত বড়ুয়া, অমৃতা প্রীতম, ফয়েজ আহমদ ফয়েজ, হরিবংশ রাই বচ্চন, রমাকান্ত রথ, গুলজার)

খ. নাটক (যে-কোনো ১-টি) : মোহন রাকেশ, আধা আধুরে (অনুবাদ : প্রতিভা অগ্রবাল-শর্মীক বন্দ্যোপাধ্যায়); হাবিব তনবীর, চরণদাস চোর (অনুবাদ : রথীন চক্রবর্তী); বিজয় তেজুলকর, কন্যাদান (অনুবাদ : বীণা আলাসে); গিরিশ কারনাড, হয়বদন (অনুবাদ : শঙ্খ ঘোষ)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

গণেশ দেবী, *অনেক নায়কের ইতিহাস*

তড়িৎ চৌধুরী, *সাম্প্রতিক ভারতীয় নাট্যকার*

দিলীপকুমার মিত্র, *আধুনিক ভারতীয় নাটক*

বিপ্লব চক্রবর্তী, *ভারতীয় সাহিত্যের তুলনামূলক ইতিহাস*

বিপ্লব চক্রবর্তী (সম্পা.), *তুলনামূলক ভারতীয় সাহিত্য, সমালোচনা তত্ত্ব নির্মাণ ও সৃষ্টি*

মননকুমার মণ্ডল (সম্পা.), *ভারতীয় সাহিত্য প্রসঙ্গে*, ১-৩ খণ্ড
মহম্মদ আসাদুজ্জামান, *অনুবাদের ইতিবৃত্ত*
সুকুমার সেন, *ভারতীয় সাহিত্যের ইতিহাস*
সুকুমার সেন, *ভারতীয় আর্থ সাহিত্যের ইতিহাস*
সুমিতা চক্রবর্তী, *অনুবাদ তত্ত্ব অনুবাদকের মন*
শঙ্খ ঘোষ, *ইকবাল থেকে*
শান্তিরঞ্জন বন্দ্যোপাধ্যায়, *আধুনিক ভারতীয় সাহিত্য*
শিশিরকুমার দাস, *ভারতসাহিত্য কথা*
সুকুমারী ভট্টাচার্য, *অনুবাদ চর্চা*
শোভনলাল গঙ্গোপাধ্যায়, *রবীন্দ্রনাথের অনুবাদ চিন্তা*
হিমাংশুভূষণ সরকার, *দ্বীপময় ভারতের প্রাচীন সাহিত্য*
Maurice Winternitz, V. Srinivasa Sarma, *History of Indian Literature*
Sisir Kumar Das, *History of Indian Literature*, Vol I-III
Susan Bassnett, *Traslation Studies*

কোর্স কোড : 506E

বাংলা অনুবাদে বিশ্বসাহিত্য

উদ্দেশ্য : এই কোর্সের মুখ্য উদ্দেশ্য বাংলা ভাষায় বিদেশি সাহিত্য অনুবাদের ইতিহাস, প্রবণতা এবং সাংস্কৃতিক ভূমিকা সম্পর্কে শিক্ষার্থীদের সম্যক ধারণা প্রদান করা। অনুবাদকে নিছক ভাষান্তরের প্রক্রিয়া হিসেবে নয়, বরং জ্ঞান, সংস্কৃতি ও ভাবধারার আন্তঃসাংস্কৃতিক বিনিময়ের একটি ঐতিহাসিক মাধ্যম হিসেবে বিবেচনা করা হবে। বিশ্বসাহিত্যের বিভিন্ন ধারা ও মতাদর্শ কীভাবে বাংলা ভাষা ও সাহিত্যের বিকাশে প্রভাব বিস্তার করেছে, সেই প্রশ্নের সমালোচনামূলক অনুধাবন এই কোর্সের প্রধান লক্ষ্য।

ফলপরিণাম : কোর্স সম্পন্ন করার পর শিক্ষার্থীরা বাংলা ভাষায় বিদেশি সাহিত্য অনুবাদের ইতিহাস ও তাৎপর্য ব্যাখ্যা করতে সক্ষম হবে; বিশ্বসাহিত্য ও অনুবাদের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে; নির্বাচিত অনুবাদগ্রন্থের সাহিত্যিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক মূল্যায়ন করতে পারবে; এবং তুলনামূলক সাহিত্য ও অনুবাদ-অধ্যয়নভিত্তিক গবেষণার জন্য প্রয়োজনীয় প্রাথমিক দক্ষতা অর্জন করবে।

শিক্ষণপদ্ধতি : বক্তৃতা, পাঠবিশ্লেষণ, দলগত আলোচনা-উপস্থাপনা, প্রকল্পভিত্তিক শিক্ষণ, অনুবাদ-সমালোচনা এবং গবেষণামুখী অ্যাসাইনমেন্টের মাধ্যমে পাঠদান সম্পন্ন হবে। শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ, সমালোচনামূলক চিন্তা, আন্তঃবিষয়ক তুলনামূলক দৃষ্টিভঙ্গি এবং গবেষণাভিত্তিক শিক্ষণকে বিশেষ গুরুত্ব দেওয়া হবে, যা জাতীয় শিক্ষানীতি (NEP 2020)-এর অভিজ্ঞতাভিত্তিক, দক্ষতামুখী ও বহুবিষয়ক শিক্ষার লক্ষ্যকে সমর্থন করে।

মূল্যায়ন পদ্ধতি

সেমিস্টার শেষে লিখিত পরীক্ষার পাশাপাশি ধারাবাহিক পাঠ-প্রতিক্রিয়া, গ্রন্থ-পর্যালোচনা, সেমিনার উপস্থাপনা, ক্ষুদ্র গবেষণা-প্রকল্প, অনুবাদ-সমালোচনা এবং দলগত আলোচনায় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীর গবেষণামূলক বিশ্লেষণী ক্ষমতা ও সৃজনশীল দক্ষতা যাচাই করা হবে।

কোর্সের বিবরণ

একক ১ : বাংলায় বিশ্বসাহিত্য অনুবাদের ইতিহাস

বিশ্বসাহিত্য (World Literature) ধারণার উৎপত্তি ও বিকাশ; অনুবাদ ও বিশ্বসাহিত্য নির্মাণ; ঔপনিবেশিক বাংলায় ইউরোপীয় সাহিত্য অনুবাদ ও নবজাগরণ; বাংলা ভাষায় ইংরেজি, ফরাসি, রুশ ও অন্যান্য বিদেশি সাহিত্য অনুবাদের ইতিহাস; অনুবাদ ও আধুনিকতার সম্পর্ক; রবীন্দ্রনাথ, বিশ্বভারতী ও বিশ্বসাহিত্য; বাংলার সমাজতান্ত্রিক ও প্রগতিশীল সাংস্কৃতিক আন্দোলনে অনুবাদের ভূমিকা; তৃতীয় বিশ্বের সাহিত্য অনুবাদ ও রাজনৈতিক সংহতি; অনুবাদ, সাংস্কৃতিক পুঁজি ও সাহিত্যবাজার; বিশ্বায়নের যুগে অনুবাদ ও বিশ্বসাহিত্যের পুনর্নির্মাণ

একক ২ : ইউরোপীয় সাহিত্য : নির্বাচিত বাংলা অনুবাদ (যে-কোনো ২-টি সংরূপ থেকে ১-টি করে গ্রন্থ)

ইউরোপীয় সাহিত্যের সঙ্গে বাঙালির পরিচয় ও সাহিত্যাদর্শের নবনির্মাণের পরিপ্রেক্ষিতে নির্বাচিত পাঠ :

আন্তিগোনে (অনুবাদ : শিশিরকুমার দাশ)

উইলিয়াম শেক্সপিয়ার, ম্যাকবেথ (অনুবাদ : গিরিশচন্দ্র ঘোষ)

তীর্থরেণু/ তীর্থসলিল (সত্যেন্দ্রনাথ দত্ত)

প্রতিধ্বনি (অনুবাদ : সুধীন্দ্রনাথ দত্ত)

বোদলেয়ার ও তাঁর কবিতা (অনুবাদ : বুদ্ধদেব বসু)

এলিঅটের কবিতা (অনুবাদ : বিষ্ণু দে)

ইবসেন, পুতুলখেলা (অনুবাদ : শম্ভু মিত্র)

বের্টোল্ট ব্রেস্ট, তিন পয়সার পালা (অনুবাদ : অজিতেশ বন্দ্যোপাধ্যায়)

ফ্রান্স কাফকা — মেটামরফোসিস ও অন্যান্য গল্প (অনুবাদ : রবিন ঘোষ)

আলবোয়ার কামু — অচেনা (অনুবাদ : প্রেমেন্দ্র মিত্র)

একক ৩ : সোভিয়েত সাহিত্য : নির্বাচিত বাংলা অনুবাদ (যে-কোনো ২-টি সংরূপ থেকে ১-টি করে গ্রন্থ)

বিশ শতকে বাংলায় মার্ক্সবাদ ও সমাজতান্ত্রিক বোঝাপড়ার সূত্রে নির্বাচিত পাঠ :

পুশকিন, বেলকিনের গল্প (অনুবাদ : ননী ভৌমিক)

নিকোলাই গোগল, ওভারকোট (অনুবাদ : অরুণ সোম)

তলস্তয়, ইভান ইলিচের মৃত্যু (অনুবাদ : সমর সেন)

ম্যাক্সিম গোর্কি, পৃথিবীর পথে (অনুবাদ : সত্য গুপ্ত)

বরিস পাস্তেরনাক, ড. জিভাগো (অনুবাদ : মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়)

আন্তন চেখভ, গল্প ও ছোট উপন্যাস (প্রগতি প্রকাশন)

মায়াকভস্কি, মায়াকোভস্কির শ্রেষ্ঠ কবিতা (অনুবাদ : শক্তি চট্টোপাধ্যায়, সিদ্ধেশ্বর সেন, মুকুল গুহ)

পঞ্চাশজন সোভিয়েত কবি (অনুবাদ : হায়াৎ মামুদ)

চিওনাটো : তারকোভস্কি, স্যাক্রিফাইস (অনুবাদ: চণ্ডী মুখোপাধ্যায়)

একক ৪ : লাতিন আমেরিকান, আফ্রিকা ও এশীয় সাহিত্য অনুবাদ (যে-কোনো ২-টি সংরূপ থেকে ১-টি করে গ্রন্থ)

লাতিন আমেরিকা, আফ্রিকা ও এশীয় সাহিত্যের বাংলা অনুবাদের পরিপ্রেক্ষিত; অনুবাদ ও সাংস্কৃতিক প্রতিনিধিত্বের সূত্রে নির্বাচিত পাঠ :

আরব্য রজনী (অনুবাদ : রামানন্দ চট্টোপাধ্যায়)

রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম (অনুবাদ : কান্তিচন্দ্র ঘোষ)

রুমি-র কবিতার অনুবাদ

লু সুন, নির্বাচিত গল্প (অনুবাদ : সন্দীপ সেনগুপ্ত)

গাব্রিয়েল গার্সিয়া মার্কেস, *নিঃসঙ্গতার শতবর্ষ* (অনুবাদ : তরুণ ঘটক)

পাবলো নেরুদা — নির্বাচিত কবিতা (অনুবাদ : শক্তি চট্টোপাধ্যায়)

নাজিম হিকমতের কবিতা (অনুবাদ : সুভাষ মুখোপাধ্যায়)

বহুল দেবতা বহু স্বর (অনুবাদ : শঙ্খ ঘোষ [প্রাসঙ্গিক রচনা])

আফ্রিকার সাহিত্য সংগ্রহ (সম্পাদক : শিবনারায়ণ রায়-শামীম রেজা)

তৃতীয় বিশ্বের সাহিত্য (সম্পাদনা : মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অশোকুমার সিকদার, *নবীন যদুর বংশ*

অরুণ মিত্র, *ফরাসি সাহিত্য প্রসঙ্গে*

অরুণ সোম, *রুশ সাহিত্যের ইতিহাস*

চিন্ময় গুহ, *চিলেকোঠার উন্মাদিনী ও অন্যান্য প্রবন্ধ*

চিন্ময় গুহ, *ঘুমের দরজা ঠেলে*

তরুণকুমার ঘটক, *স্প্যানিশ ভাষার সাহিত্য : কিছু কথা*

দিলীপকুমার মিত্র, *ইংরেজি সাহিত্যের সংক্ষিপ্ত ইতিবৃত্ত*

নবনীতা দেব সেন, *ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী এবং অন্যান্য প্রবন্ধ*

নরেশ গুহ, *অন্তরালে ধ্বনি-প্রতিধ্বনি*

প্রমোদ মুখোপাধ্যায়, *বাংলা অনুবাদ নাটক সমীক্ষা*

বিষ্ণু বসু (সম্পা.), *আফ্রিকার সাহিত্য সংকলন*

মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়, *বাস্তবের কুহক কুহকের বাস্তব*

মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়, *তরজমার পাঠ*

শঙ্খ ঘোষ-অলোকরঞ্জন দাশগুপ্ত, *সপ্ত সিদ্ধ দশ দিগন্ত*

কোর্স কোড : BNG506F

বাংলা নাটক ও রঙ্গমঞ্চ

উদ্দেশ্য: এই কোর্সটির উদ্দেশ্য হল বাংলা নাটক ও রঙ্গমঞ্চের ইতিহাস, নাট্যরীতি, সমাজ-রাজনীতি ও মঞ্চভাবনার সঙ্গে শিক্ষার্থীদের পরিচিত করা এবং ভারতীয় ও পাশ্চাত্য নাটকের বাংলা অনুবাদ ও রূপান্তর সম্পর্কে সম্যক ধারণা গড়ে তোলা। এর মাধ্যমে শিক্ষার্থীরা উনিশ ও বিশ শতকের বাংলা রঙ্গমঞ্চের বিকাশ, মঞ্চ-প্রযুক্তি, অভিনয়রীতি, লোকনাট্য ও যাত্রার প্রভাব সম্পর্কে জ্ঞান অর্জন করবে। নির্বাচিত নাটকের নিবিড় পাঠের মাধ্যমে তারা চরিত্র, সংলাপ, নাট্যগঠন ও সমাজ-রাজনৈতিক তাৎপর্য বিশ্লেষণে দক্ষ হবে। পাশাপাশি নাট্যপাঠ, মঞ্চ-উপস্থাপনা ও সমালোচনামূলক আলোচনার মাধ্যমে তাদের সৃজনশীলতা, বিশ্লেষণী ক্ষমতা এবং বাংলা নাটকের ঐতিহ্য ও আধুনিকতার সংযোগ সম্পর্কে সুস্পষ্ট ধারণা তৈরি হবে।

শিক্ষণপদ্ধতি: এই কোর্সটি অংশগ্রহণমূলক ও বহুমাত্রিক শিক্ষণ-পদ্ধতির মাধ্যমে পরিচালিত হবে। বক্তৃতাভিত্তিক পাঠদানের মাধ্যমে বাংলা নাটকের ইতিহাস, নাট্যতত্ত্ব ও সমাজ-রাজনৈতিক প্রেক্ষাপট আলোচনা করা হবে। নির্বাচিত নাটকের নিবিড় পাঠের মাধ্যমে সংলাপ, চরিত্র, নাট্যগঠন ও প্রতীকী ব্যঞ্জনার বিশ্লেষণ করা হবে এবং পাঠ-আলোচনার মাধ্যমে নাটকের অন্তর্নিহিত ভাব ও দর্শন অনুধাবনের চেষ্টা করা হবে। দলগত আলোচনা ও সেমিনারের মাধ্যমে শিক্ষার্থীরা নাটকের সমাজ-রাজনৈতিক প্রাসঙ্গিকতা নিয়ে মতবিনিময় ও উপস্থাপনায় অংশগ্রহণ করবে। এছাড়া অডিও-ভিজুয়াল উপকরণের সাহায্যে নাট্যপ্রদর্শনের ভিডিও প্রদর্শন ও আলো, দৃশ্যপট এবং মঞ্চ-প্রযুক্তির ব্যবহার পর্যবেক্ষণ করানো হবে। তুলনামূলক আলোচনার মাধ্যমে বাংলা নাটকের সঙ্গে পাশ্চাত্য ও অন্যান্য ভারতীয় নাটকের অনুবাদ ও রূপান্তরের বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র্য বিশ্লেষণ করা হবে।

মূল্যায়ন: ধারাবাহিক মূল্যায়নের অংশ হিসেবে শ্রেণিকক্ষে সক্রিয় অংশগ্রহণ, দলগত উপস্থাপনা, অ্যাসাইনমেন্ট, লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে।

ফলপরিণাম: কোর্সটির শেষে শিক্ষার্থীরা বাংলা নাটক ও রঙ্গমঞ্চের ইতিহাস ও বিবর্তন সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জন করবে এবং নাটকের সমাজ-রাজনৈতিক তাৎপর্য বিশ্লেষণ করতে সক্ষম হবে। তারা বিভিন্ন নাট্যরীতি, মঞ্চভাবনা ও অভিনয়প্রযুক্তির পার্থক্য নির্ণয় করতে পারবে এবং নির্বাচিত নাটকের নিবিড় পাঠ ও সমালোচনামূলক বিশ্লেষণে দক্ষতা অর্জন করবে। পাশাপাশি ভারতীয় ও পাশ্চাত্য নাটকের বাংলা অনুবাদ ও রূপান্তরের তাত্ত্বিক ভিত্তি ও প্রয়োগ সম্পর্কে জ্ঞান লাভ করবে। সর্বোপরি, বাংলা নাটকের ঐতিহ্য ও আধুনিকতার সংযোগ বিষয়ে তাদের সুস্পষ্ট ও সমন্বিত ধারণা গড়ে উঠবে।

কোর্সের বিবরণ

একক-১ : বাংলা রঙ্গমঞ্চের ইতিহাস : উনিশ ও বিশ শতক

রঙ্গমঞ্চের বিবর্তন ও নাট্যশালার ইতিহাস

অভিনেতা-অভিনেত্রী (যে-কোনো ৪ জন)

বাংলার মঞ্চ

(নাট্যশালা, যাত্রা ও লোকনাট্যের প্রভাব, প্রসেনিয়াম মঞ্চ থেকে মুক্তমঞ্চের অভিমুখ— এই বিষয়গুলির বিশেষ গুরুত্বসহ)

একক-২ : বাংলা নাটক ও প্রহসন: উনিশ শতক

উনিশ শতকের নাট্যপ্রযোজনা (দৃশ্যপট, মঞ্চ, আলো, আবহ, পোশাক, সংগীত, অভিনয়রীতি, মঞ্চ-প্রযুক্তি, দর্শক) ও বাংলার সমাজ-রাজনীতির সঙ্গে পরিচয়ের সূত্রে যে-কোনো একটি নাটকের নিবিড় পাঠ
মধুসূদন দত্ত, *একেই কি বলে সভ্যতা?*; দীনবন্ধু মিত্র, *সধবার একাদশী*; মনোমোহন বসু, *রামাভিষেক নাটক*;
উপেন্দ্রনাথ দাস, *সুরেন্দ্র-বিনোদিনী*; গিরিশচন্দ্র ঘোষ, *প্রফুল্ল*

একক-৩ : বাংলা নাটক : বিশ শতক (স্বাধীনতা পূর্ববর্তী)

সমকালীন নাট্যপ্রযোজনা (দৃশ্যপট, মঞ্চ, আলো, আবহ, পোশাক, সংগীত, অভিনয়রীতি, মঞ্চ-প্রযুক্তি, দর্শক)
ও বাংলার সমাজ-রাজনীতির সঙ্গে পরিচয়ের সূত্রে যে-কোনো একটি নাটকের নিবিড় পাঠ
রবীন্দ্রনাথ ঠাকুর, *শারদোৎসব*; দ্বিজেন্দ্রলাল রায়, *সীতা*; শচীন্দ্রনাথ সেনগুপ্ত, *গৈরিক পতাকা*; বিজন ভট্টাচার্য,
জীবনকন্যা

একক-৪ : বাংলা নাটক : বিশ শতক (স্বাধীনতা পরবর্তী)

সমকালীন নাট্যপ্রযোজনা (দৃশ্যপট, মঞ্চ, আলো, আবহ, পোশাক, সংগীত, অভিনয়রীতি, মঞ্চ-প্রযুক্তি, দর্শক)
ও বাংলার সমাজ-রাজনীতির সঙ্গে পরিচয়ের সূত্রে যে-কোনো একটি নাটকের নিবিড় পাঠ
বুদ্ধদেব বসু, *প্রথম পার্শ্ব*; উৎপল দত্ত, *অঙ্গার*; বাদল সরকার, *ভোমা*; মনোজ মিত্র, *চাক ভাঙা মধু*; শাঁওলী
মিত্র, *কথা অমৃতসমান*

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অজিতকুমার ঘোষ, *বাংলা নাটকের ইতিহাস*
অপরেশচন্দ্র মুখোপাধ্যায়, *রঙ্গালয়ে ত্রিশ বৎসর*
অবিনাশচন্দ্র গঙ্গোপাধ্যায়, *গিরিশচন্দ্র*
অমিত মৈত্র, *রঙ্গালয়ে বঙ্গনটী*
অরূপ মুখোপাধ্যায়, উৎপল দত্ত: *জীবন ও সৃষ্টি*
অলোক রায়, *সাহিত্যকোষ: নাটক*
অশোককুমার মিশ্র, *বাংলা প্রহসনের ইতিহাস*
আনন্দ রায় (সম্পা.), *বুদ্ধদেব বসু: নানা প্রসঙ্গ*
আশুতোষ ভট্টাচার্য, *বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস (১-২)*
উৎপল দত্ত, *গিরিশ-মানস*
উপেন্দ্রনাথ ভট্টাচার্য, *রবীন্দ্র-নাট্য-পরিক্রমা*
কুন্তল মিত্র ও ফণিভূষণ মণ্ডল (সম্পা.), *শতাব্দী বিজন*
গণেশ মুখোপাধ্যায় (সম্পা.), *২০০ বছরের বাংলা প্রসেনিয়াম থিয়েটার*
গোলাম মুরশিদ, *হিন্দু সমাজ সংস্কার আন্দোলন ও বাংলা নাটক*
দর্শন চৌধুরী, *গণনাট্য আন্দোলন*
দর্শন চৌধুরী, *থিয়েটারওয়ালা উৎপল দত্ত*

দর্শন চৌধুরী, বাংলা থিয়েটারের ইতিহাস
 দেবনারায়ণ গুপ্ত, বাংলার নট-নটী (১-২)
 নীরদবরণ হাজারা, মঞ্চঃ দৃশ্যপটঃ নির্মাণ ও ব্যবহার
 পবিত্র সরকার, নাট্যমঞ্চঃ নাট্যরূপ
 প্রভাতকুমার দাস, বাংলার যাত্রাঃ সঙ্গ অনুষ্ণ
 প্রমথনাথ বিশী, রবীন্দ্রনাট্যপ্রবাহ
 বাদল সরকার, থিয়েটারের ভাষা ও অন্যান্য
 বিষ্ণু বসু, বাংলা নাট্যরীতি
 ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বঙ্গীয় নাট্যশালার ইতিহাস (১৭৯৫-১৮৭৬)
 মুকুল বন্দ্যোপাধ্যায় (সম্পা.), সময়ের অমেয় আঁধারে মনোজ মিত্র
 রঞ্জিতকুমার মিত্র, থিয়েটারে আলোঃ তত্ত্ব ও প্রয়োগ
 রম্যাঁ রলাঁ, পিপলস থিয়েটার
 শঙ্খ ঘোষ, কালের মাত্রা ও রবীন্দ্রনাটক
 শমীক বন্দ্যোপাধ্যায়, থিয়েটারের জলহাওয়ায়
 শম্ভু মিত্র, কাকে বলে নাট্যকলা
 শিশিরকুমার দাশ (সম্পা.), গ্রীক নাটক সংগ্রহ
 সত্য বন্দ্যোপাধ্যায়, ব্রেশট ও তাঁর থিয়েটার
 সত্য বন্দ্যোপাধ্যায়, উৎপল দত্ত ও তাঁর থিয়েটার
 সুনীল দাস (সম্পা.), মনমোহন বসুর অপ্রকাশিত ডায়েরি
 সুবীর রায়চৌধুরী (সম্পা.), বিলাতি যাত্রা থেকে স্বদেশী থিয়েটার
 সুরেশচন্দ্র মৈত্র, বাংলা নাটকের বিবর্তন
 স্বপন বসু ও ইন্দ্রজিৎ চৌধুরী (সম্পা.), উনিশ শতকের বাঙালি জীবন ও সংস্কৃতি
 স্বপন বসু, বাংলায় নবচেতনার ইতিহাস

কোর্স কোড : BNG507A

বাংলা ভাষায় দেশভাগের সাহিত্য

উদ্দেশ্য : এই কোর্সটির লক্ষ্য বা উদ্দেশ্য দেশভাগের ঐতিহাসিক প্রেক্ষিতটি যথাযথ জানা, ইতিহাসের এক গভীর মানবিক বিপর্যয়কে অনুভব করা এবং তার সামাজিক-রাজনৈতিক-অর্থনৈতিক-মানসিক অর্থাৎ সার্বিক এক সাংস্কৃতিক অভিঘাতকে বিশ্লেষণ করা। এই সাহিত্য মানুষের উদ্বাস্তজীবন, পরিচয়সংকট, বিচ্ছেদ, সহিংসতা ও বেঁচে থাকার সংগ্রামকে সামনে আনে। এর মাধ্যমে শুধু অতীত জানা নয়; মানবতা, সহনশীলতা ও সাম্প্রদায়িক সম্প্রীতির গুরুত্ব উপলব্ধি করাও সম্ভব।

পাঠদানের পদ্ধতি : পাঠদানের পদ্ধতি হবে আন্তঃবিষয় ও বিশ্লেষণভিত্তিক। নিবিড় পাঠের মাধ্যমে ঐতিহাসিক প্রেক্ষাপট, পাঠবিশ্লেষণ, চরিত্র ও সমাজচেতনা-মূল্যবোধ, উদ্বাস্ত অভিজ্ঞতা, তুলনামূলক পাঠ, আলোচনা ও গবেষণানির্ভর কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের সমালোচনামূলক ও মানবিক বোধ গড়ে তোলা।

মূল্যায়ন : এই কোর্সের সাহিত্য পড়ার ধারাবাহিক মূল্যায়ন হবে বহুমাত্রিক ও বিশ্লেষণভিত্তিক। পাঠ অনুধাবন, শ্রেণি আলোচনায় অংশগ্রহণ, টেক্সট বিশ্লেষণ, সেমিনার উপস্থাপন, ঐতিহাসিক-সামাজিক প্রেক্ষাপট ব্যাখ্যা এবং গবেষণামূলক অ্যাসাইনমেন্টের মাধ্যমে

শিক্ষার্থীর সমালোচনামূলক চিন্তা, মানবিক সংবেদনশীলতা ও ব্যাখ্যা শক্তির করা মূল্যায়ন করা হবে। এর ফলে গভীর পাঠ ও স্বাধীন চিন্তার বিকাশ নিশ্চিত হবে।

ফলপরিণাম : কোর্সটি পাঠের শেষে ছাত্র-ছাত্রীরা ইতিহাসচেতনা, মানবিকবোধ, উদ্বাস্ত-অভিজ্ঞতার উপলব্ধি, সাম্প্রদায়িক বিভাজনের ক্ষতি ও সহনশীলতার গুরুত্ব গভীরভাবে অনুধাবন করবে।

কোর্সের বিবরণ

একক ১

ক. দেশভাগের রাজনৈতিক ইতিহাস। (১৯৪৭ পূর্ববর্তী প্রধান রাজনৈতিক ঘটনা ও ১৯৪৭ পরবর্তী পশ্চিমবঙ্গে উদ্বাস্ত সমস্যা— রাজনৈতিক ও সামাজিক প্রতিক্রিয়া)

খ. সংরূপ হিসেবে বাংলা ‘দেশভাগের সাহিত্য’; সাংস্কৃতিক ইতিহাসের নথিখানা হিসেবে দেশভাগের সাহিত্য পাঠের পদ্ধতি

একক ২

অমিয়ভূষণ মজুমদার, নির্বাস; প্রফুল্ল রায়, কেয়াপাতার নৌকো; নারায়ণ সান্যাল, বকুলতলা পি.এল. ক্যাম্প; হাসান আজিজুল হক, আগুনপাখি

একক ৩

গল্প : নারায়ণ গঙ্গোপাধ্যায়, সন্তোষকুমার ঘোষ, অতীন বন্দ্যোপাধ্যায়, সুনীল গঙ্গোপাধ্যায়, জ্যোতির্ময়ী দেবী, বিভূতিভূষণ মুখোপাধ্যায়, সুলেখা সান্যাল, সমরেশ বসু, দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, দেবেশ রায় (৩-জন লেখকের নির্বাচিত ৩টি গল্প)

নাটক ও চলচ্চিত্র : বিজন ভট্টাচার্য, গোত্রান্তর; সলিল সেন, নতুন ইহুদি; দিগন্তচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বাস্তবতা; ঋত্বিকুমার ঘটক, মেঘে ঢাকা তারা/ সুবর্ণরেখা (যে-কোনো ১-টি)

একক ৪

স্মৃতিকথা : দক্ষিণারঞ্জন বসু, ছেড়ে আসা গ্রাম; মিহির সেনগুপ্ত, বিষাদবৃক্ষ; মধুময় পাল (সম্পা.), নিজের কথায় মরিচবাঁপি

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অমলেন্দু চক্রবর্তী, বুদ্ধিজীবী ও বিচ্ছিন্নতাবাদ
 নির্মলকুমার বসু, সাতচল্লিশের ডায়েরি
 বিপন চন্দ্র, মৃদুলা মুখার্জী, আদিত্য মুখার্জী, ভারতবর্ষ স্বাধীনতার পরে: ১৯৪৭-২০০০
 বিবেকানন্দ মুখোপাধ্যায়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের ইতিহাস (১ম ও ২য় খণ্ড)
 মধুময় পাল, ক্ষুধার্ত বাংলা
 মধুময় পাল, দেশভাগ দেশভিখারি
 রামচন্দ্র গুহ, গান্ধী-উত্তর ভারতবর্ষ
 শেখর বন্দ্যোপাধ্যায়, পলাশি থেকে পার্টিশন
 সন্দীপ বন্দ্যোপাধ্যায়, ইতিহাসের দিকে ফিরে ছেচল্লিশের দাঙ্গা
 সন্দীপ বন্দ্যোপাধ্যায়, দেশভাগ দেশত্যাগ
 সেমন্তী ঘোষ (সম্পাদনা), দেশভাগ: স্মৃতি আর স্তব্ধতা
 হর্ষ দত্ত ও স্বপন বসু (সম্পাদনা), বিশশতকের বাঙালি জীবন ও সংস্কৃতি
 হিরণ্ময় বন্দ্যোপাধ্যায়, উদ্বাস্তু
 Larry Collins-Dominique Lapierre, *Freedon at Midnight*
 Prafulla Kumar Chakraborty, *The Marginal Men*
 Ritu Menon-Kamla Bhasin, *Border and Boundaries*

কোর্স কোড BNG507B

প্রগতি আন্দোলন ও বাংলা সাহিত্য

উদ্দেশ্য : বিংশ শতাব্দীর ত্রিশ ও চল্লিশের দশকে বিশ্বব্যাপী সাম্রাজ্যবাদ, ফ্যাসিবাদ ও ঔপনিবেশিক শোষণের বিরুদ্ধে যে প্রগতিশীল সাংস্কৃতিক চেতনার উত্থান ঘটে, তার ভারতীয় ও বাঙালি রূপের সঙ্গে শিক্ষার্থীর পরিচয় ঘটানোই বর্তমান কোর্সের মুখ্য উদ্দেশ্য। প্রগতি সাহিত্য আন্দোলনের উদ্ভব, বিকাশ, সাংগঠনিক ভিত্তি, মতাদর্শগত বিতর্ক এবং সাহিত্য-সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্রে তার প্রভাব সম্পর্কে সুসংহত ধারণা গড়ে তোলাই এই পাঠক্রমের অন্যতম লক্ষ্য। একই সঙ্গে কবিতা, গণসংগীত, উপন্যাস, ছোটগল্প, নাটক, চিত্রকলা ও চলচ্চিত্রে প্রগতিশীল ভাবনার বহুমাত্রিক প্রকাশ বিশ্লেষণের মাধ্যমে সাহিত্য ও সমাজবাস্তবতার আন্তঃসম্পর্ক অনুধাবনের সুযোগ সৃষ্টি করা হবে। এই কোর্সের মধ্যবর্তিতায় শিক্ষার্থী নন্দনতাত্ত্বিক দৃষ্টিকোণের পাশাপাশি সাহিত্যকে ইতিহাস, রাজনীতি, অর্থনীতি ও সংস্কৃতির পারস্পরিক দ্বন্দ্বিক সম্পর্কের ভিতর দিয়ে দেখতে শিখবে এবং তাঁর সমালোচনামূলক ও গবেষণামুখী দৃষ্টিভঙ্গির বিকাশ ঘটাবে।

ফলপরিণাম : এই কোর্স শেষে শিক্ষার্থী প্রগতি সাহিত্য আন্দোলনের ঐতিহাসিক প্রেক্ষাপট, তাত্ত্বিক ভিত্তি ও সাংস্কৃতিক তাৎপর্য ব্যাখ্যা করতে সক্ষম হবে; আন্দোলনের প্রধান সাহিত্যিক ও শিল্পধারার প্রতিনিধিত্বশীল রচনাগুলি সমালোচনামূলকভাবে বিশ্লেষণ করতে পারবে; সাহিত্য, শিল্প, রাজনীতি ও সমাজবাস্তবতার পারস্পরিক সম্পর্ক

মূল্যায়ন করতে সক্ষম হবে; এবং প্রগতি সাহিত্যকে কেন্দ্র করে স্বাধীন গবেষণা, পাঠ-সমালোচনা ও আন্তর্বিদ্যায়তনিক বিশ্লেষণের প্রাথমিক দক্ষতা অর্জন করবে।

শিক্ষণ-পদ্ধতি : এই কোর্সের শিক্ষণ-পদ্ধতি মূলত আন্তর্বিদ্যায়তনিক। বক্তৃতাভিত্তিক পাঠদানের পাশাপাশি নিবিড় পাঠ, নির্বাচিত পাঠ্য ও প্রামাণ্য নথির আলোচনা, সেমিনার উপস্থাপনা, দলগত আলোচনা, অডিও-ভিজুয়াল উপকরণের ব্যবহার, গণসংগীত ও চলচ্চিত্র-ভিত্তিক পাঠ, এবং গবেষণামুখী প্রকল্পের পর্যালোচনার মাধ্যমে পাঠদান পরিচালিত হবে। সাহিত্যকে ইতিহাস, রাজনীতি, অর্থনীতি, সংস্কৃতি ও সমাজবাস্তবতার বৃহত্তর প্রেক্ষাপটে বিশ্লেষণ ও মূল্যায়নের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে।

মূল্যায়ন : বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বিধি অনুযায়ী ধারাবাহিক অভ্যন্তরীণ মূল্যায়ন এবং সেমেস্টার-শেষ লিখিত পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে। প্রয়োজনে নির্বাচিত সাহিত্যপাঠ, চলচ্চিত্র বা সাংস্কৃতিক পাঠের বিশ্লেষণভিত্তিক প্রকল্পকেও মূল্যায়নের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

কোর্সের বিবরণ

একক ১ : প্রগতি সাহিত্য আন্দোলন : ঐতিহাসিক ও তাত্ত্বিক পটভূমি

- ক. প্রগতি সাহিত্যের সংজ্ঞা ও প্রগতি সাহিত্য বিতর্ক (নির্বাচিত প্রবন্ধের পরিপ্রেক্ষিতে)
- খ. ভারতীয় প্রগতি সাহিত্য সঙ্ঘ, বাংলায় প্রগতি সাহিত্য আন্দোলনের সূচনা ও বিস্তার
- গ. প্রগতি আন্দোলনের সাহিত্য পত্রিকা, সংকলন সম্পর্কে ধারণা
- ঘ. প্রগতি সাহিত্য আন্দোলনের উত্তরাধিকার

একক ২ : কবিতা ও গান (নির্বাচিত পাঠ)

- ক. বাংলা কবিতা ও প্রগতি সাহিত্য আন্দোলন : বিষ্ণু দে, অরুণ মিত্র, সমর সেন, দীনেশ দাস, সুভাষ মুখোপাধ্যায়, মণীন্দ্র রায়, সুকান্ত ভট্টাচার্য, মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়, রাম বসু, বীরেন্দ্র চট্টোপাধ্যায় (যে-কোনো ৫-জন কবির ৫-টি কবিতা)
- খ. গণসংগীত ও প্রগতি সাহিত্য আন্দোলন : জ্যোতিরিন্দ্র মৈত্র, হেমঙ্গ বিশ্বাস, সলিল চৌধুরী, বিনয় রায় (যে-কোনো ২-জন)

একক ৩ : কথাসাহিত্য (নির্বাচিত পাঠ)

- ক. উপন্যাস : মানিক বন্দ্যোপাধ্যায়, চিহ্ন; ননী ভৌমিক, ধুলোমাটি; গোপাল হালদার, একদা; রমেশচন্দ্র সেন, মালঙ্গীর কথা; সাবিত্রী রায়, স্বরলিপি (যে-কোনো একটি)
- খ. ছোটগল্প : মানিক বন্দ্যোপাধ্যায়, ছোট বকুলপুরের যাত্রী; স্বর্ণকমল ভট্টাচার্য, হাতেখড়ি; সোমেন চন্দ, ইঁদুর; ননী ভৌমিক, ধানকানা; সাবিত্রী রায়, নূতন কিছু নয়; সুলেখা সান্যাল, গাজন সন্ন্যাসী; রমেশচন্দ্র সেন, সাদা ঘোড়া (৩-জন লেখকের ১-টি করে গল্প)

একক ৪ : নাটক ও অন্যান্য (প্রগতি সাহিত্যের সঙ্গে সম্পর্ক আলোচনাসহ)

- ক. প্রগতি সাহিত্য ও গণনাট্য; বিজন ভট্টাচার্য, দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়, তুলসী লাহিড়ী, শম্ভু মিত্র (২জন)

খ. চিত্রকলা, চলচ্চিত্র ও প্রগতি সাহিত্য আন্দোলন : সোমনাথ হোর, চিত্তপ্রসাদ, জয়নুল আবেদিন (১জন);
সুনীল জানা; বিমল রায়, ঋত্বিককুমার ঘটক, মৃণাল সেন (১জন)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অবনী লাহিড়ী, *তিরিশ চল্লিশের বাংলা*
অমলেন্দু সেনগুপ্ত, *উত্তাল চল্লিশ অসমাপ্ত বিপ্লব*
উৎপল সেনগুপ্ত (সম্পা.), *যুদ্ধকালীন সাহিত্য সংগ্রহ*
চিত্তপ্রসাদ, *ক্ষুধার্থ বাংলা*
তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *আমার সাহিত্যজীবন* দ্বিতীয় খণ্ড
দেবশীষ সেনগুপ্ত, *প্রগতি সাহিত্য ও প্রগতির পথিকেরা*
ধনঞ্জয় দাশ, *মার্কসবাদী সাহিত্য বিতর্ক*
বিনয় ঘোষ, *নতুন সাহিত্য ও সমালোচনা*
বিবেকানন্দ মুখোপাধ্যায়, *দ্বিতীয় বিশ্বযুদ্ধের ইতিহাস*
সন্দীপন ভট্টাচার্য (সম্পা.), *ছবির রাজনীতি রাজনৈতিক ছবি*
সরদার ফজলুল করিম, *চল্লিশের ঢাকা*
সাজ্জাদ জহির, *রোশনাই*, অনুবাদ : এলহাম হোসেন
চিন্মোহন সেহানবীশ, *৪৬ নং একটি সাংস্কৃতিক আন্দোলন প্রসঙ্গে*
শুভেন্দু দাশগুপ্ত, *সংবাদ-চিত্রকর চিত্তপ্রসাদ*
সুধী প্রধান, *সংস্কৃতির প্রগতি*
সুভাষ মুখোপাধ্যায়, *কেন লিখি*
হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়, *তরী হতে তীর*
Sudhi Pradhan, *Marxist Cultural Movement in India*
Lila Ray, *A Challenging Decade*

কোর্স কোড BNG507C

বাংলা দলিত সাহিত্য

উদ্দেশ্য : বাংলা দলিত সাহিত্য কেবল একটি সাহিত্যিক প্রবণতা নয়; এটি জাতিভিত্তিক আধিপত্য, সামাজিক বর্জন, সাংস্কৃতিক প্রতিরোধ এবং আত্মপ্রতিনিধিত্বের দীর্ঘ ইতিহাসের সাহিত্যিক অভিব্যক্তি। এই কোর্সে বাংলা দলিত সাহিত্যকে বৃহত্তর ভারতীয় দলিত আন্দোলন, সাবঅল্টার্ন ইতিহাসচর্চা, জাতি-শ্রেণি বিতর্ক, দলিত নারীবাদ এবং

সাংস্কৃতিক রাজনীতির পরিপ্রেক্ষিতে অধ্যয়ন করা হবে। সাহিত্যপাঠের পাশাপাশি আর্কাইভ, ছোটপত্রিকা, মৌখিক ইতিহাস এবং সমকালীন দলিত জনপরিসরও আলোচনার অন্তর্ভুক্ত থাকবে।

ফলপরিণাম : এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থী বাংলা দলিত সাহিত্যকে তার ঐতিহাসিক, সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপটে সমালোচনামূলকভাবে বিশ্লেষণ করতে সক্ষম হবে, যা তাকে জাতি, শ্রেণি, লিঙ্গ ও অঞ্চলভিত্তিক ক্ষমতা-সম্পর্কের আলোকে সাহিত্যপাঠের দক্ষতা প্রদান করবে এবং বাংলা দলিত সাহিত্য সম্পর্কিত স্বতন্ত্র গবেষণা-প্রস্তাব ও গবেষণাপত্র রচনায় উদ্বুদ্ধ করবে। একই সঙ্গে আর্কাইভ, মৌখিক ইতিহাস ও ছোটপত্রিকাভিত্তিক গবেষণার প্রাথমিক পদ্ধতিগত জ্ঞান অর্জন করে বাংলা সাহিত্য ও সংস্কৃতির ক্ষেত্রে প্রান্তিক কণ্ঠস্বর এবং বিকল্প ইতিহাসের গুরুত্ব মূল্যায়নে সক্ষম হবে।

শিক্ষণপদ্ধতি : বক্তৃতাভিত্তিক পাঠদানের পাশাপাশি, পাঠ্য ও তাত্ত্বিক গ্রন্থের সমালোচনামূলক আলোচনা, দলগত পর্যালোচনা, গবেষণাপত্র ও বই-পর্যালোচনা রচনা, দলিত সাহিত্যের তথ্যভাণ্ডার নির্মাণ, মৌখিক ইতিহাস সংগ্রহের প্রাথমিক প্রশিক্ষণ এবং প্রকল্পভিত্তিক শিক্ষণপদ্ধতির সমন্বয়ে কোর্সটি পরিচালিত হবে।

মূল্যায়ন : প্রকল্পপত্র নির্মাণ, উপস্থাপনা, মৌখিক পরীক্ষা ছাড়াও লিখিত পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হবে।

কোর্সের বিবরণ

একক ১ : জাতি, আধুনিকতা ও দলিত চেতনার ইতিহাস

জাতি ও শ্রেণি : তাত্ত্বিক বিতর্ক

বাংলার বর্ণব্যবস্থা : ঐতিহাসিক উৎপত্তি ও সামাজিক রূপান্তর

ঔপনিবেশিক আধুনিকতা, জনগণনা ও জাতির পুনর্গঠন

বাংলা দলিত সাহিত্য : ধারণা, বৈশিষ্ট্য, সীমানানির্দেশ ও বর্ণীকরণের প্রাসঙ্গিকতা

দলিত সাহিত্য আন্দোলনের উদ্ভব : মহারাষ্ট্র থেকে বাংলা

একক ২ : আত্মকথা, স্মৃতি ও সাংস্কৃতিক অভিব্যক্তি

আত্মকথা ও দলিত অভিজ্ঞতার ভাষা; জীবনলিখন ও আত্মপরিচয় নির্মাণ; আত্মপ্রতিনিধিত্ব, অভিজ্ঞতা ও সাক্ষ্যের রাজনীতি

লোকসংস্কৃতি, মৌখিক ঐতিহ্য ও দলিত সাহিত্য (সন্দীপ বন্দ্যোপাধ্যায়ের দলিতের আখ্যানবৃত্ত-র পরিপ্রেক্ষিতে)

নির্বাচিত পাঠ : মনোরঞ্জন ব্যাপারী, ইতিবৃত্তে চণ্ডালজীবন; কপিলকৃষ্ণ ঠাকুর, উজানতলির রূপকথা (যে-কোনো ১-টি বইয়ের নির্বাচিত অংশ)

ইউনিট ৩ : বাংলা দলিত আখ্যান, কবিতা ও নন্দনতত্ত্ব

দলিত নন্দনতত্ত্বের স্বরূপ ও বিতর্কের পরিপ্রেক্ষিতে নির্বাচিত দলিত সাহিত্যের পাঠ:

মনোরঞ্জন ব্যাপারী, কল্যাণী ঠাকুর চাডাল, যতীন বালা, মনোহরমৌলী বিশ্বাস, অধীর বিশ্বাস, সুনীল মাজি, অনিল ঘড়াই, দেবাশিস মণ্ডল (১-টি উপন্যাস অথবা ৩জন লেখকের ৩টি গল্প ও ২টি করে কবিতা)

একক ৪ : দলিত সাহিত্য : প্রবণতা ও গবেষণার অভিমুখ

দলিত পত্র-পত্রিকা, প্রতিষ্ঠান ও প্রকাশনা, দলিত সাহিত্য ও সাবঅল্টার্ন স্টাডিজ, অনুবাদে বাংলা দলিত সাহিত্য, বাংলা দলিত সাহিত্য ও ভারতীয় দলিত সাহিত্যের তুলনামূলক আলোচনা, বাংলা দলিত সাহিত্য ও আফ্রিকান-আমেরিকান সাহিত্য

সহায়ক গ্রন্থ

গায়ত্রী চক্রবর্তী স্পিভাক, অপর

গৌতম ভদ্র, *ইমান আর নিশান*

দেবেশ রায় (সম্পা.), *দলিত*

চিত্ত মণ্ডল, প্রথমা রায় মণ্ডল, *বাংলার দলিত আন্দোলনের ইতিবৃত্ত*

জ্যোতিবা ফুলে, *গুলমগিরি*

মনোহর মৌলি বিশ্বাস, *দলিত সাহিত্যের রূপরেখা*

মনোহর মৌলি বিশ্বাস-শ্যামলকুমার বিশ্বাস, *শতবর্ষের বাংলা দলিত সাহিত্য*

মৃন্ময় প্রামাণিক (সম্পা.), *দলিত সাহিত্য চর্চা*

মৃন্ময় প্রামাণিক-শ্যামলকুমার বিশ্বাস (সম্পা.), *দলিত সাহিত্যের বহুস্বর*

শরণকুমার লিঙ্গালে, *দলিত নন্দনতত্ত্ব*, অনুবাদ : মৃন্ময় প্রামাণিক

অনুষ্ঠাপ, দলিত ভারত সংখ্যা

Arundhati Roy, *The Doctor and the Saint: The Ambedkar-Gandhi Debate*

B R Ambedkar, *Annihilation of Caste*

Gayatri Chakravorty Spivak, *Can the Subaltern Speak?*

Sekhar Bandyopadhyay, *Caste, Culture and Hegemony: Social Dominance in Colonial Bengal.*

Sekhar Bandyopadhyay, *Caste, Politics and the Raj: Bengal 1872-1937,*

কোর্স কোড : BNG507D

মানবীবিদ্যা এবং বাংলা সমাজ ও সাহিত্য

উদ্দেশ্য : বাংলা সাহিত্য ও সংস্কৃতির বিস্তৃত ঐতিহাসিক পরিসরে নারীর অভিজ্ঞতা, আত্মপ্রকাশ, সাহিত্যিক নির্মাণ এবং নারীবাদী চিন্তার বিকাশকে সমালোচনামূলকভাবে অনুধাবন করাই বর্তমান কোর্সের মুখ্য উদ্দেশ্য। বাংলা ভাষায় নারীবাদী সাহিত্যচর্চার স্বতন্ত্র ঐতিহ্যকে আন্তর্জাতিক নারীবাদী তত্ত্বের পটভূমিকায় বিচার এবং শিক্ষার্থীকে লিঙ্গ, শ্রেণি, জাত, যৌনতা ও প্রান্তিকতার আন্তঃসম্পর্কের আলোকে বাংলা সাহিত্য বিশ্লেষণে পারঙ্গম করে তোলাই এই কোর্সের অন্যতম লক্ষ্য। স্নাতক স্তরের পাঠক্রমের পরবর্তী পর্যায় হিসেবে পাঠক্রমটি প্রস্তুত করা হয়েছে।

শিক্ষণপদ্ধতি : এই কোর্সের শিক্ষণপদ্ধতি আন্তর্বিদ্যায়তনিক। সাহিত্য সঙ্গে ইতিহাস, সমাজতত্ত্ব, সংস্কৃতিচর্চা ও নারীবাদী সাহিত্যতত্ত্বের আন্তঃবিষয়ক সমন্বয়ের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে। এই কোর্সে বক্তৃতাভিত্তিক

পাঠদানের পাশাপাশি নিবিড় পাঠ, পাঠ্যসমালোচনা, দলগত আলোচনা, শিক্ষার্থী-নেতৃত্বাধীন উপস্থাপনা এবং গবেষণাভিত্তিক অ্যাসাইনমেন্টের মাধ্যমে এই কোর্স পরিচালিত হবে।

ফলপরিণাম : এই কোর্স শেষে শিক্ষার্থী বাংলা নারীবাদী সাহিত্য ও চিন্তার ঐতিহাসিক বিকাশ এবং বাংলার নারীবাদী মননের স্বাতন্ত্র্য অনুধাবন করতে সক্ষম হবে। নারীবাদী সাহিত্যতত্ত্ব ও সমালোচনাপদ্ধতির আলোকে বাঙালি নারীর আত্মকথা, আখ্যান, কবিতা ও মঞ্চচর্চা বিশ্লেষণ ও মূল্যায়নের দক্ষতা অর্জন করবে। একই সঙ্গে বাংলা সাহিত্য ও সংস্কৃতিতে লিঙ্গ, শ্রেণি, জাত, যৌনতা ও প্রান্তিকতার আন্তঃসম্পর্ক সমালোচনামূলকভাবে অনুধাবন করে গবেষণামুখী দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে সক্ষম হবে।

মূল্যায়ন : বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত সেমিস্টার-শেষের লিখিত পরীক্ষার পাশাপাশি উদ্ভাবনীমূলক ধারাবাহিক অভ্যন্তরীণ মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর বিশ্লেষণী ক্ষমতা, পাঠদক্ষতা ও সমালোচনামূলক চিন্তার বিকাশ মূল্যায়িত হবে।

কোর্সের বিবরণ

একক ১ : বাঙালি নারীর আত্মজিজ্ঞাসা: ঐতিহাসিক ভিত্তি

ক. প্রাগাধুনিক বাংলার সমাজ, ধর্ম ও নারী-অবস্থান; মধ্যযুগের বাংলা সাহিত্যে নারীকণ্ঠ ও নারী-অভিজ্ঞতা (গীতিকা, বৈষ্ণব সাহিত্য, শাক্ত পদাবলি ও মঙ্গলকাব্যে নারীর নির্মাণ)

খ. ঔপনিবেশিক আধুনিকতা, সমাজসংস্কার ও বাঙালি মেয়েদের জগৎ (নারীকেন্দ্রিক সমাজসংস্কার আন্দোলন, স্ত্রীশিক্ষা ও নারী-অধিকার, ভদ্রমহিলার ধারণা, নারীকেন্দ্রিক পত্র-পত্রিকা, ব্রাহ্মসমাজ ও ঠাকুরবাড়ি); জাতীয়তাবাদ, গণ-আন্দোলন ও বাংলার মেয়েরা; পাশ্চাত্য নারীবাদের তিন তরঙ্গ ও ভারতীয় নারীমুক্তি আন্দোলনের প্রেক্ষাপটে বাংলায় নারীবাদী চিন্তার স্বকীয়তা

একক ২ : বাংলা আখ্যানে নারীর আত্মপরিচয় ও আত্মকথন

গৃহস্থালী ও বহির্জগৎ; যৌনতা, বিবাহ ও মাতৃত্ব; শ্রমজীবী ও প্রান্তিক নারী; লিঙ্গরাজনীতি ও নারীদেহ; আত্মপরিচয়, আত্মকথন ও নারীর আত্মনির্মাণের পরিপ্রেক্ষিতে নির্বাচিত আখ্যানের পাঠ (নিম্নোক্ত যে-কোনো একটি নির্বাচিত বর্গ)।

অ. উপন্যাস : জ্যোতির্ময়ী দেবী, এপার গঙ্গা ওপার গঙ্গা; লীলা মজুমদার, চীনে লণ্ঠন; মীনাক্ষী সেন, জেলের ভেতরে জেল; নবনীতা দেবসেন, বামাবোধিনী (১-টি)

আ. গল্প : আশাপূর্ণা দেবী, সুলেখা সান্যাল, সাবিত্রী রায়, মহাশ্বেতা দেবী, জয়া মিত্র, অনিতা অগ্নিহোত্রী (যে-কোনো ৩ জনের ২ টি করে মোট ৬টি গল্প)

ই. আত্মকথা : সরলা দেবী, জীবনের ঝরাপাতা; মণিকুন্তলা সেন, সেদিনের কথা; কানন দেবী, সবারে আমি নমি; করুণা বন্দ্যোপাধ্যায়, সর্বজয়াচরিত্র ১ (নির্বাচিত অংশ); বেবী হালদার, আলো-আঁধারী; তসলিমা নাসরিন, আমার মেয়েবেলা (যে-কোনো ১-টি আত্মকথা)

একক ৩ : বাংলা কাব্য ও মঞ্চে নারীর আত্মপ্রকাশ

নারীর কাব্যভাষা, আত্মপ্রকাশ ও প্রতিবাদ; সামাজিক অবস্থান, লিঙ্গরাজনীতি ও প্রতিরোধ; নারীদেহ, প্রেম, যৌনতা ও মাতৃত্বের পুনর্নির্মাণ; মঞ্চ, অভিনয় ও পারফরম্যান্সে নারীর আত্মপরিচয় ও সাংস্কৃতিক উপস্থিতির পরিপ্রেক্ষিতে নির্বাচিত কবিতাপাঠ ও মঞ্চাভিনেত্রীদের অবদান

ক. কবিতা : অপরাজিতা দেবী, রাজলক্ষ্মী দেবী, কবিতা সিংহ, দেবারতি মিত্র, গীতা চট্টোপাধ্যায়, মল্লিকা সেনগুপ্ত, মন্দাকান্তা সেন (যে-কোনো ৩ জনের অন্তত ২-টি করে কবিতা)

খ. মঞ্চাভিনেত্রী : বিনোদিনী দাসী, তারাসুন্দরী, তৃপ্তি মিত্র, শোভা সেন, কেতকী দত্ত, কেয়া চক্রবর্তী (যে-কোনো ২ জন)

একক ৪ : নারীবাদী সাহিত্যসমালোচনা : বাঙালির পরিগ্রহণ ও উদ্ভাবন

বাংলা সাহিত্য ও সংস্কৃতির পরিপ্রেক্ষিতে নারীবাদী সাহিত্যতত্ত্ব, সমালোচনাপদ্ধতি ও পাঠকৌশল; নারী-লিখনের পুনর্মূল্যায়ন এবং লিঙ্গ-রাজনীতি, যৌনতা, ক্ষমতা, শ্রেণি, জাত ও প্রান্তিকতার আন্তঃসম্পর্কের আলোকে নির্বাচিত পাঠ।

ক. নারী-লিখন, নারীকেন্দ্রিক সমালোচনা ও নারীবাদী সাহিত্যতত্ত্ব, উদারনৈতিক নারীবাদ, মার্কসবাদ ও সমাজতান্ত্রিক নারীবাদ, উত্তর-ঔপনিবেশিক নারীবাদ, দলিত ও প্রান্তিক নারীবাদ, পরিবেশবাদী নারীবাদ, কুইয়ার পাঠ ও লিঙ্গ-বৈচিত্র্য (যে-কোনো ৩-টি প্রসঙ্গ)

খ. সুকুমারী ভট্টাচার্য, কল্যাণী দত্ত, কনক মুখোপাধ্যায়, নবনীতা দেবসেন, কেতকী কুশারী ডাইসন, গায়ত্রী চক্রবর্তী স্পিভাক, শেফালী মৈত্র, যশোধরা বাগচী, সুতপা ভট্টাচার্য, মল্লিকা সেনগুপ্ত (যে-কোনো ৩-জন)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

আনিসুজ্জামান, *বাঙালি নারী : সাহিত্যে ও সমাজে*

কবিতা সিংহ, *অগ্রস্থিত গদ্য*

গীতশ্রী বন্দনা সেনগুপ্ত, *স্পর্ধিত অন্তর্লোক : আত্মচরিতে নারী প্রগতির ধারা*

গোলাম মুরশিদ, *রাসসুন্দরী থেকে রোকেয়া*

গোলাম মুরশিদ, *আধুনিকতার অভিঘাতে বঙ্গরমণী*

চিত্রা দেব, *অন্তঃপুরের আত্মকথা*

তসলিমা নাসরিন, *কলাম সমগ্র*

নবনীতা দেবসেন, *চন্দ্র-মল্লিকা এবং প্রাসঙ্গিক প্রবন্ধ*

পুলক চন্দ (সম্পা.), *নারীবিশ্ব*

মল্লিকা সেনগুপ্ত, *গদ্যসংগ্রহ*

যশোধরা বাগচী, *পরিযায়ী নারী ও মানবাধিকার*

যশোধরা বাগচী, *নারী ও নারীর সমস্যা*

রাজশ্রী বসু ও বাসবী চক্রবর্তী, *মানবীবিদ্যা*

শেফালী মৈত্র, *নৈতিকতা ও নারীবাদ*

সুকুমারী ভট্টাচার্য, *প্রবন্ধসংগ্রহ* (১-৫)
সুতপা ভট্টাচার্য, *বাঙালি মেয়ের ভাবনামূলক গদ্য*
Jasodhara Bagchi, *Indian Women: Myth and Reality*
Maroona Murmu, *Words of her Own*
Michel Foucault, *The History of Sexuality*
Nibedita Menon, *Seeing Like a Feminist*
Radha Kumar, *The History of Doing*
Ritu Menon and Kamala Vasin, *Borders and Boundaries*
Simone De Beauvoir, *The Second Sex*
Supriya Chaudhuri (Ed), *Literature and Gender*
Virginia Woolf, *A Room of One's Own*

কোর্স কোড : BNG507E

রবীন্দ্রনাথের চিন্তা ও কর্মজগৎ

উদ্দেশ্য : রবীন্দ্রনাথের প্রধান পরিচয় কবি হলেও তাঁর দীর্ঘজীবনে তিনি চিন্তক ও কর্মী হিসেবে নানা ক্ষেত্রে সক্রিয় ছিলেন। একদিকে রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, পল্লিউন্নয়ন প্রভৃতি ক্ষেত্রে যেমন তাঁর চিন্তার বিবিধমাত্রা রয়েছে, তেমনি সেই চিন্তাকে বাস্তবরূপ দেবার জন্য তাঁর নানাবিধ চেষ্টা এর পাশাপাশি ধর্ম এবং সমাজের ক্ষেত্রেও তাঁর চিন্তাভাবনা খুবই গুরুত্বপূর্ণ। বাংলার শিল্প-সাহিত্য-সংস্কৃতি রবীন্দ্রনাথের হাতে বিশ শতকে একটা সুনির্দিষ্ট রূপ ধারণ করেছে। রবীন্দ্রনাথের বিভিন্ন কর্মোদ্যোগ ও লেখালেখিতে তার পরিচয় ধরা আছে। ছিল। বিবিধ উদ্যোগের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় ঘটানো এই কোর্সের একটি প্রধান উদ্দেশ্য।

ফলপরিণাম : রবীন্দ্রনাথকে বিস্তৃতভাবে করে জানার মধ্যে দিয়ে বাংলার দেশ-কাল-সমাজ-সংস্কৃতি ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি আরো সজাগ হবে। এই সূত্রেই আন্তর্বিদ্যাচর্চার নানা দিকে তাঁদের উৎসাহ বাড়বে। শান্তিনিকেতনের ইতিহাস ও বাঙালি সংস্কৃতিতে তার সামগ্রিক প্রভাবের দিকটা সম্পর্কেও একটা স্বচ্ছ ধারণা তৈরি হবে।

শিক্ষণপদ্ধতি : রবীন্দ্রনাথের জীবন ও কর্মের দিকগুলি বক্তৃতাভিত্তিক শিক্ষণপদ্ধতির পাশাপাশি অন্যান্য উপাদান, যেমন রবীন্দ্রভবন আর্কাইভে রক্ষিত সমস্ত নথি, শ্রীনিকেতনে, সংগীতভবনে এবং কলাভবনে ক্ষেত্রসমীক্ষার মাধ্যমে বিষয়গুলিকে শিক্ষার্থীদের কাছে অধিগম্য করে তোলা হবে। অডিও ভিজুয়াল সহ বিবিধ পরিসরে ক্ষেত্রসমীক্ষার মাধ্যমে রবীন্দ্রনাথের চিন্তা ও কর্মজগৎ সম্পর্কে তাঁরা বিষয়গুলি অনুধাবন করতে পারবেন এবং উত্তরকালে বিস্তারে গবেষণার জন্য এই অভিজ্ঞতা আরো ফলপ্রসূ হবে।

কোর্সের বিবরণ

একক ১ : শিক্ষাচিন্তা ও পল্লিচিন্তা

- ক. শিশুশিক্ষা; উচ্চশিক্ষা; শান্তিনিকেতনের শিক্ষা; জনশিক্ষা
- খ. পল্লিসংক্রান্ত ভাবনা; গ্রাম পুনর্গঠন

একক ২ : রাজনীতি ও অর্থনীতি

- ক. ভারতবর্ষের ধারণা; স্বদেশী ও স্বাধীনতা আন্দোলন; ন্যাশনালিজম; রবীন্দ্রনাথ, গান্ধি ও সুভাষচন্দ্র
- খ. কৃষি ও সমবায়ভাবনা, ধনতন্ত্র সম্পর্কিত ভাবনা, রাশিয়ার অর্থনীতি ও রবীন্দ্রনাথের ভাবনা

একক ৩ : ধর্ম ও সমাজ

- ক. ব্রাহ্মসমাজ ও রবীন্দ্রনাথ; নৈবেদ্য থেকে গীতাঞ্জলি পর্ব; শেষ পর্বের ধর্মচিন্তা
- খ. ভারতবর্ষীয় সমাজ; হিন্দুমুসলমান সম্পর্ক; নারীভাবনা

একক ৪ : সংস্কৃতি

- ক. বাঙালির রুচি ও সংস্কৃতির রূপায়ণে রবীন্দ্রনাথের ভূমিকা
- খ. সংগীতচিন্তা, নৃত্যভাবনা, নাট্যচিন্তা, ভাষা ও হৃন্দচিন্তা

কোর্স কোড : BNG507F

বাঙালির চিন্তাজগৎ ও বাংলা প্রবন্ধ

উদ্দেশ্য : নির্বাচিত প্রবন্ধগুলি পাঠের মাধ্যমে ছাত্রছাত্রীরা বাংলা গদ্যের ক্রমবিকাশের ধারাটি অনুধাবন করতে পারবে। বাঙালির যুক্তিবোধ, সহৃদয় মানসিকতা, তার আত্মশক্তি ও গৌরব, রুচিও এইসঙ্গে জ্ঞাত হবে। বাংলা সাহিত্যের নানা দিক, প্রখ্যাত বাঙালি সাহিত্যিক, ভারতীয় প্রাচীন সাহিত্য, বিদেশি সাহিত্যের সঙ্গে বাংলা সাহিত্যের তুলনাত্মক বিচার, বাংলা ভাষার প্রকৃতি প্রভৃতি সম্পর্কিত বিষয়ে জ্ঞান লাভ করার পাশাপাশি ছাত্রছাত্রীদের চিন্তাশক্তি, বিচার ধারা ও রচনা নৈপুণ্য বৃদ্ধি পাবে।

শিক্ষণপদ্ধতি : বক্তৃতা ও লিখনের মাধ্যমে পাঠদানের পাশাপাশি প্রশ্ন-উত্তর পর্ব এবং প্রয়োজনীয় বিভিন্ন সাহিত্যিক নিদর্শন যেমন, ছাপাখানার প্রথম যুগের বাংলা বর্ণ, ছাপার ও লেখার পদ্ধতি দেখানোর মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মনে প্রবন্ধ পাঠে আগ্রহ বৃদ্ধির পাশাপাশি তাদের বিচারশীল মন তৈরি হবে।

মূল্যায়ন : লিখিত ও মৌখিক পরীক্ষার পাশাপাশি ছাত্রছাত্রীদের বিভিন্ন প্রকল্প তৈরি করতে দেওয়ার মাধ্যমে লিখন-শৈলী ও চিন্তাশক্তি পরীক্ষা করা যাবে।

ফলপরিণাম : ছাত্রছাত্রীরা বাংলা ভাষা, বাংলা সাহিত্যিক, বাঙালি সংস্কৃতি ও রুচি সম্পর্কে জ্ঞাত হয়ে জীবনপথে অগ্রসর হওয়ার দিশা পাবে। তাদের চিন্তাশক্তি ও রচনানৈপুণ্য বৃদ্ধি পাবে। ফলে তাদের সামনে কর্মক্ষেত্রে প্রবেশের পথ সুগম হবে।

কোর্সের বিবরণ

একক ১ : দেশ ও সমাজচিন্তা (২টি বর্গ থেকে অন্তত ২টি করে মোট ৫টি)

- ক. রামমোহন রায়, ‘সহমরণ বিষয়ক প্রবর্তক ও নিবর্তক সম্বাদ’ (প্রথম প্রস্তাব); ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, বাল্যবিবাহের দোষ; রাজনারায়ণ বসু, শিক্ষিত বঙ্গবাসীগণের মধ্যে জাতীয় গৌরবেচ্ছা সঞ্চারিণী সভা সংস্থাপনের প্রস্তাব (বিবিধ প্রবন্ধ - প্রথম খণ্ড); বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ‘বাঙ্গালীর বাহুবল’ (বিবিধ প্রবন্ধ); শিবনাথ শাস্ত্রী, সামাজিক আন্দোলন ও বঙ্গে স্ত্রীশিক্ষার আয়োজন (রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ); কৈলাসবাসিনী দেবী, হিন্দু মহিলাদের হীনাবস্থা; প্রমথ চৌধুরী, রায়তের কথা
- খ. কাজী আব্দুল ওদুদ, বাংলার জাগরণ; অন্নদাশঙ্কর রায়, যে দেশে বহু ধর্ম বহু ভাষা; বিনয় ঘোষ, মেট্রোপলিটন মন, শিবনারায়ণ রায়, মানবতন্ত্র; অন্নান দত্ত, গণতন্ত্র ও সাম্যবাদের সংকট; পার্থ চট্টোপাধ্যায়, রাবীন্দ্রিক নেশন কী; দীপেশ চক্রবর্তী, উন্নয়ন ও আধুনিকতা বর্তমান-সর্বস্ব এই সময়

একক ২ : সাহিত্য ও ভাষাচিন্তা (২টি বর্গ থেকে অন্তত ২টি করে মোট ৫টি)

- ক. রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ; বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, উত্তরচরিত; হরপ্রসাদ শাস্ত্রী, কালিদাস ও সেক্সপিয়র; বীরেশ্বর পাণ্ডে, জাতীয় সাহিত্য; প্রমথ চৌধুরী, আমাদের ভাষাসংকট; মোহিতলাল মজুমদার, সাহিত্যকথা
- খ. সুকুমার সেন, রামকথার প্রাক-ইতিহাস; সুধীন্দ্রনাথ দত্ত, ছন্দোমুক্তি ও রবীন্দ্রনাথ; আবু সয়ীদ আইয়ুব, অমঙ্গলবোধ ও আধুনিক কবিতা, বুদ্ধদেব বসু, রামায়ণ; বিষ্ণু দে, গল্পে উপন্যাসে সাবালক বাংলা; অশোক মিত্র, কবিতা থেকে মিছিলে (১-টি প্রবন্ধ); নবনীতা দেবসেন, ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী, শিশিরকুমার দাশ, গদ্য পদ্যের দ্বন্দ্ব (১-টি প্রবন্ধ)

একক ৩ : ধর্ম ও সংস্কৃতি চিন্তা (২টি বর্গ থেকে অন্তত ২টি করে মোট ৫টি)

- ক. কালীপ্রসন্ন সিংহ, কলিকাতার বারোইয়ারি-পূজা; বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, আদি ব্রাহ্ম সমাজ ও ‘নব হিন্দু সম্প্রদায়’; শিবনাথ শাস্ত্রী, ধর্মের রূপ ও স্বরূপ; ব্রহ্মবাক্য উপাধ্যায়, হিন্দুজাতির একনিষ্ঠতা; স্বামী বিবেকানন্দ, হিন্দুধর্ম
- খ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়, সংস্কৃতি; ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়, রবীন্দ্র-সংগীত; প্রমথনাথ বিশী, সংস্কৃত বর্জন না সুরক্ষণ; সৈয়দ মুজতবা আলী, বই কেনা; শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় বাঙালীর রুচি; গোপাল হালদার, বাংলার কালচার; সুধীর চক্রবর্তী, পিতা আল্লা মাতা আহ্লাদিনী (সাহেবধনী সম্প্রদায়, তাদের গান) (১-টি প্রবন্ধ)

একক ৪ : দর্শন ও বিজ্ঞান চিন্তা (২টি বর্গ থেকে অন্তত ২টি করে মোট ৫টি)

- ক. অক্ষয়কুমার দত্ত, বাহ্য বস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার (প্রথম খণ্ড থেকে ১-টি প্রবন্ধ); দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, কান্টের দর্শন ও বেদান্ত দর্শন; কৃষ্ণকমল ভট্টাচার্য, পজিটিবিজম কাহাকে বলে; স্বর্ণকুমারী দেবী, পৃথিবী (নির্বাচিত অংশ); জগদীশচন্দ্র বসু, ‘অব্যক্ত’ (১-টি প্রবন্ধ); রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, জগতের অস্তিত্ব; জগদানন্দ রায়, প্রকৃতি পরিচয়; সত্যেন্দ্রনাথ বসু, বিজ্ঞানের সংকট
- খ. দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, মায়া: ভাববাদের আবির্ভাব; শচীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, রবীন্দ্রনাথের সৌন্দর্যদর্শন; বিমলকৃষ্ণ মতিলাল, নীতি, যুক্তি ও ধর্ম : কাহিনী সাহিত্যের রাম ও কৃষ্ণ (যে-কোনো একটি প্রবন্ধ);

রামকৃষ্ণ ভট্টাচার্য, নিক্কাম কর্ম : ধর্মীয় ধারণা ও বাস্তবতা; পলাশ বরন পাল, বিজ্ঞানমনস্ক রবীন্দ্রনাথ;
আশীষ লাহিড়ী, বিজ্ঞান ও মতাদর্শ

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অধীর দে, আধুনিক বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারা
অরুণকুমার মুখোপাধ্যায়, বাংলা সমালোচনার ইতিহাস
আশীষ লাহিড়ী, বঙ্গ বিজ্ঞান: উন্মেষ পর্ব
আশীষ লাহিড়ী, বঙ্গ বিজ্ঞান : বিকাশ পর্ব
জগদীশচন্দ্র বসু, বৈজ্ঞানিক প্রবন্ধাবলী
পথিক গুহ, সৃষ্টির অন্তরালে
প্রমথনাথ বিশী, বাংলা গদ্যের পদাঙ্ক
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, কমলাকান্তের দণ্ডুর (বঙ্গীয় সাহিত্য পরিষদ)
বুদ্ধদেব ভট্টাচার্য, বঙ্গসাহিত্যে বিজ্ঞান
বিকাশ সিনহা, মহাবিশ্বের অন্তরে
ভবতোষ দত্ত, চিন্তানায়ক বঙ্কিমচন্দ্র
মোহিতলাল মজুমদার, বঙ্কিমচন্দ্র
রাজশেখর বসু, প্রবন্ধাবলী
রামমোহন রচনাবলী (বঙ্গীয় সাহিত্য পরিষদ)
সমালোচনা সাহিত্য পরিচয়, কলকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত
সাহিত্য সাধক চরিতমালা - বঙ্গীয় সাহিত্য পরিষদ

কোর্স কোড : BNG507G

আখ্যানতত্ত্ব, বাংলা আখ্যান ও প্রয়োগ

উদ্দেশ্য : পাশ্চাত্য আখ্যানতত্ত্ব বিশ শতকের দ্বিতীয়ার্ধে স্বতন্ত্র বিদ্যাশৃঙ্খলা হিসেবে আত্মপ্রকাশ করেছে। আখ্যানের প্রকৃতি ও প্রকরণ বিচারে আধুনিক আখ্যানতত্ত্ব অন্যতম একটি সমালোচনাপদ্ধতি হিসেবেও ব্যবহৃত হয়ে থাকে। গতানুগতিক প্রাকরণিক বিচারপদ্ধতির বাইরে শিক্ষার্থীদের আধুনিক আখ্যানতত্ত্বের সঙ্গে পরিচিত করা প্রয়োজন। পাঠ্যের বিষয়গত দিকের পাশাপাশি সাহিত্যপাঠের এই দীক্ষা শিক্ষার্থীদের পাঠ-বিশ্লেষণের প্রসারতা ঘটাবে। পাশ্চাত্যের পাশাপাশি ভারতীয় ঐতিহ্যের আখ্যান-ভাবনার সঙ্গেও শিক্ষার্থী পরিচিত হবে।

শিক্ষণপদ্ধতি : তাত্ত্বিক পাঠদানের সমান্তরালে প্রদত্ত পাঠ্যের আখ্যানতাত্ত্বিক বিশ্লেষণে প্রায়োগিক রীতি অনুসৃত হবে।
মূল্যায়ন : প্রথাগত লিখিত ও মৌখিক পরীক্ষার মধ্য দিয়ে শিক্ষার্থীর তাত্ত্বিক ও প্রায়োগিক অনুধাবনের মূল্যায়ন করা হবে।

ফলপরিণাম : শিক্ষার্থীদের হাতে সাহিত্যবিচারের একটি আধুনিক আয়ুধ তুলে দেওয়া সম্ভব হবে যা তাদের সাহিত্যবোধের বিকাশে সহায়ক হবে।

কোর্সের বিবরণ

একক ১

ব্যুৎপত্তি, ইতিহাস ও স্বাতন্ত্র্য—প্রাচ্য-পাশ্চাত্য পরিপ্রেক্ষিত: ‘পুরাণপ্রবেশ’, কথা আর আখ্যায়িকা: দণ্ডী-ভামহ তথা প্রমুখ সংস্কৃত অলংকারশাস্ত্রীদের প্রতর্ক, কথাসাহিত্য আর আখ্যানের মিল-অমিল (বাখতিনের বহুস্বর ও কার্নিভালেশ্কেসের ধারণাসহ), ভারতীয় ‘কথা’-ঐতিহ্য ও বাংলা আখ্যান (রূপকথা, উপকথা, ব্রতকথা, কিসসা, বৈঠকি গল্প ইত্যাদি)

ফর্মালিজম ও স্ট্রাকচারালিজমের পরিপ্রেক্ষিত ও আখ্যানতত্ত্ব, তোদোরভ থেকে গ্লোমিথ রিমন-কেনান (নির্বাচিত তাত্ত্বিকদের তত্ত্বের প্রাথমিক আলোচনা)

একক ২

পূর্ববর্তী পশ্চিমি আখ্যানভাবনার পরিগ্রহণ ও পাশ্চাত্য আখ্যানতত্ত্বের কতিপয় উদাহরণসহ পারিভাষিক পরিচয়:

বিবিধ সাহিত্যতত্ত্ব থেকে আখ্যানতত্ত্বের ক্রমিক পরিগ্রহণ: ইমপ্লায়েড অথর, ইমপ্লায়েড রিডার, প্লট ভাবনার পূর্বাপর (অ্যারিস্টটল, ই.এম. ফরস্টার, জোনাথন কালার, প্লটহীনতা ও পোস্টমডার্ন ভাবনা), পয়েন্ট অফ ভিউ ও ফোকালাইজেশন (চলচ্চিত্রের দৃষ্টান্তসহ), ন্যারেটর-ন্যারেটি-ন্যারেটিভ ও আখ্যান সঞ্চালনের বিবিধ মডেল (মৌখিক ও লিখিত সাহিত্যের কথন-সঞ্চালনের তুলনাত্মক আলোচনাসহ), আখ্যানের সময় ও পরিসর (বাখতিনের ক্রোনোটপ ধারণার আলোচনাসহ), চরিত্রায়ণ, ভাষাবুনন

একক ৩

আখ্যানতত্ত্বের সীমাবদ্ধতা: পাশ্চাত্য আখ্যানতত্ত্বের যান্ত্রিক কাঠামোর সমালোচনা, এককালিক মডেলের সমালোচনা, ন্যারেটিভ টার্ন কিংবা আখ্যানতত্ত্বের সর্বগ্রাস, ন্যারেটির নিষ্ক্রিয়তার সমালোচনা, বিকল্প আখ্যানতত্ত্বের প্রস্তাব-সম্ভাবনা

একক ৪

সাহিত্যবিচারে আখ্যানতত্ত্বের প্রয়োগ-সম্ভাবনা: ধ্রুপদি ও আধুনিক সাহিত্যে (চলচ্চিত্রসহ) আখ্যানতত্ত্বের প্রয়োগ-সম্ভাবনা, আধুনিক বাংলা সাহিত্যে ভারতীয় আখ্যানরীতির অনুবর্তন-নিরীক্ষা (নির্বাচিত রচনার বিশেষ পাঠসহ), প্রদত্ত পাঠ্যের আখ্যানতাত্ত্বিক বিশ্লেষণ

নির্বাচিত গ্রন্থ:

অঞ্জন সেন ও উদয়নারায়ণ সিংহ (সম্পাদিত), *উপন্যাসের সাহিত্যতত্ত্ব*

অনিন্দ্য ভট্টাচার্য, *কথনতত্ত্ব ও বাংলা উপন্যাস*

অমিতাভ দাস, *আখ্যানতত্ত্ব*

অলোক চক্রবর্তী, *আখ্যানের তত্ত্বভূবন*

অলোক রায় (সম্পাদিত), *সাহিত্যকোষ: কথাসাহিত্য*

গোপিকানাথ রায়চৌধুরী, *রবীন্দ্র-উপন্যাসের নির্মাণশিল্প*

তপোধীর ভট্টাচার্য, *বাখতিন: তত্ত্ব ও প্রয়োগ*

প্রদ্যুম্ন ভট্টাচার্য, *আখ্যান ও সমাজ: তারাক্ষর*

রমেশচন্দ্র মুখোপাধ্যায়, *ন্যারেটোলজি*

রণবীর লাহিড়ী, *আখ্যানতত্ত্বের আখ্যান*

রামকৃষ্ণ ভট্টাচার্য, *ন্যারেটোলজি: ছোটগল্প: ছোটদের গল্প*

সম্রাট দত্ত, *বিশ শতকের আখ্যানতত্ত্বের প্রেক্ষিতে বাংলা উপন্যাস*

Medvedev, Voloshinov (Ed. Pam Morris), *The Bakhtin Reader: Selected Writings of Bakhtin*

Ramkrishna Bhattacharya, *Aspects of Narratology*

কোর্স কোড : BNG508A

বাংলা সাহিত্য ও ইতিহাসবিদ্যা

উদ্দেশ্য : বাংলা সাহিত্যের সঙ্গে ইতিহাসবিদ্যার গভীর জ্ঞানতাত্ত্বিক সম্পর্ক প্রদর্শনই এই কোর্সের উদ্দেশ্য।

ফলপরিণাম : ইতিহাসবিদ্যার সঙ্গে বাংলাবিদ্যার সম্পর্ক সম্বন্ধে সুস্পষ্ট জ্ঞান লাভ করার ফলে পড়ুয়ারা উচ্চতর গবেষণা কার্যে সহজে যোগ দিতে পারবেন।

মূল্যায়ন: প্রচলিত মূল্যায়ন ব্যবস্থার পাশাপাশি আলোচনা সভায় গবেষণাপত্র পাঠ করতে হবে।

কোর্সের বিবরণ

একক ১

ঊনবিংশ শতাব্দীতে বাংলা ভাষার মাধ্যমে সাহিত্য বিষয়ক ভাবনার সূত্রে ইতিহাসচর্চা

ঈশ্বরচন্দ্র গুপ্ত, রাজনারায়ণ বসু, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রাজেন্দ্রলাল মিত্র

একক ২

রবীন্দ্রনাথের ইতিহাস ভাবনা ও ইতিহাসবিদদের ভাবনায় রবীন্দ্রনাথের ইতিহাস চিন্তা

একক ৩

সাহিত্যের উপাদানের সাহায্যে প্রাগাধুনিক বাঙালির ইতিহাস অনুসন্ধান: হরপ্রসাদ শাস্ত্রী, দীনেশচন্দ্র সেন,

সুনীতিকুমার চট্টোপাধ্যায়, সুকুমার সেন, নীহাররঞ্জন রায়, আহমদ শরীফ, আনিসুজ্জামান

একক ৪

নিম্নবর্গের ইতিহাসচর্চায় উপাদান হিসেবে বাংলা সাহিত্যের ব্যবহার: পদ্ধতিগত ভাবনা

সহায়ক গ্রন্থ ও প্রবন্ধ

কোর্স কোড : BNG508B

আন্তর্বিদ্যায়তনিক পরিপ্রেক্ষিত ও বাংলা সাহিত্যচর্চা

উদ্দেশ্য : বাংলা বিদ্যার সঙ্গে অন্যান্য বিদ্যাচর্চার সহযোগী পরিপূরক সম্পর্ক প্রদর্শনই এই কোর্সের উদ্দেশ্য।
ফলপরিণাম: অন্যান্য বিদ্যাচর্চার সঙ্গে মিলিয়ে বাংলা বিদ্যাচর্চার পাঠগ্রহণের ফলে পড়ুয়ার জ্ঞানের জগৎ বিস্তৃত হবে, কর্মক্ষেত্রে সুবিধে হবে।

মূল্যায়ন : প্রচলিত মূল্যায়ন ব্যবস্থার পাশাপাশি প্রকল্প-ভিত্তিক মূল্যায়নের ব্যবস্থা থাকবে।

একক ১ : বাংলা সাহিত্য ও মনোবিজ্ঞান

মনোবিজ্ঞানের আলোকে বাংলা সাহিত্য চর্চার প্রাথমিক প্রয়াস (গিরীন্দ্রশেখর বসু, রঙ্গীন হালদার)

মনোবিজ্ঞানের আলোকে সাহিত্য-সমালোচনা প্রসঙ্গে রবীন্দ্র-ভাবনা

গল্প(পাঠ ও প্রকল্প): মানিক বন্দ্যোপাধ্যায়, রাজশেখর বসু, জগদীশ গুপ্ত, সতীনাথ ভাদুড়ী, সুবোধ ঘোষ (প্রত্যেকের একটি করে গল্প পড়তে হবে ও গল্পটি নিয়ে একজন মনোবিদের সঙ্গে বিশ্লেষণাত্মক পর্যালোচনা করতে হবে।)

একক ২ : বাংলা সাহিত্য ও দর্শন

বৌদ্ধদর্শন ও বাংলা সাহিত্য

বৈষ্ণব দর্শন ও বাংলা সাহিত্য

গল্প (পাঠ ও প্রকল্প): রবীন্দ্রনাথ ঠাকুর, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়, বিমল কর (প্রত্যেকের একটি করে গল্প পড়তে হবে ও গল্পটি নিয়ে একজন দর্শনের অধ্যাপকের সঙ্গে বিশ্লেষণাত্মক পর্যালোচনা করতে হবে।)

একক ৩ : বাংলা সাহিত্য ও সমাজতত্ত্ব

বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথের সমাজদর্শন সমাজতত্ত্বের আলোকে

সুবোধ ঘোষ, বিনয় ঘোষ, নির্মলকুমার বসু, সুনীতিকুমার চট্টোপাধ্যায়, অন্নদাশঙ্কর রায় (একটি করে সমাজতত্ত্ব বিষয়ক প্রবন্ধ পাঠ করতে হবে।)

ভ্রমণ কাহিনির নির্বাচিত অংশ(পাঠ ও প্রকল্প): সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়, সৈয়দ মুজতবা আলী, উমাপ্রসাদ মুখোপাধ্যায়, বিভূতিভূষণ মুখোপাধ্যায়, প্রবোধকুমার সান্যাল, নবনীতা দেবসেন (ভ্রমণকাহিনির নির্বাচিত অংশ পাঠ করতে হবে ও সমাজতত্ত্বের অধ্যাপকের সঙ্গে পর্যালোচনা করতে হবে।)

একক-৪ : বাংলা সাহিত্য ও শিল্প সংস্কৃতি

শিল্পকলা ও ভাস্কর্যের আলোকে বাংলা সাহিত্য- প্রাগাধুনিক ও আধুনিক যুগ

বাংলার সংগীতের আলোকে বাংলা সাহিত্য – প্রাগাধুনিক ও আধুনিক যুগ

(পাঠ ও প্রকল্প): বৈষ্ণব পদাবলি, প্রাগাধুনিক অনুবাদ সাহিত্য, কবিগান, পুরাতনী গান, গণনাট্যের গানের নির্বাচিত পাঠ এবং শিল্প-সংগীত বিশেষজ্ঞের সঙ্গে তার বিশ্লেষণাত্মক আলোচনা

কোর্স কোড : BNG508C

বাংলা ভাষায় তুলনামূলক সাহিত্যচর্চা

উদ্দেশ্য : বাংলা সাহিত্যকে ভারতীয় ও বিশ্বসাহিত্যের বৃহত্তর পরিসরে অনুধাবন করার জন্য তুলনামূলক সাহিত্যচর্চার তাত্ত্বিক ভিত্তি, পদ্ধতিবিদ্যা ও বিশ্লেষণী কৌশলের সঙ্গে শিক্ষার্থীদের পরিচিত করানো এই কোর্সের প্রধান উদ্দেশ্য। বাংলা সাহিত্যকে একটি বহুমাত্রিক ও আন্তঃসাংস্কৃতিক অভিজ্ঞতা হিসেবে অনুধাবনের লক্ষ্যে বিভিন্ন ভাষা, সাহিত্য ও সংস্কৃতির মধ্যে পারস্পরিক আদান-প্রদান, প্রভাব, পরিগ্রহণের নানা দিক এই কোর্সে উঠে আসবে। বাংলা ভাষায় বিকশিত তুলনামূলক সাহিত্যচিন্তার ঐতিহ্যের সঙ্গে পরিচয় ঘটানো এবং তুলনামূলক পাঠপদ্ধতির প্রয়োগের মাধ্যমে শিক্ষার্থীদের সমালোচনামূলক, বিশ্লেষণধর্মী ও গবেষণামুখী দৃষ্টিভঙ্গির বিকাশ ঘটানো এই কোর্সের অন্যতম উদ্দেশ্য।

শিক্ষণ-পদ্ধতি : এই কোর্সে বক্তৃতাভিত্তিক পাঠদানের পাশাপাশি পাঠ্যবিশ্লেষণ, শিক্ষার্থীদের উপস্থাপনা, দলগত আলোচনা, তুলনামূলক পাঠ-অনুশীলন এবং প্রকল্পভিত্তিক সাহিত্য-পর্যালোচনার মাধ্যমে অনুসন্ধানমূলক শিক্ষণ-পদ্ধতি অনুসৃত হবে।

ফলপরিণাম : এই কোর্স শেষে শিক্ষার্থী তুলনামূলক সাহিত্যচর্চার মৌলিক তত্ত্ব, পদ্ধতি ও প্রধান ধারণাগুলি ব্যাখ্যা করতে সক্ষম হবে। শিক্ষার্থী বাংলা সাহিত্যকে ভারতীয় ও বিশ্বসাহিত্যের বৃহত্তর পরিসরে স্থাপন করে মূল্যায়ন করতে পারবে এবং বিভিন্ন ভাষা, সাহিত্য ও সংস্কৃতির মধ্যে বিদ্যমান আন্তঃসম্পর্ক, সাদৃশ্য ও বৈসাদৃশ্য শনাক্ত ও বিশ্লেষণ করার দক্ষতা অর্জন করবে, তাঁকে সাহিত্য ও সংস্কৃতির সমালোচনামূলক পাঠ এবং গবেষণামূলক অধ্যয়নে সাহায্য করবে।

মূল্যায়ন : সেমিস্টার-শেষের পরীক্ষা ছাড়াও ধারাবাহিক অভ্যন্তরীণ মূল্যায়নের ক্ষেত্রে নিবন্ধ-উপস্থাপনা, টার্ম পেপার, পুস্তক-পর্যালোচনা, তুলনামূলক পাঠ-প্রতিবেদন গুরুত্ব পাবে।

কোর্সের বিবরণ

একক ১ : তুলনামূলক সাহিত্যচর্চা : পদ্ধতি ও প্রণালি

- ক. উনিশ শতকে তুলনামূলক সাহিত্য পাঠের পদ্ধতি বিষয়ে বাঙালি চিন্তকদের কিছু ভাবনা: তুলনায় সমালোচন, সহযোগী সাহিত্য, জাতীয় সাহিত্য
- খ. বিশ্বসাহিত্য, তুলনামূলক সাহিত্য ও ভারতীয় তুলনামূলক সাহিত্য : পদ্ধতিবিদ্যা ও বিদ্যাশৃঙ্খলার উদ্ভব ও বিকাশ
- গ. তুলনামূলক সাহিত্যপাঠ ও বিচারের কয়েকটি সূচক ধারণার সঙ্গে পরিচয় : প্রভাব, গ্রহণ, সমান্তরালতা, ইন্টারটেক্সচুয়ালিটি

একক ২ : বাংলা ভাষায় তুলনামূলক সাহিত্যচিন্তা (২টি বর্গ থেকে অন্তত ২টি করে মোট ৫-টি প্রবন্ধ)

ক. শকুন্তলা, মিরন্দা ও দেস্দিমোনা (বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়), বিদ্যাপতি ও জয়দেব (বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়), বিশ্বসাহিত্য (রবীন্দ্রনাথ ঠাকুর), শকুন্তলা (রবীন্দ্রনাথ ঠাকুর), প্রেম : প্রাচ্য ও পাশ্চাত্য (বলেন্দ্রনাথ ঠাকুর), মোপাসাঁ-চেখফ-রবীন্দ্রনাথ (সৈয়দ মুজতবা আলী)

খ. এক বিশ্ববিদ্যালয় (বুদ্ধদেব বসু), শিল্পবোধে গান্ধি, তলস্তয় ও রবীন্দ্রনাথ (শশিভূষণ দাশগুপ্ত); প্রেমিক ওগো সাধক ওগো (শিশিরকুমার দাশ), তিন চণ্ডালী (শঙ্খ ঘোষ), নায়িকা সংবাদ : প্রাচী ও প্রতীচী (নবনীতা দেবসেন), তুলনামূলক সাহিত্য (অমিয় দেব), ক্যুন্স্টলারোমান-এর দেশ বিদেশ (রামকৃষ্ণ ভট্টাচার্য)

একক ৩ : তুলনামূলক পাঠপদ্ধতির প্রয়োগ ১ (যে-কোনো ১ টি বর্গ)

অ. চা-কুলি কাহিনী (রামকুমার বিদ্যারত্ন) এবং দুটি পাতা একটি কুঁড়ি (মূলক রাজ আনন্দ)/ পদ্মানদীর মাঝি (মানিক বন্দ্যোপাধ্যায়) এবং চিংড়ি (শিবশঙ্কর পিল্লাই), মুক্তমাছ (সন্তোষ রানা)/ মাদার (ম্যাক্সিম গোর্কি) এবং গোরা (রবীন্দ্রনাথ ঠাকুর), জাগরী (সতীনাথ ভাদুড়ী), হাজার চুরাশির মা (মহাশ্বেতা দেবী) আ. গুপ্তধন (রবীন্দ্রনাথ ঠাকুর) এবং দি গোল্ড বাগ (এডগার এলান পো), অভাগীর স্বর্গ (শরৎচন্দ্র চট্টোপাধ্যায়) এবং কফন (প্রেমচন্দ)

ই. মনসার আখ্যানসূত্র থেকে তৈরি বিভিন্ন নাটক

একক ৪ : তুলনামূলক পাঠপদ্ধতির প্রয়োগ ২ (যে-কোনো ১ টি বর্গ)

অ. শিশুতীর্থ (রবীন্দ্রনাথ ঠাকুর) ও জার্নি অফ দি মেজাই-এর তিনটি অনুবাদের তুলনামূলক আলোচনা; ভানুসিংহ ঠাকুরের পদাবলী (রবীন্দ্রনাথ ঠাকুর) এবং শ্রীরাধা (রমাকান্ত রথ) আ. ব্রেস্ট-এর নাট্যনন্দন এবং বাদল সরকার ও হাবিব তনবীরের নাট্যতত্ত্ব ই. আধুনিক কাব্য (রবীন্দ্রনাথ ঠাকুর), ট্র্যাডিশন অ্যান্ড দি ইন্ডিভিজুয়াল ট্যালেন্ট (টি এস এলিয়ট), কাব্যের মুক্তি (সুধীন্দ্রনাথ দত্ত)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অমিয় দেব, প্রবন্ধ সংগ্রহ

গনেশ দেবী, অনেক নায়কের ইতিহাস

নবনীতা দেবসেন, চন্দ্র-মল্লিকা ও প্রাসঙ্গিক প্রবন্ধ

বিপ্লব চক্রবর্তী, ভারতীয় সাহিত্যের তুলনামূলক ইতিহাস

বিপ্লব চক্রবর্তী (সম্পা.), তুলনামূলক ভারতীয় সাহিত্য, সমালোচনা তত্ত্ব নির্মাণ ও সৃষ্টি

মননকুমার মণ্ডল, ভারতীয় সাহিত্য প্রসঙ্গে, ১-৩ খণ্ড

শিশিরকুমার দাস, ভারতসাহিত্য কথা

শিশীরকুমার দাশ, প্রবন্ধ সংগ্রহ

সুমন সাজ্জাদ, তুলনামূলক সাহিত্য : মৃত্যুর মিথ বনাম বাস্তবতা

Ben Hutchinson, *Comparative Literature: A Very Short Introduction*

Gayatri Chakravorty Spivak, *Death of a Discipline*

Sisir Kumar Das, *History of Indian Literature*, Vol I-III

কোর্স কোড : BNG508D

বাঙালির ভাষাচিন্তা ও চর্চা

উদ্দেশ্য: বাংলাভাষা বিকাশের ক্ষেত্রে মননশীলতার ইতিহাস সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করা। ঔপনিবেশিক কাঠামোর মধ্যেও রামমোহন, বিদ্যাসাগর বা রবীন্দ্রনাথ কীভাবে বাংলা ভাষার নিজস্ব রূপটি আবিষ্কার করলেন, তা বিশ্লেষণ করা এবং সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও শহীদুল্লাহের কাজের মাধ্যমে শিক্ষার্থীদের আধুনিক ও বৈজ্ঞানিক ভাষাতত্ত্বের গবেষণা পদ্ধতিতে দীক্ষিত করা

শিক্ষণপদ্ধতি: একপাক্ষিক বক্তৃতাকেন্দ্রিক পদ্ধতির সঙ্গে সঙ্গে উভয়মুখি আলাপচারিতা ও প্রশ্ন-উত্তরের মাধ্যমে শিক্ষাদান করা হবে।

৪। মূল্যায়ন: লিখিত ও মৌখিক পরিক্ষা পদ্ধতির পাশাপাশি কর্মশাল, সেমিনার উপস্থাপনা ও অভ্যন্তরীণ মূল্যায়নের ব্যবস্থা গ্রহীত হবে।

৫। ফলপরিণাম: বাঙালির ভাষাচিন্তা সম্বন্ধে পাঠের মাধ্যমে শিক্ষার্থী বাংলা ভাষা চর্চার সুদীর্ঘ ইতিহাস সম্বন্ধে তথ্য ও জ্ঞান লাভ করবে।

কোর্সের বিবরণ

একক ১

প্রাক-ঔপনিবেশিক সময়ের ভাষাচিন্তা, ঔপনিবেশিক সূচনা পর্বে বাংলা ভাষাচিন্তা: মনোয়েল দ্য আসুস্পসাও, ন্যাথানিয়েল ব্র্যাসি হ্যালহেড, উইলিয়াম কেরি, উইলিয়াম জোনস্

একক ২

উনিশ শতক ও বাঙালির ভাষাচিন্তার বিকাশ: রামমোহন রায়, বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, শ্যামাচরণ গঙ্গোপাধ্যায়, হরপ্রসাদ শাস্ত্রী

একক ৩

বিংশ শতক ও বাঙালির আধুনিক ভাষাতাত্ত্বিক চর্চা: রবীন্দ্রনাথ ঠাকুর, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, প্রমথ চৌধুরী, সুনীতিকুমার চট্টোপাধ্যায়, সুকুমার সেন, মুহম্মদ শহীদুল্লাহ

একক ৪

সমকাল ও বাঙালির ভাষাচর্চা: সমাজভাষাচর্চা, অস্বয়তত্ত্বচর্চা, পরিভাষাচর্চা, অভিধানচর্চা, বানানচর্চা

নির্বাচিত গ্রন্থপঞ্জি

পবিত্র সরকার, *ভাষামনন: বাঙালি মনীষা*

রাজীব হুমায়ূন, *সমাজভাষাবিজ্ঞান*

রত্না ঘোষ, *বাংলা পরিভাষার দু'শ বছর*

রবীন্দ্রনাথ ঠাকুর, শব্দতত্ত্ব

সন্দীপ বন্দ্যোপাধ্যায়, বাঙালির ভাষাচিন্তা

সরস্বতী মিশ্র, বাংলা অভিধানের ক্রমবিকাশ

সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ভাষাপ্রকাশ বাংলা ব্যাকরণ

হুমায়ুন আজাদ (সম্পাদিত), বাংলা ভাষা

Suniti Kumar Chatterj, The Origin and Development of the Bengali Language

কোর্স কোড : BNG508E

বৈষয়বতা : ইতিহাস ও সাহিত্য

উদ্দেশ্য

১। বৈষ্ণব শাস্ত্র ও সাহিত্যের নিবিড় পাঠকেন্দ্রিক সমালোচনা ও ইতিহাসচর্চার মাধ্যমে ছাত্র ছাত্রীদের বিষয়কেন্দ্রিক দক্ষতা প্রদান এই কোর্সের প্রধান লক্ষ্য।

২। বঙ্গীয় বৈষ্ণবতার ইতিহাস বিষয়ে পড়ুয়াদের সচেতন করে তোলা।

শিক্ষণপদ্ধতি : একমুখী বক্তৃতা প্রদানের পাশাপাশি উভমুখী প্রশ্নোত্তর ও আলাপ আলোচনার মাধ্যমে পড়ুয়াদের মধ্যে অনুসন্ধিৎসা জাগিয়ে তোলা হবে।

মূল্যায়ন : লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়মিত মূল্যায়ন করা হবে।

প্রত্যাশিত ফলাফল : বৈষ্ণব শাস্ত্র ও সাহিত্যের নিবিড় পাঠের ফলে উপনিবেশ-পূর্ব ভারতীয় জ্ঞানপদ্ধতির অংশ হিসেবে সাহিত্যবোধ সঞ্চারিত হবে।

কোর্সের বিবরণ

একক ১

বৈষ্ণবতা ও বৈষ্ণব ধর্মান্দোলন : প্রাক্ নবদ্বীপ ও নবদ্বীপ, বৃন্দাবন, উৎকল

উনিশ শতকে বৈষ্ণব পুনরুত্থান ও বৈষ্ণব সাহিত্যের চর্চা

একক ২

ভক্তিরত্নাকর (নির্বাচিত)/ ভক্তিরসামৃতসিঙ্ধু (নির্বাচিত)

একক ৩

পদরত্নাবলী (অন্তত ১০ টি পদ)

একক ৪

সহজিয়া ও অন্যান্য বৈষ্ণব সম্প্রদায়

নির্বাচিত গ্রন্থপঞ্জি

ক্ষুদিরাম দাস, বৈষ্ণব রসপ্রকাশ

বিষ্ণুপদ ভট্টাচার্য, ভারতীয় ভক্তিসাহিত্য
রমাকান্ত চক্রবর্তী, বঙ্গে বৈষ্ণবধর্ম
রাধাগোবিন্দ নাথ, গৌড়ীয় বৈষ্ণবদর্শন
শঙ্করীপ্রসাদ বসু, মধ্যযুগের কবি ও কাব্য
বাঙালির ধর্ম, সমাজ ও সংস্কৃতি
চৈতন্যপ্রসঙ্গ - বঙ্গীয় সাহিত্য পরিষৎ

Ramakanta Chakraborty, *Vaisnavism in Bengal*

Sushil kumar De, *Early History of The Vaisnava Faith and Movement in Bengal*

কোর্স কোড : BNG508G

ইসলামি বাংলা সাহিত্য

উদ্দেশ্য: মূলত নবম-দশম শতক থেকে আরবীয় মুসলমান বণিক সম্প্রদায় সমুদ্র পথে বর্তমান বাংলাদেশের চট্টগ্রাম অঞ্চলে যাতায়াত আরম্ভ করেন। সেই সূত্রে ক্রমশ সূফী -পীর-ফকির-দরবেশ সম্প্রদায়ের প্রভাবে বঙ্গদেশে ইসলাম ধর্ম ও সংস্কৃতি বিস্তার লাভ করে। ত্রয়োদশ শতক থেকে তুর্কি আগমন ও ইসলামী শাসনতন্ত্র সুদীর্ঘকাল বঙ্গদেশে স্থায়ী রূপ পরিগ্রহ করে। ফলস্বরূপ ইসলাম ধর্ম - দর্শন - সংস্কৃতি ও জীবন যাপন বঙ্গদেশে বিশেষত পূর্ব ও উত্তর বঙ্গে সর্বত্রগামী হয়ে ওঠে। বস্তুত তার ফলশ্রুতি বাংলা ইসলামী সাহিত্য।

শিক্ষণপদ্ধতি: ইসলামী সংস্কৃতি ও সাহিত্যের দীর্ঘ সাধনা ও পদচারণা আমাদের পর্যালোচনার অন্তর্ভুক্ত হবে। যার ফলে বাংলা ও বাঙালির বহুমাত্রিক সংস্কৃতি ও শিল্পচর্চার সুবৃহৎ অখণ্ড রূপ ছাত্র ছাত্রীদের কাছে উদ্ভাসিত হতে পারে। যার তাৎপর্য সুদূরপ্রসারী। ইসলামী সাহিত্য, পুথি, দোভাষী পুথি

কোর্সের বিবরণ

একক ১

বঙ্গদেশে ইসলামি সংস্কৃতি ও সুফি দর্শন: বাণিজ্যিক, রাজনৈতিক, ধর্মনৈতিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট বিশ্লেষণ

একক ২

বাহরাম খাঁ রচিত 'ইমাম বিজয়'/ সৈয়দ সুলতান রচিত 'নবীবংশ'

একক ৩

সৈয়দ আলাওল রচিত 'পদ্মাবতী'/ বাহরাম খাঁ রচিত 'লাইলী-মজনু'

একক ৪

মুসলমান কবিকৃত 'বৈষ্ণব পদাবলি'/ পিরসাহিত্য: আবদুর রহীম ও কবি হালুমী রচিত 'গায়ী কালু ও চম্পাবতী উপাখ্যান'

নির্বাচিত গ্রন্থপঞ্জি

আব্দুল করিম, *বাংলায় মুসলিম শাসনের ইতিহাস*

আহমদ শরীফ, *বাঙলার সূফী সাহিত্য*
এনামুল হক, *বঙ্গে সূফী ধর্ম*
এনামুল হক, *বাংলা ইসলামী সাহিত্য*
ক্ষিতিমোহন সেন, *ভারতে হিন্দু-মুসলমানের যুক্ত সাধনা*
দীনেশচন্দ্র সেন, *প্রাচীন বাংলা সাহিত্যে মুসলমান কবিদের অবদান*
রমেশচন্দ্র মজুমদার, *বাংলাদেশের ইতিহাস*
সুকুমার সেন, *ইসলামী বাংলা সাহিত্য*
সুখময় মুখোপাধ্যায়, *বাংলার ইতিহাসের দুশো বছর: স্বাধীন সুলতানদের আমল*
সুখময় মুখোপাধ্যায়, *বাংলার ইতিহাস: সুলতানী আমল*

কোর্স কোড : BNG508G

প্রকৃতি, পরিবেশচিন্তা ও বাংলা সাহিত্য

উদ্দেশ্য : এই কোর্স পড়ার প্রাথমিক উদ্দেশ্য হল সাহিত্যিক দৃষ্টিতে মানুষ ও প্রকৃতির পারস্পরিক সম্পর্ক বোঝা এবং পরিবেশ-সচেতনতা গড়ে তোলা। এর মাধ্যমে বন, মাটি, নদী, জীববৈচিত্র্য, পরিবেশ ধ্বংস, ও বিশ্ব উষ্ণায়নের প্রভাব সম্পর্কে গভীর উপলব্ধি তৈরি হবে। বাংলা সাহিত্যে প্রকৃতির উপস্থাপন, পরিবেশ সংকট, মানবিক দায়বদ্ধতা ও অস্তিত্ব রক্ষার ভাবনা বিশ্লেষণ করে শিক্ষার্থী সমালোচনামূলক চিন্তা, নৈতিক বোধ ও সামাজিক দায়িত্ব সম্পর্কে সচেতন হতে পারে।

পাঠদানের পদ্ধতি : এর পাঠ দানের পদ্ধতি হবে আন্তঃবিষয়ক, বিশ্লেষণভিত্তিক ও অংশগ্রহণমূলক। সাহিত্যপাঠের সঙ্গে পরিবেশতত্ত্ব, ইতিহাস ও সমাজচিন্তার সংযোগ ঘটিয়ে টেক্সট বিশ্লেষণ, তুলনামূলকপাঠ, আলোচনা, ক্ষেত্রসমীক্ষা ও গবেষণামূলক কার্যক্রম অন্তর্ভুক্ত করা যেতে পারে। এতে শিক্ষার্থী র পরিবেশ-সচেতনতা, সমালোচনামূলক চিন্তা, মানবিক দায়বদ্ধতা ও সাহিত্যবোধ সমৃদ্ধ হবে।

ধারাবাহিক মূল্যায়ন : এই কোর্সের সাহিত্য পড়ার ধারাবাহিক মূল্যায়ন হবে বহুমাত্রিক ও বিশ্লেষণভিত্তিক। পাঠ অনুধাবন, শ্রেণি আলোচনায় অংশগ্রহণ, টেক্সট বিশ্লেষণ, সেমিনার উপস্থাপন এবং গবেষণামূলক অ্যাসাইনমেন্টের মাধ্যমে শিক্ষার্থীর পরিবেশ-সচেতনতা, সমালোচনামূলক চিন্তা ও সামাজিক দায়িত্ববোধ মূল্যায়ন করা উচিত। এতে গভীর পাঠ ও স্বাধীন বিশ্লেষণ শক্তির বিকাশ সমৃদ্ধি পাবে।

ফলপরিণাম : কোর্সটি পাঠের ফলপরিণাম হবে প্রকৃতি ও মানুষের আন্তঃসম্পর্ক বিষয়ে গভীর উপলব্ধি অর্জন। প্রকৃতি-পরিবেশ যত্ন করে রাখার শিক্ষা যেমন পাবে তেমনি একইসঙ্গে সাহিত্য বিশ্লেষণ, সমালোচনামূলক চিন্তা ও সামাজিক সচেতনতার বিকাশ ঘটবে, যা দায়িত্বশীলনাগরিকত্ব গঠনে সহায়ক হবে।

কোর্সের বিবরণ

একক ১ : প্রকৃতি ও পরিবেশ সংক্রান্ত বিদ্যাচর্চার প্রাথমিক পরিচয়

প্রকৃতি ও পরিবেশ সম্পর্কে সামগ্রিক ধারণা; মানুষ ও প্রকৃতির পারস্পরিক সম্পর্ক; পরিবেশ সংকট, পরিবেশ ও মানবিক মূল্যবোধ

পরিবেশ বিষয়ক সাহিত্য ও সাহিত্য-সমালোচনার উন্মেষ ও বিকাশ : ভারতীয় প্রেক্ষাপট; ইকোক্রিটিকসিজম ও তার কয়েকটি সূচক ধারণা : ইকোসেন্সিটিভিজম, অ্যানথ্রোপোসিন, ক্যাপিটালোসিন, ডিপ ইকোলজি, এনভায়রনমেন্টাল রেসিডু, নেচার রাইটিং, ইকোপোয়েটিক্স, ইকোফেমিনিজম

একক ২ : উপন্যাস

কিন্নর রায়, প্রকৃতি পাঠ; সাধন চট্টোপাধ্যায়, জলতিমির; অনিতা অগ্নিহোত্রী, মহানদী; অমর মিত্র, নিসর্গের শোকগাথা (যে-কোনো ১টি)

একক ৩ গল্পপাঠ

রবীন্দ্রনাথ, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, সৈয়দ মুস্তফা সিরাজ, শ্যামল গঙ্গোপাধ্যায়, সাধন চট্টোপাধ্যায়, স্বপ্নময় চক্রবর্তী, ঝাড়েশ্বর চট্টোপাধ্যায়, সুকান্তি দত্ত, শচীন দাশ, নলিনী বেরা, নীলাঞ্জন চট্টোপাধ্যায় (নির্বাচিত ৬ জন লেখকের ৬টি গল্প)

একক ৪ : বাঙালি চিন্তাবিদদের ভাবনায় প্রকৃতি ও পরিবেশ

রবীন্দ্রনাথ ঠাকুর, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, জীবনানন্দ দাশ, কপিল ভট্টাচার্য, কল্যাণ রুদ্র, জয়া মিত্র, মোহিত রায়, অমিতাভ ঘোষ, দীপেশ চক্রবর্তী, পরিমল ভট্টাচার্য

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অরুণাভ মিশ্র, *রাচেল কারসন ও আজকের পৃথিবী*

শুভেন্দু গুপ্ত, *প্রাচীন ভারতে পরিবেশ চিন্তা*

দিলীপকুমার বসু, *সঙ্কটের হাতছানি*

দীপেশ চক্রবর্তী, *জলবায়ু পরিবর্তন ও বর্তমান অতিমারি*

দীপেশ চক্রবর্তী, *সাম্প্রতিক ইতিহাসভাবনা : আমার ইতিহাসের আলপথ ধরে*

পরিমল ভট্টাচার্য, *ডোডোপাখিদের গান*

পার্থ চক্রবর্তী, *প্রকৃতি পরিবেশ নিসর্গনীতি : রাজনৈতিক ও দার্শনিক অনুসন্ধান*

প্রদীপ দত্ত, *মৃত্যুভূমি ফুকুশিমা*

মোহিত রায়, *পরিবেশ চর্চা : ইতিহাস ও বিবর্তন*

ড. সন্তোষ কুমার পাল, *সমকালীন পরিবেশ-নীতিশাস্ত্রের রূপরেখা*

সুশান্ত মণ্ডল (সম্পাদিত), *ইকোক্রিটিকসিজম ও বাংলা সাহিত্য*

সুশান্ত মণ্ডল (সম্পাদিত), *পরিবেশ প্রকৃতি সমাজ*

Amitav Ghosh, *The Great Derangement: Climate Change and the Unthinkable*

Amitav Ghosh, *The Nutmeg's Curse*

Georgia Athens, *The Ecocriticism Reader: Landmarks in Literary Ecology*

Ramachandra Guha, *Environmentalism: A Global History*

কোর্স কোড : BNG509A

বাংলা সাহিত্য : রূপান্তর ও পুনর্লিখন

উদ্দেশ্য : সাহিত্য কখনও একক বা স্থির সত্তা নয়; বরং বিভিন্ন সময়, মাধ্যম ও মতাদর্শে তা ক্রমাগত পুনর্নির্মিত ও পুনর্লিখিত হয়। উপন্যাস থেকে চলচ্চিত্র, পুরাণ থেকে আধুনিক উপন্যাস, লোককথা থেকে ডিজিটাল আখ্যান—এই রূপান্তর প্রক্রিয়ার তাত্ত্বিক, ঐতিহাসিক ও সৃজনধর্মী দিকগুলি এই কোর্সে আলোচিত হবে। শিক্ষার্থীরা অভিযোজন বিশ্লেষণ, পুনর্লিখন, স্ক্রিপ্ট-নির্মাণ এবং গবেষণাভিত্তিক প্রকল্প প্রণয়নের দক্ষতা অর্জন করবে।

ফলপরিণাম : এই কোর্স শেষে শিক্ষার্থী বাংলা সাহিত্যে রূপান্তর ও পুনর্লিখনের নানা তত্ত্ব ও পদ্ধতির সঙ্গে সম্যকভাবে পরিচিত হবে; সাহিত্য ও অন্যান্য মাধ্যমের আন্তঃসম্পর্ক সমালোচনামূলকভাবে বিশ্লেষণ করতে পারবে; পুনর্লিখনের নন্দনতাত্ত্বিক ও সাংস্কৃতিক তাৎপর্য মূল্যায়ন করতে পারবে; প্রাগাধুনিক টেক্সটের আধুনিক রূপান্তরসহ গল্প, উপন্যাস, পুরাণ ও লোককাহিনির নাট্যরূপ, চিত্রনাট্য, এবং অন্যান্য সৃজনধর্মী রূপান্তর নির্মাণের প্রাথমিক দক্ষতা অর্জন করবে।

শিক্ষণ-পদ্ধতি : এই কোর্সের শিক্ষণ-পদ্ধতি মূলত কর্মশালাভিত্তিক (Workshop-based) ও প্রকল্পভিত্তিক (Project-based)। বক্তৃতাভিত্তিক পাঠদানের পাশাপাশি নিবিড় পাঠ, নির্বাচিত পুনর্নির্মিত রচনার তুলনামূলক বিশ্লেষণ, চলচ্চিত্র ও নাট্যপাঠ, দলগত কর্মশালা, স্ক্রিপ্ট ও পুনর্লিখন অনুশীলন, সৃজনমূলক প্রকল্প, সহপাঠী-পর্যালোচনা (Peer Review) এবং ডিজিটাল কনটেন্ট নির্মাণের মাধ্যমে পাঠদান পরিচালিত হবে।

মূল্যায়ন : বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বিধি অনুযায়ী ধারাবাহিক অভ্যন্তরীণ মূল্যায়ন এবং সেমেস্টার-শেষ লিখিত পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে। গল্প, উপন্যাস বা পুরাণের পুনর্লিখন, নাট্যরূপ, চিত্রনাট্য, গ্রাফিক আখ্যান বা অন্যান্য সৃজনধর্মী রূপান্তরভিত্তিক প্রকল্পের গুণমান, মৌলিকতা, সমালোচনামূলক বিশ্লেষণ এবং উপস্থাপনাকেও মূল্যায়নের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচনা করা হবে।

কোর্সের বিবরণ

একক ১ : রূপান্তর ও পুনর্লিখন : তত্ত্ব ও পদ্ধতি

রূপান্তর (Transformation and Adaptation) ও পুনর্লিখন (Rewriting): ধারণা ও পার্থক্য; ইন্টারটেক্সচুয়ালিটি (Intertextuality) ও হাইপারটেক্সচুয়ালিটি (Hypertextuality); সাহিত্য ও মাধ্যমান্তর; মৌখিক আখ্যান থেকে লিখিত সাহিত্য

একক ২ : বাংলা সাহিত্যে রূপান্তর : নির্বাচিত পাঠ

বাঙালি সংস্কৃতিতে সাহিত্য, নাট্য ও দৃশ্য-মাধ্যমে রূপান্তরের ভূমিকা; গল্প, উপন্যাস ও নাটকের রূপান্তর; গল্প-উপন্যাস থেকে নাটক, চলচ্চিত্র, বেতারনাটক ও ডিজিটাল মাধ্যমে রূপান্তর; শিশু সাহিত্য, কমিকস ও গ্রাফিক; সাহিত্যিক চরিত্রের পুনর্নির্মাণ; পুরাণ, মহাকাব্য ও লোককাহিনির আধুনিক পুনর্লিখন।

একক ৩ : রূপান্তর ও পুনর্লিখনের ব্যবহারিক প্রশিক্ষণ

পুরাণ ও মহাকাব্যের আখ্যানের সংক্ষিপ্ত পুনর্লিখন; প্রাগাধুনিক ও উনিশ শতকের বাংলা রচনার আধুনিক রূপান্তর; গল্প বা উপন্যাসের নাট্যরূপ প্রস্তুতি; গল্প বা উপন্যাসের চিত্রনাট্যের খসড়া নির্মাণ; কমিকস, গ্রাফিক আখ্যান ও ডিজিটাল কনটেন্টের জন্য সাহিত্যিক উপাদানের রূপান্তর; সম্পাদনা ও পুনর্সম্পাদনার অনুশীলন।

একক ৪ : সৃজনমূলক প্রকল্প

নির্বাচিত সাহিত্যকর্মের পুনর্লিখন, নাট্যরূপ, চিত্রনাট্য, গ্রাফিক নির্মাণ, শিশু-কিশোর সংস্করণ অথবা অন্য কোনো সৃজনধর্মী রূপান্তর প্রস্তুতকরণ এবং প্রকল্প-প্রতিবেদন রচনা।

কোর্স কোড : BNG509B

সাহিত্য ও সংস্কৃতি : পরিগ্রহণ, মূল্যায়ন ও সমালোচনা

উদ্দেশ্য : এই কোর্সের উদ্দেশ্য সাহিত্য ও সংস্কৃতির পরিগ্রহণ, মূল্যায়নসহ সমালোচনার তাত্ত্বিক ও ব্যবহারিক ভিত্তির সঙ্গে শিক্ষার্থীদের পরিচিত করানো এবং পাঠক, দর্শক, রুচি, বাজার ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের পারস্পরিক সম্পর্ক অনুধাবনে সচেষ্ট করে তোলা। সাহিত্য, নাটক, চলচ্চিত্র, চিত্রকলা ও সংগীতের সমালোচনার বিভিন্ন পদ্ধতি সম্পর্কে ধারণা প্রদান, সমালোচনামূলক মূল্যায়নের ব্যবহারিক দক্ষতা অর্জন এবং পরিগ্রহণ-সমীক্ষাভিত্তিক গবেষণা ও প্রকল্প-প্রণয়নের মাধ্যমে শিক্ষার্থীদের বিশ্লেষণাত্মক, গবেষণামুখী ও পেশাগত সক্ষমতা বিকাশ করাই এই কোর্সের প্রধান লক্ষ্য।

ফলপরিণাম : এই কোর্স সম্পন্ন করার পর শিক্ষার্থীরা সাহিত্য ও সংস্কৃতির পরিগ্রহণ-তত্ত্ব, পাঠক-প্রতিক্রিয়া এবং শিল্প-সাহিত্যের মূল্যায়নের বিভিন্ন পদ্ধতি ব্যাখ্যা করতে সক্ষম হবে; সাহিত্য, নাটক, চলচ্চিত্র, চিত্রকলা ও সংগীতের নন্দনতাত্ত্বিক, সামাজিক ও সাংস্কৃতিক তাৎপর্য সমালোচনামূলকভাবে বিশ্লেষণ ও মূল্যায়ন করতে পারবে; প্রাক্‌প্রচার, পর্যালোচনা, সমালোচনামূলক নিবন্ধ এবং পরিগ্রহণ-সমীক্ষা রচনার দক্ষতা অর্জন করবে; এবং সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণা, সম্পাদনা, সাংস্কৃতিক সাংবাদিকতা, প্রকাশনা ও গণমাধ্যমে প্রয়োগযোগ্য সমালোচনামূলক ও পেশাগত দক্ষতা বিকাশ করবে।

শিক্ষণ-পদ্ধতি : এই কোর্সের শিক্ষণ-পদ্ধতি মূলত আন্তর্বিদ্যায়তনিক, অংশগ্রহণমূলক ও প্রশিক্ষণভিত্তিক। বহুতাত্ত্বিক পাঠদানের পাশাপাশি নিবিড় পাঠ, নির্বাচিত সমালোচনা ও পর্যালোচনার আলোচনা, সেমিনার উপস্থাপনা, দলগত আলোচনা, সাহিত্য, নাটক, চলচ্চিত্র, চিত্রকলা ও সংগীতের মূল্যায়নমূলক অনুশীলন, অডিও-ভিজুয়াল উপকরণের ব্যবহার, পরিগ্রহণ-সমীক্ষা এবং প্রকল্পভিত্তিক শিক্ষণের মাধ্যমে পাঠদান পরিচালিত হবে। সমালোচনামূলক চিন্তা, যুক্তিনির্ভর মূল্যায়ন এবং গবেষণামুখী লেখন-দক্ষতার বিকাশের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে।

মূল্যায়ন : বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বিধি অনুযায়ী ধারাবাহিক অভ্যন্তরীণ মূল্যায়ন এবং সেমিস্টার-শেষ লিখিত পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে। ব্যবহারিক সমালোচনা, পর্যালোচনামূলক রচনা এবং প্রকল্পভিত্তিক কাজের মান মূল্যায়নের ক্ষেত্রেও বিশেষ গুরুত্ব প্রদান করা হবে।

কোর্সের বিবরণ

একক ১ : পরিগ্রহণ-তত্ত্ব: পাঠক, দর্শক ও রুচির নির্মাণ

পরিগ্রহণ (Reception) ধারণা

পাঠক-প্রতিক্রিয়া তত্ত্ব

রুচির সামাজিক নির্মাণ : পাঠক, বাজার, পুরস্কার ও প্রতিষ্ঠান

জনপ্রিয় সাহিত্য ও জনপ্রিয় সংস্কৃতি

আভাঁ-গার্দ শিল্পের ধারণা : বাংলা সাহিত্য ও সংস্কৃতিতে আভাঁ-গার্দ ও জনপ্রিয়তার সংঘাত

একক ২ : শিল্প ও সাহিত্যের মূল্যায়ন ও সমালোচনার পদ্ধতি

শিল্প ও সাহিত্যের প্রাকপ্রচার (Preview), পর্যালোচনা (Review), প্রচারমূলক আলোচনা (Promotion)

ও সমালোচনামূলক নিবন্ধ (Review Article) সম্পর্কে ধারণা

সাহিত্য, নাটক, চলচ্চিত্র, চিত্রকলা ও সংগীতের মূল্যায়নের মৌলিক নীতি ও সমালোচনার পদ্ধতি

একক ৩ : প্রশিক্ষণ-মূলক পাঠ

সাহিত্য, নাট্য, চিত্র, সংগীত, চলচ্চিত্র-সমালোচনার হাতে-কলমে প্রশিক্ষণের সূত্রে নির্বাচিত বাংলা সাহিত্য,

নাট্য, চিত্র, সংগীত, চলচ্চিত্র-সমালোচনার পাঠ (বঙ্গদর্শন, সাহিত্য, প্রবাসী, পরিচয়, সুন্দরম, বহুরূপী, এক্ষণ,

অনুষ্ঠাপ, দেশ [নব্বই পূর্ববর্তী] পত্রিকা-র শিল্প-সাহিত্যের সমালোচনার নমুনা পাঠ)

একক ৪ : প্রকল্পপত্র রচনা

একটি সাহিত্যগ্রন্থ, নাট্য-প্রযোজনা, চলচ্চিত্র, শিল্প-প্রদর্শনী, সংগীতানুষ্ঠান অথবা সাংস্কৃতিক ঘটনার

সমালোচনামূলক মূল্যায়ন ও পরিগ্রহণ-সমীক্ষা সংক্রান্ত প্রকল্প।

সেমেস্টার ৪

কোর্স কোড : BNG5010

গবেষণা প্রকরণ ও গবেষণা সন্দর্ভ রচনা